Prakrita Tattwa

Described
by
Sremath Ananda Swamee

Translated into English Language
by
Bimol Chandra Paul
BA. B.Ed

SARBBA DHARMA MISSION
Bholachang, Nabinagar, Brahmanbaria
Bangladesh.

A Message For The Mankind

An unrest has been created by distrust, intolerance and malice towards each other among the followers of different faiths lowing to the inconsistency of trust, rules and rites and way of practice of different faiths in the realm of religion all over the world. Sree Ananda, the great incarnation of co-ordination and unity appeared at Kalikachcha in Sarail upazilla under the district of Brahmanbaria, Bangladesh. Sree Ananda is the founder of "Sarba Dharma". Prakrita Tattwa is the main sacred book of this faith. The fifty five fundamental truths of this holy book tell us about action, knowledge, devotion and salvation of human being. The essence and the universal ways and means of prayer and devotion of this faith have been described here. All other faiths have close contact with it and remaining latent within this faith they will accomplish the devotion for the spiritual freedom of all the human beings of the world. The philosophy of Sree Ananda mainly aims at :

* Eradicating the racial discrimination and disunion of sectarian based on faiths.
* Overcoming the diseases, sorrows and death of the human beings of the world.

* Forming cosmopolitan society and establishing universal brotherhood.
* Attaining salvation.

All these noble deeds will be performed through the adoration of the holy name 'Doyamoy' bestowed upon Sree Ananda by Godhead Himself. All the names of the Supreme being are related to the name 'Doyamoy'. This very name will be accepted worldwide without being translated into any other languages.

Sree Ananda has said, "The more these fifty five divine truths will be accepted and practised worldwide as effective solution for the mitigation of the doubt and confusion about religions, the more devotional power will rise in human heart and turn him into a virtuous one purifying his worldly life, this conception is dominant in me.If anyone being led by honest and simple faith can present irrefutable argument either being physically present or by informing me through any other means, I am determined to face it." I hope this invaluable holy book will provide a devotee with olivine truth setting him/her above all confusion, conflict and malice and turn the world into an abode of immortals with eaternal peace.

The Translator

Preface

Sree Ananda, luminous spirit of greater unity of the mankind, embodied symbol and vital self of numerous faiths, connecting bridge among the material world and next world and paradise, realizer of the absolute truth about the creation, preservation and destruction of life and the universe and the creator revealed Sarbadharma, a new faith. This is the faith with which all other faiths of the world are thoroughly connected and all the faiths consist in it.

The main sacred book of this faith is the Prakrita Tattwa (absolute truth). Only the unique, awake, living, operative and playful creator as the master of all is playing in each and every existence of the vast universe -- this absolute truth has been cited from the truth no. 1- the origin of religion to the truth no. 55 - salvation of this holy book. Duties, wisdom, devotion and freedom have also been explained in these book. This book emphasizes on the following truth;

a) Followers of any faith are not going astray.

b) Spiritual congruity lies in the racial distinction.

c) A distinctive incarnation will appear for the unity of all faiths.

In a word this is a decisive scripture of all the fundamental questions concerning present life, after life, worldly and spiritual affairs. The philosophy of Sarbadharma aims at establishing universal brotherhood abrogating the prevailing religious and racial discriminations among mankind and then gaining detachment from worldly affairs.

I have attempted to turn this holy book into English to present it before the global community of numerous languages and faiths. I am not beyond doubt that I am mistaken in some cases in translating the right theme of some of the topics of the Prakrita Tattwa. I apologise politely for it and seek for correctional precept from any devotee of Sree Ananda, the incarnate of universal unity. I firmly believe that the sooner the mankind will realize this faith of combination, the better it will be for them.

The Translator

ধর্ম্মবীজ

১। ব্রহ্ম বা একমিদমগ্র আসীৎ নান্যৎ কিঞ্চনাসীৎ
তদিদং সর্ব্বমসৃজৎ তদেব সর্ব্বশক্তিমৎ।

এক পরব্রহ্ম ব্যতীত অন্য আর কিছুই ছিল না; ভূত, ভবিষ্যৎ বর্ত্তমান কালে একমাত্র তাঁহারই সত্ত্বাতে কারণ এবং কার্য্য উভয় নিহিত। তাঁহারই ইচ্ছা কার্য্য করিতেছে এবং সকল শক্তিই তাঁহার। পূর্ণ অথবা আংশিক শক্তিশালী আর কোন ব্যক্তির অস্তিত্বই নাই।

The origin of religion

1. Bramha ba akamidamagra aashit nanyat kinchanasheet todidang sarbbamsrijat, tadeb sharbashaktimat.

Nothing else had existed other than the Supreme Being; both cause and effect lie only in His existence throughout the eternity. It is His will force that is performing actions and all the powers are of Him There is even no existence of any other perfect or partial powerful being.

আত্মা এবং শরীর এক

২। আত্মা এবং শরীর উভয়ই এক এবং ব্রহ্মভূত পদার্থ। সিদ্ধ ব্যক্তি এই দুয়ের মধ্যে কোন পার্থক্য দর্শন করেন না। শরীর আত্মাতে কার্য্য করিতেছে ও আত্মা শরীরে কার্য্য করিতেছে ও ভূত সকল একে অন্যের সহিত সামঞ্জস্য রক্ষা করিয়া পরমাত্মার বিবিধ শক্তিযোগে জগতের কার্য্য সম্পাদন করিতেছে। উভয় এক মূল হইতে উদ্ভব না হইলে এইরূপ ঐক্য ভাবের কার্য্য হইতে পারে না। প্রকার ভেদ হইলেও এক মূল হইতে উৎপন্ন দুই বস্তু বস্তুতঃ এক।

2. The soul and the body are identical.

Both the soul and the body are identical and divine elements. A man of spiritual attainment finds no distinction between the two. The body and the soul are influencing each other through their functioning and all the divine elements, maintaining congruity with one another, are performing the functions of the universe with different types of power of the Supreme Spirit. Unless both of them had been originated from the same source, such a harmonious mode of actions would have been impossible. Though apparently dissimilar, two things originated from one origin, are in fact same.

মনুষ্য নির্দ্দিষ্ট নিয়মের অধীন

৩। অদ্বিতীয় ঈশ্বর হইতে সৃষ্ট মনুষ্য নানাপ্রকার কার্য্য অবলম্বন করিয়া জীবন যাপন করিতেছে। দুইটি ব্যক্তির মধ্যেও এক প্রকার কার্য্য ও সর্ব্ব বিষয়ে এক প্রকার ভাব দৃষ্ট হয় না। কিন্তু এই পার্থক্য আবার প্রত্যেকের জীবনের উন্নতির ব্যাপার। কারণ এই যে, যাহার যেরূপে কার্য্য করিয়া ঈশ্বর প্রাপ্তির প্রকৃত পথ লাভ করিতে হইবে তাহা নির্দ্দিষ্ট হইয়া রহিয়াছে। যাহা হইতেছে তাহা স্বতঃই পূর্ব্ব নির্দ্দিষ্টের প্রমাণ। প্রত্যেক কার্য্যের মূলে বিশেষ বিশেষ অভিপ্রায় রহিয়াছে। নিয়ন্তার অভিপ্রায় কখনই অসিদ্ধ হইতে পারে না, কাজেই সেই অভিপ্রায়ানুসারে মনুষ্য কার্য্য করিতে বাধ্য।

3. Man is subject to pre-determined rule.

Man, created from the unique God is leading his life adopting various kinds of deeds and actions. Even between the two individuals, the same kind of action

and same kind of notion in all the affairs are not apparent. But this distinction causes the advancement of everyone's life. The reason is that the way, following which one is to gain the real faith of upliftment of oneself to the Godhead, has been destined. What is happening is the spontaneous demonstration of predestination. Certain intentions lie at the root of every action. The will of the Regulator can never be invalid. That's why, man is under compulsion to perform his activities according to that will.

শুভাশুভ উভয়ই মঙ্গল

৪। যখন এক নির্দ্দিষ্ট মঙ্গল ইচ্ছার অধীন হইয়া এই জগৎ শুভাশুভ অবস্থার মধ্য দিয়া চলিতেছে, ও প্রত্যেক অশুভ, শুভযোগ উপস্থিত হওয়ার পূর্ব্বকার্য্য বলিয়া স্বীকার্য্য হইতেছে ও উভয়ই একটি মঙ্গলের প্রস্রবণ হইতে প্রবাহিত, তখন শুভাশুভ উভয়ই মঙ্গলের কার্য্য, ইহাতে সন্দেহ থাকিতে পারে না।

4. Both good and evil are auspicious.

As the universe is proceeding through the good and evil condition and each and every evil action is being admissible as the preceding event of the beginning of the auspicious moment and both of them issue from a propitious spring, both good and evil are auspicious deeds and no suspicion can arise about it.

কাহারও নিরাশ হইবার কারণ নাই

৫। মঙ্গলময়ের রাজ্যে অমঙ্গল কিছুই থাকিতে পারে না। সময়ে সম্পূর্ণরূপে দুঃখের নিবৃত্তি হইবে, বিশ্বাসপূর্ণ হৃদয় একথা অগ্রাহ্য করিতে পারে না। কাহারও নিরাশ হইবার অধিকার নাই। সকলেরই আশা পূর্ণ হইবে, একথা ধ্রুব সত্য। যিনি আশা দিলেন, আশা পূরণ করাও তাঁহারই সঙ্কল্প।

5. There is no cause to be frustrated.

Nothing evil can prevail in the realm of the God of well-being. A faithful heart can not discard the fact that, in course of time, every individual will enjoy cessation of suffering. Nobody is entitled to be disappointed "Everyone's hope will be fulfilled."-this is absolute truth. To fulfil the hope is the resolution of only Him who gave it.

সাম্প্রদায়িকতা

৬। জগতের কোন ধর্ম্মকেই অগ্রাহ্য করা যাইতে পারে না। কেননা তাহা সাময়িক ও ব্যক্তিগত প্রয়োজনীয়। কেহই সরল বিশ্বাস ভিন্ন, কৈতবযুক্ত হৃদয় লইয়া ধর্ম্ম প্রচার করেন নাই এবং যাঁহারা সেই প্রচারানুযায়ী কার্য্য অবলম্বন করিয়াছেন তাঁহারাই এক এক সম্প্রদায় বদ্ধ হইয়াছেন। এই সাম্প্রদায়িকতা ধর্ম্ম জীবনের শৈশবাবস্থা, তাহা হইতে মনের বিরাগ পৌঢ়াবস্থা, এবং তাহা সম্যকরূপে পরিত্যাগ সৎ এবং সিদ্ধাবস্থা।

6. Communalism

No faith of the world can be discarded because this is relating to time and of personal necessity. Nobody preached any faith having fraudulent heart and without simple belief. Those who have adopted mission according to one's preaching, have been under certain

community. This communalism is the infancy of religious life, non-attachment from this is middle aged stage and the complete abandonment of it is the goodness and spiritual fulfilment.

কেমন ব্যক্তি গুরু হইতে পারে

৭। সর্ব্ব ধর্ম্মের সামঞ্জস্য যেখানে, সেখানেই প্রকৃত ধর্ম্ম। এইজন্য ঈশ্বর হইতে সর্ব্বতত্ত্ব লাভ করিয়া, যে ব্যক্তি সকল ধর্ম্মের ঐক্যে যোগ দিয়া লোকদিগকে প্রকৃত ধর্ম্ম সাধনের পথ প্রদর্শন করিতে সক্ষম, তাঁহাকেই গুরু বলা যাইতে পারে।

7. What sort of person deserves to be spiritual guide?

The real faith is there, where the consistency of all other faiths lies. So knowing all the fundamental truth from the Godhead and realizing the agreement of all the faiths, the man who is capable of showing the mankind the true ways and means of prayer and worship, can be termed as the spiritual guide.

সাধুসঙ্গ ও গুরু পরিচয়

৮। সাধুসঙ্গ রূপ তরঙ্গে যে ব্যক্তি একবার পড়িয়াছে, তাহার জীবন সংশোধনের বিশেষ উপায় উপস্থিত হইয়াছে। সাধুসঙ্গ দ্বারা হৃদয় পরিষ্কার হয়, মন প্রশান্ত হয় এবং সাধ্য-সাধনার বিশেষ যোগ লাভ হইতে থাকে; বিশেষতঃ সাধুসঙ্গ দ্বারা জীবনের অংশ ঈশ্বরেতে অর্পণ করিয়া গুরুরূপী সাধুর পরিচয় পাওয়া যাইতে পারে।

8. To know the guide through association.

The man who has once fallen in the wave like association with a saint, a special expedient for the rectification of his life has arrived. Heart is cleaned, mind is pacified and an auspicious time for prayer and worship begins to be gained though the association with the saint. Specially, offering one's life to God through association, the saint in the guise of a spiritual guide can be discovered.

সকলই পবিত্র

৯। পবিত্র স্বরূপ সর্ব্বব্যাপী ঈশ্বরের রাজ্যে অপবিত্র কিছুই হইতে পারে না, কেবল মনের ভাব এবং প্রকৃতির অধীন হইয়া মনুষ্য 'পাক নাপাক' পবিত্রতা ও অপবিত্রতার বিচার করিয়া থাকে। বাস্তবিক সকলই পবিত্র, অপবিত্র কিছুই নাই। এইজন্যই জ্ঞানযোগে পঙ্কচন্দনের তুল্যত্ব শাস্ত্রাদিতে লিখিত হইয়াছে।

9. Everything is sacred

In the realm of Holiself and Omnipresent nothing can be unholy. Man consider pak-na-pak' means holiness and unholiness being influenced by his mentality and nature. In fact everything is sacred. There is nothing unholy. This is why the equality of mud and sandal paste has been written in the scripture with the knowledge as means of salvation.

১০। স্বর্গ ও নরক নামে কোন নির্দ্দিষ্ট স্থান নাই। মৃত্যুর পর নিজ কার্য্যানুসারে স্বর্গ বা নরক ভোগ করিতে হইবে, এইরূপ ধারণাও অলীক; কেননা শরীরের সঙ্গেই শুভাশুভাদির উৎপত্তি এবং তাহার সঙ্গেই নাশ। শরীর ধ্বংস হইলে শুভ আর অশুভ উভয়েরই আধার নষ্ট হইয়া যায়। স্বর্গ শব্দের অর্থ সুখ, স্বর্গের
ভাব যাহা পূরাণাদিতে পাওয়া যায়, তদনুসারে সুখময়ই প্রতীত হয়। মনুষ্য কেবল সুখের জন্যই ব্যাকুল, এইজন্য স্বর্গের ভাবও সুখেতেই পরিবৃত হইয়াছে। বিষয়ের মধ্যে অসুবিধা উপস্থিত হইলে মানুষ দুঃখ সাগরে পতিত হইয়া যখন দয়ার সাগর ইশ্বর সমীপে ক্লেশ হইতে মুক্তির প্রার্থনা করে, তখন বিষমযোগ শীঘ্র দূর হওয়ার জন্য শারীরিক, মানসিক ও বৈষয়িক নানা প্রকার উৎপাত উপস্থিত হয়। ইহার কারণ এই যে, জীবন-মুক্তির পূর্ব্বে শরীর সাধন হইয়া ব্যাধি দূর এবং সকল প্রকার অভাবের যোগ শেষ হওয়া আবশ্যক। এই বিষমযোগ দূর হওয়ার নাম স্বর্গ ও তাহার বিপরীত ভাবের নাম নরক। সাধারণভাবে শরীর অবস্থানের সুখের অবস্থার নাম স্বর্গ ও দুঃখের অবস্থার নাম নরক বলা যাইতে পারে। বাস্তবিক স্বর্গ ও নরকের কোন বিশেষ স্থান নাই। আমাদের দৈবসিক কার্য্য ও ভাবের মধ্যে পর্য্যায়ক্রমে স্বর্গ ও নরকের ভাব যাতায়াত করিতেছে। জীবিতাবস্থাতে প্রকৃত সুখের ভাব ও ক্লেশের নিবৃত্তি না দেখিয়া মনুষ্যের মৃত্যুর পর সম্পদ অথবা বিপদের দিন আসিবে, এই বিশ্বাস পূর্ব্বকালের সাধকদিকের মনে স্থান প্রাপ্ত হওয়াতে সেই ভাবী সুখ ও দুঃখকেই তাঁহারা স্বর্গ ও নরক নামে অভিহিত করিয়াছিলেন।

10. Heaven and hell

There is no particular place by name heaven and hell. 'After death one has to taste either the heavenly bliss or hellish suffering according to one's deeds'- such a conception is also untrue. Because good and evil have their origin and destruction with the body. When the body perishes, the vessel of both good and evil perishes. The word 'Heaven' means happiness. The

idea of heaven which is got in the mythology appears to be joyful. Human being is eager only for happiness. For this the conception of heaven is also encompassed by happiness. When a man, falling in the sea of grief owing to any trouble that arises in worldly affairs, prays to the merciful God to get rid of the affliction, various physical, mental and worldly disturbances arise for the removal of afflicting situation. The reason behind it is that, before attaining "The End" (detachment from the worldly affairs) through corporal purification, recovery from diseases and feeling of all sorts of privation should be banished. The end of this afflicting feelings is named "Heaven" and it's opposite feeling is named 'Hell'. Usually the feeling of happiness in physical existence may be called heaven and the feeling of sorrow may be called hell. In fact there is no particular place of heaven and hell. The feeling of heaven and hell is rising and vanishing by turn in our daily activities and thoughts. Without enjoying the feeling of happiness and relief from affliction, the belief that the days of adversity or prosperity will come after the death of human being, was rooted in the minds of the ancient saints. This is why they termed that future happiness and sorrow as heaven and hell respectively.

জন্ম একবার

১১। এই জগত একবার সৃষ্ট হইয়াছে, এইরূপেই উন্নতভাবে চিরকাল বর্ত্তমান থাকিবে। সর্ব্বশক্তিমৎ ঈশ্বরের কার্য্য কখনই বৃথা ও অসিদ্ধ হইতে পারে না। একবার প্রয়োজনের অভাব হইলে অদৃশ্য হয়, আবার প্রয়োজনানুসারে আবির্ভূত হয় এইমাত্র। এই নিয়ম অদ্যাপি আধ্যাত্মিক ভাবে জগতের অন্তরস্থ আছে, বাহ্য জগতে প্রকাশিত হয় নাই। একজনের মৃত্যুতে যে সকল আত্মীয়বর্গের শোক উপস্থিত হয় ও যে সকল ব্যক্তি কোন একটি সাংসারিক দুঃখ হৃদয়ে লইয়া মৃত্যুগ্রাসে পতিত হয় তাহাদের উক্ত শোক ও দুঃখ দূর হওয়া আবশ্যক। দুঃখের প্রতি লোকের অশ্রদ্ধা ও সুখের প্রতি স্পৃহা দেখা যায়, অথচ দুঃখ ও সুখ উভয়ই অনুভূত, এইজন্য দুঃখের নিবৃত্তি হইয়া সুখের ভাবই মনুষ্যেতে থাকিবে এবং প্রত্যেকেরই জীবন-মুক্তি ও অভাব মোচন হইয়া আশার নিবৃত্তি হইবে, এই ঈশ্বরের অভিপ্রায়। পুনর্ব্বার জন্ম হইলে, পূর্ব্ব জন্ম সম্পর্কে সকল কার্য্য পন্ড হইয়া যায়। অতএব যাহার শরীর ধ্বংস হইতে দেখা যায় সে পূনর্ব্বার অন্য আকৃতি ধারণে শিশু হইয়া না জন্মিয়া সেই শরীর লইয়াই পৃথিবীতে আসিয়া পূর্ব্ব পরিচিতের নিকটে পরিচিত হইবে ও সকল শোক দুঃখের শেষ করিবে ইহাতে কোন বাধা দৃষ্ট হয় না। মঙ্গলময়ের রাজ্যে এমন দিন অবশ্যই আসিবে যে দিনে প্রত্যেক মৃত মনুষ্য পূর্ব্ব শরীর লইয়া পৃথিবীতে আসিয়া শরীর ধারণের প্রকৃত ফল জীবন-মুক্তি লাভে দয়াময়ের পূর্ণ মঙ্গল ভাবের পরিচয় প্রদান করিবে।

11. Birth is Once

The universe has been created once. In the same way it will have its eternal existence flourishingly. The act of the omnipotent never can be useless and invalid. A human being disappears if he is no more necessary and appears when necessity arises, nothing else. This regulation consists in the heart of the universe till today, not exposed to the external world. The kith and kin who mourn on the death of their beloved one and those who pass away with worldly miseries, should be

relieved from the lamentation and sorrows cited above. A human is seen to have irreverence to miseries and longing for happiness but both of them are felt. This is why, feeling of happiness will prevail through the cessation of sorrows and everyone's hope will be fulfilled through achieving "The End" (detachment from worldly life) and emancipation from want and this is the intention of Godhead. In case of rebirth, all activities in connection with prenatal existence are foiled. Hence, the man who is found to be vanished physically, instead of being born as a baby again assuming another appearance, will appear on the earth with the former body and shape and will be acquainted with the previously known people. Thus he/she will bring the lamentation and sufferings to an end. Nothing is found to stand as impediment in the realm of beneficent God when each and every deceased appearing on earth with their respective previous body will reveal the perfect auspiciousness of Doyamoy (merciful God) through the achievement of 'The End' (freedom from desire), the final result of assuming a physical form.

বন্ধু বিয়োগের পরকার্য্য

১২। শোক নিবারণার্থ শ্রাদ্ধাদি অপ্রয়োজনীয়, কেননা তাহাতে জীবন-মুক্তির আশা দূরীভূত হইয়া যায়। কেবল এই প্রার্থনা করা আবশ্যক যে মৃত ব্যক্তির জীবন সংশোধনের জন্য শরীর ধ্বংস করিয়াছ দেখিতেছি, কিন্তু তোমার মহিমাসাগরের জল-কণিকা স্বরূপ তাঁহার শরীরের অস্তিত্ব তোমাতেই আছে। তুমি ইচ্ছা করিলে, যে সময়ে ইচ্ছা তাঁহার শরীর আমাদের নিকট আনয়ন করিতে পার। এইজন্য এই

ভিক্ষা চাই, তাঁহার জীবন মুক্তি সম্বন্ধে তোমার যাহা ইচ্ছা তাহা সম্পন্ন হউক ; এবং বন্ধুবান্ধবদিগের মনের শোক তাঁহার পুনরাগমনজনিত আশা দানে দূর করিয়া কৃতার্থ কর।

12. Rites to be performed after the death of kith and kin

Obsequial rites are useless to restrain lamentation because this causes the loss of hope for the attainment of salvation (The End). Only to make the following prayer is essential;

"We can see that You (Supreme Being) have demolished the body of the deceased for his self-purification. But as the water drop of the ocean of your sublimity, his body is having existence nowhere but in You. If You kindly wish, You can bring his body to us whenever You like. This is why we fervently pray for the following charity - 'may your will in connection with his salvation be accomplished and make us successful by alleviating the bereavement of the kins giving hopes about his coming back.'

যে বস্তু অথবা ব্যক্তি দ্বারা শোক ও দুঃখের কারণ উপস্থিত হইয়াছে, সে সকলের দ্বারাই আবার তাহা নিবারিত হইবে

১৩। ভাব অভাব, সুখ দুঃখ, চাঞ্চল্য স্থিরতা, সহিষ্ণুতা অসহিষ্ণুতাদি সকলই ঈশ্বরের ইচ্ছাতে মনুষ্য মনে বিচরণ করিতেছে। এসকল কেহ ইচ্ছা করিয়া আনয়ন, পোষণ অথবা দূরীকরণে সমর্থ নহে। কেবল একমাত্র ঈশ্বরের ইচ্ছাতেই ঘটিতেছে। যে সকল অভাব সময়ে সময়ে স্মরণ হইয়া দুঃখ উৎপাদন করিতেছে,

কোন প্রকারেই আত্ম ইচ্ছাতে তাহা হৃদয় হইতে দূর করা যাইতে পারে না। পুত্র ও বিত্তাদির শোক, আর একটি পুত্র অথবা বিত্ত লাভে কথঞ্চিৎ দূর হইতে পারে। কিন্তু মৃতপুত্র ও বিগতবৈভব স্মরণ হইবামাত্র ঐ শোক পুনর্ব্বার উথলিয়া উঠে। মঙ্গলময়ের রাজ্যে লোকের এই প্রকার শোকের ভাব চিরকাল থাকিতে পারে না। এস্থলে ইহাই অবশ্য স্বীকার্য্য যে, যে বস্তু কিংবা বিষয় অথবা ব্যক্তির দ্বারা দুঃখের কারণ উপস্থিত হইয়াছে সেই বস্তু কিংবা বিষয় অথবা ব্যক্তির দ্বারাই সেই দুঃখের নিবৃত্তি হইবে এই ঈশ্বরের ইচ্ছা। কোন প্রকারের খেদ মনে থাকিয়া গেলে মানুষের জীবন-মুক্তি হইতে পারে না।

13. Bereavement and miseries will be restrained by the object or person that has caused them.

Satisfaction and dissatisfaction, weal and woe, restlessness and quietness, patience and impatience etc. are prevailing in human mind by the will of Godhead. Nobody is capable of bringing, cherishing or removing all these as per His/Her will. These are happening only by the will of God. No one can, by any means, alleviate the privations that are creating miseries being remembered at times by one's selfwill. The grief for lost son and wealth may be removed a little by being blessed with another son or wealth. But the grief swells up as soon as the dead son and lost wealth are remembered. Such kind of torment of grief cannot exist for ever. In this case, it must be admissible that affliction will be restrained by those objects or affairs or persons that have caused them and this is the resolution of Almighty God. Man cannot achieve 'The end' if there is any kind of grief in his mind.

প্রতিকূল ও অনুকূল ব্যাপারের একতা দ্বারা সিদ্ধিযোগ উপস্থিত হইবে

১৪। যেমন অন্ধকার ও আলোক, রাত্রি ও দিবা রূপে জগতে বিদ্যমান আছে, সেইরূপ সুখ দু'খ, ভাব অভাব, আশা নিরাশা প্রভৃতি অনুকূল ও প্রতিকূল ব্যাপার জগতে বিদ্যমান রহিয়াছে। অন্ধকার না থাকিলে আলোকের গৌরব, দুঃখ না থাকিলে সুখের গৌরব, অভাব না থাকিলে ভাবের গৌরব মনে আসিতে পারে না, এইজন্য একের সহিত অন্যের বিপরীত সম্বন্ধ থাকিলেও একের অস্তিত্বের সঙ্গে সঙ্গেই অন্যের অস্তিত্ব স্থিরতর হইয়া রহিয়াছে, ও উভয়ের মধ্যেই সমভাবে মঙ্গলের ভাব বর্ত্তমান আছে। প্রতিকূল ব্যাপারের মধ্যে যে মঙ্গলের ভাব আছে তাহা সাধারণ মনুষ্যের প্রতীতিজনক হয় না, কেননা তাহা ইচ্ছার বিরোধী ও দুঃখজনক। কিন্তু যেমন অন্ধকার গর্ভে এই প্রকাশ্য দৃশ্যমান জগৎ স্থান প্রাপ্ত হইয়াছে, তদ্রূপ প্রতিকূল ব্যাপারের মধ্যেও অনুকূল ভাব বর্ত্তমান আছে। এইজন্য অনুকূল ও প্রতিকূল ব্যাপার উভয় একযোগেই অবস্থিতি করিতেছে। একের অভাবেতে অন্যের অভাব ও একের সদ্ভাবেতে অন্যের সদ্ভাব অতর্কিত। বাস্তবিক উভয়ই এক এবং একদিকেই প্রবাহিত হইতেছে। এই উভয়ের মিলিত ভাব হৃদয়ে স্থির হইলে সিদ্ধযোগ লাভ হয়। এই সিদ্ধযোগ একদিন প্রকাশিত হইয়া মনুষ্যকে পরমানন্দ দান করিবে, এই আশা হৃদয়ে থাকিলেও শান্তি লাভ হয়। জ্ঞানীরা এই আশাতেই হৃদয়ে প্রসন্নতা লাভ করিতেছেন।

14. Union of the feelings of favourable and unfavourable affairs will cause attainment of spiritual enlightment.

As darkness and light are existing in the world in the form of a day and night, weal and woe, satisfaction and dissatisfaction, hope and despair- all these favourable and unfavourable affairs are existing in this world. Without darkness glory of light, without sorrow the feeling of happiness, without imperfection the glory of perfection cannot rise in the mind. This is why, in spite of having contrariety with one another, one's

existence has been settled with that of other and equal trend of wellbeing lies in both of them. That there is good in unfavourable affair is not believable to the people who are attached to worldly affair because this is averse to their desire and sorrowful. But as this openly visible universe is placed in a darkened space, likewise favourable trend consists also in unfavourable affair. So both the favourable and the unfavourable affairs are existing simultaneously. It is beyond argument that one's want causes the same to other and good feeling cause's good feeling. In fact both are identical and advancing to the same One. If the associated spirit of the two is settled (is at rest) in the heart, spiritual enlightenment is attained. One day this spiritual power, being revealed, will give man absolute pleasure. Even if anybody cherishes this hope in the bosom of heart, he enjoys peace. The sage are enjoying cheerfulness with this hope.

আমি তুমি ঐক্যতার বিরোধী

১৫। অহঙ্কার অর্থাৎ আমিত্ব রূপ বন্ধনে জীব সকল আবদ্ধ রহিয়াছে। প্রত্যেকের এক একটি পৃথক অস্তিত্ব, মনের এই ধারণা। আমার স্বার্থ আমার রক্ষা আবশ্যক ও তোমার স্বত্বের জন্য তোমার সংগ্রাম করা প্রয়োজনীয়। আমি ও তুমি কর্ত্তৃত্ব যোগে অবস্থিতি করিতেছি, আমাদের কার্য্যের ফল আমরা ভোগ করিতেছি ও তদনুসারে আমরা ভাল ও মন্দ রূপে লোকেতে জানিত হইতেছি। প্রত্যুত এই সকল ভাব - আমি তুমি এই দুই বাক্যের মধ্যে সাধারণতঃ যেভাবে বিচরণ করিতেছে তাহা ঐক্য ভাবের বিরোধী। বাস্তবিক আমি যাহা তুমিও তাহা, এই সমভাব জ্ঞানযোগেতে স্থিরতর হয় এবং প্রেমযোগেতে কার্য্যে পরিণত হয়। যেকাল পর্য্যন্ত মানুষকে দোষী ও গুণী বলিয়া মনে ধারণা থাকিবে ততকাল জগতে ঐক্য বন্ধন

অসম্ভব। সে দিন আসিতেছে, যে দিনে অদ্বৈত ভাবাপন্ন জ্ঞানী মানুষের চীৎকারধ্বনি সফলতা লাভ করিবে। অদ্বৈতভাব ব্যতীত আর কোন প্রকারেই মানুষের প্রতি মানুষের মন্দভাব দূর হইতে পারে না।

15. The feeling of 'you' and 'I' stands on the way of unity.

All human beings are confined by the chain like egotism meaning self-esteem. Everyone has the conception of individualism. It is thought that I should preserve my self-interest and you should struggle for your right. We are having existence with the mastership of 'I' and 'you'. We are taking the taste of the consequences of our deeds and are being known to the people as good or evil accordingly. In true sense of the term the way, how all these feelings and notions are prevailing in the two terms 'You' and 'I' is adverse to the mode of unity. In fact, 'you' are what 'I' am. This sense of identity is deep- rooted through divine knowledge and turns into action by virtue of devotion. Universal relation among mankind is impossible till human beings will be thought to be culpable or virtuous. These days are coming when the outcry of the wise monotheist will be successful. No other ism other than the feeling of monotheism can remove the ill-feelings of man towards man.

লৌকিক ও অলৌকিক ব্যাপার উভয়
একই শক্তির পরিচয় দিতেছে

১৬। যাহা সাধারণতঃ ঘটে না তাহাকেই অলৌকিক ব্যাপার বলা যায়। অলৌকিক ব্যাপার সচরাচর ঘটে না বলিয়াই ইহাতে মনুষ্য-মনের আশ্চর্য্য উৎপাদন করে, ও লৌকিক ব্যাপার সাধারণ বলিয়াই তদ্দ্বারা মন চমৎকৃত হয় না। এই নিমিত্ত অসাধারণ ব্যাপার ঘটিলেই লোকের মনে ঐশী শক্তির ভাব উদয় হইয়া থাকে। ফলতঃ লৌকিক ও অলৌকিক ব্যাপার উভয়ই এক শক্তির পরিচয় দিতেছে। লৌকিক ঘটনা হইতে পারে, অলৌকিক ঘটনা হইতে পারে না, এই কথা কাহারও বলিবার অধিকার নাই' কেননা ঈশ্বরের যাহা ইচ্ছা তাহা সর্ব্ব বাধা বিঘ্নের মধ্য দিয়া সম্পন্ন হইবেই হইবে। জ্ঞানী এই উভয় ব্যাপারকে সমভাবে দর্শন করেন। মোহ নিদ্রা হইতে মনুষ্যকে জাগরিত করিবার জন্যই সময়ে সময়ে অলৌকিক ব্যাপার ঘটিয়া থাকে।

16. Both natural and supernatural phenomena indicate the same power.

The matter that does not occurs usually may be termed as supernatural one. Since the supernatural incident does not happen usually, it overwhelms human mind with wonder and worldly affair being common does not astonish our mind. Because of it, if any uncommon incident happens, the feeling of divine power rises in human mind. In fact both natural and super natural phenomena indicate the same power. No one has got right to declare that worldly affair can occur but not the supernatural one. Because God's resolution must be realized in spite of all obstacles. The sage justify both the affairs equally. Supernatural incident occurs at times only to awaken human being from hypnotic sleep.

পূর্ণ সিদ্ধাবস্থা না হওয়াতে সাধকের
বাক্যে ও কার্য্যে অবিশ্বাসের কারণ হয়

১৭। কোন সাধক বাক্য বা কার্য্য দ্বারা অলৌকিক ব্যাপার দর্শন করাইলেই লোকে তাঁহাকে সিদ্ধ ব্যক্তি জ্ঞান করে। কিন্তু কোন সময়ে কোন অংশে সেইরূপ অলৌকিক ব্যাপার দর্শন করাইতে ত্রুটি হইলে অর্থাৎ সেই সাধক বাক্য অথবা কার্য্যের দ্বারা লোকের যে আশ্চর্য্যভাব উৎপাদন করিয়াছিল, কোন অংশে কোন সময়ে তাঁহার মধ্যে ত্রুটি হইলে, সে আর তাহা করিতে সক্ষম নহে, এইরূপ মনে ধারণা হইয়া অনেকে সেই সাধকের কার্য্যের প্রতি বিশ্বাস স্থাপন করিতে পারে না। এইরূপ হইতে হইতে পরে মনে এই সিদ্ধান্ত স্থির হয় যে মনুষ্য লোকাতীত কোন কার্য্য করিতে সক্ষম নহে। তখন কোন ব্যক্তিকে ঐশী শক্তিসম্পন্ন বলিয়া মনে করিতে ও তাহার কোন কার্য্য দর্শন, তাহার কোন বাক্য শ্রবণ করিতেও মনের সরস ভাব হয় না। সাধকের কার্য্যে ও বাক্যে সময়ে সময়ে বিশেষ ও সময়ে সময়ে ত্রুটির ভাব তাহার সিদ্ধাসিদ্ধ অবস্থার ফল। এই অবস্থা হইতে যতই সিদ্ধাবস্থার আধিক্য ও অসিদ্ধাবস্থার ন্যূনতা হইবে ততই কার্য্য ও বাক্যের ভাব বিশেষ দর্শন হইতে থাকিবে। পূর্ণ সিদ্ধাবস্থার লোক অদ্যাপি পৃথিবীতে আগমন না করাই লোকের এই অবিশ্বাসের কারণ। এক গুরুর বাক্যে সন্দেহ করিলে অন্য গুরুর বাক্যের প্রতিও সন্দেহ হইতে পারে, ও স্থানে স্থানে ভ্রমণ করিয়া কালক্ষয় করা মাত্র - এই আশঙ্কা করিয়াই প্রাচীন হিন্দুগণ গুরুকে উপদেশের সময় সাক্ষাৎ ঈশ্বর জানিয়া তাঁহার বাক্যেতে অবিচলিত বিশ্বাস স্থাপন করার ভাব লোকেতে প্রচার করিয়া গিয়াছেন।

17. Imperfection in spiritual attainment causes disbelief in the devotee's words and deeds.

Men think a devotee having the power of showing something miracle by his word and deed to be a saint. But whenever he/she fails to show such a miraculous thing in any case, meaning if the devotee fails to astonish people by his words and deeds at any time or in any case what he could do before, they cannot have

faith in his activities thinking that he is no longer capable of doing such thing. When it happens so again and again, people come to firm decision that human being is not capable of doing transcendental thing. Then feeling of devotion does not come to mind to appreciate a person to be of divine power or to visit any of his deed or to hear his sayings. Sometimes divine and sometimes faulty feeling are the result of his perfect and imperfect stages of spiritual attainment. The more upliftment of spirituality and diminution of invalidation, the more divine feeling of speeches and action will be being sighted. A perfectly sainted person has yet to appear on the earth and this is cause of disbelief of people. If anyone has suspicion to the saying of a preceptor, he may also have suspicion to the sayings of the other preceptors and thus he wastes his time wandering from place to place. Apprehending this, the ancient Hindu sages preached that at the time of advising a disciple should have firm faith in his (preceptor's) sayings knowing him God- incarnate.

প্রতিকূলতা ও অনুকূলতা সকলই ঈশ্বরের মধ্যে আছে

১৮। ঈশ্বর দয়াময় জগতের যন্ত্রী হইয়া মঙ্গল সাধন করিতেছেন। প্রতিকূলতা ও অনুকূলতা উভয়ই তাঁহার মঙ্গল ভাবের পরিচয় দিতেছে। কিন্তু মুনষ্য অনেক সময় প্রতিকূলতা ঈশ্বরে আরোপ করিতে সন্দিহান হয়। যাহারা ঈশ্বরীয় যোগ লাভ করিয়াছেন তাঁহারা জানেন যে কর্তৃত্ব মানুষেতে নাই। ভাল মন্দ সকলই ঈশ্বরের ইচ্ছাতে হইতেছে। অন্য দূরে থাকুক ঈশ্বরবাণী শ্রবণ করিয়াও তদনুসারে কার্য্য হইতে দেখা যায় না, অথচ সাধক যাহা শুনিতে পান তাহা ঈশ্বরবাণী বলিয়া

অতর্কিত ভাবে বিশ্বাস করেন। ঈশ্বরবাণীর মধ্যেও সিদ্ধকার্য্যে অগ্রসরতার পরিমাণে সত্য ভাবের আধিক্য ও অল্পতা হইয়া থাকে। যাহার নিকটে সাধক ঐ বাণী প্রকাশ করেন, তাহার জীবনের জন্য যতদূর সত্য ও অসত্য শ্রবণ করা আবশ্যক তাহা তদ্রূপ হইয়া থাকে। সাধক ইহা জানিয়া অন্যকে, বুঝাইয়া দেওয়া অসাধ্য ভাবিয়া স্থিরচিত্তে কেবল সেই বিশেষ দিনের জন্যই অপেক্ষা করেন। কোন কোন সাধকের অনেক কথার অর্থ পর্য্যন্তও বুঝিতে পারা যায় না, - প্রলাপ বাক্য বলিয়া বোধ হয়। যাঁহারা সেই রাজ্যে গমন করেন নাই তাঁহারা কোন প্রকার বিজ্ঞান আলোচনার দ্বারা ঈশ্বরের কার্য্যের মর্ম্ম বুঝিতে ও এই সন্দহে নিবারণ করিতে পারিবেন না।

18. Both favourableness and unfavourableness lie in Godhead.

Godhead, Doyamoy is doing good as a wire puller of the universe. Both favourableness and unfavourableness are indicating His good wishes. But most of the time human being becomes suspicious of ascribing adversity on Godhead. Those who have merged themselves into God know that human being has no authority. Both good and evil things are being done by the will of Godhead. Inspite of hearing God's message, things are not found to be done accordingly let alone other cases. But a saint believes whatever he hears as God's saying without argument. There may be deficiency or excess of divine feeling on the way of advancement in the practice of spiritual power even in the holy saying of God. The person to whom a devotee reveals the holy saying hears as much truth and untruth as are essential for his life. Being aware of it, the devotee waits for that particular day with mental calmness thinking it

impracticable to explain it to others. Even the meaning of the saying of some saints are not comprehensible, rather it seems to be delirious talk. Those who have not got entrance into that realm, cannot realize the mystery of the play of Godhead and remove his suspicion by means of any science-discourse.

প্রবৃত্ত, সাধক, সিদ্ধাসিদ্ধ ও সিদ্ধ

১৯। মানুষের জীবন চারিভাগে বিভক্ত করা যাইতে পারে, যথা- প্রবৃত্ত, সাধক, সিদ্ধাসিদ্ধ এবং সিদ্ধ। প্রবৃত্ত হওয়ার পূর্ব্বে অতি শৈশব অবস্থা, যে অবস্থাতে মনুষ্য অজানিতরূপে ভাবী সকল অবস্থার জন্য প্রস্তুত হয়। মনুষ্য যখন জীবনের উন্নতি সাধনের জন্য ব্যগ্র হয় তখনই তাহাকে প্রবৃত্ত বলিয়া বলা যাইতে পারে। উন্নতি সাধনের পথে দন্ডায়মান হইলে সাধক বলা যায়। সাধনের অর্দ্ধ পথ অতিক্রম করিলে যখন সিদ্ধভাব কিয়ৎ পরিমাণে আসিয়া হৃদয় মনের শান্তি করে তখন তাহাকে সিদ্ধাসিদ্ধ বলা যায়। সাধনের শেষ হইলে অর্থাৎ যে সময়ে ঈশ্বরের সহিত বিশেষ একতা জন্মিয়া হৃদয়ের অভাব সম্যকরূপে পূর্ণ হয়, তখনই সিদ্ধ বলা যাইতে পারে। এই সিদ্ধাবস্থা লাভ করাই প্রত্যেক সাধকের একমাত্র উদ্দেশ্য। এমন লোক দর্শন হয় নাই যে তাহার অভাব সম্পূর্ণরূপে মোচন হইয়া গিয়াছে। সুতরাং কেহই সম্পূর্ণরূপে সিদ্ধ হইতে পারেন নাই। এইজন্য কেহই জগতে সর্ব্বদেশে সর্ব্বলোকের মনে নিজ নিজ সাধনলব্ধ ধর্ম্মৈশ্বর্য্য দান করিয়া গ্রহণ করাইয়া যাইতে পারেন নাই। ইহাই জগতে নানা প্রকার ধর্ম্ম প্রচারিত হওয়ার কারণ।

19. Commenced, devotee, partially sainted and fully sainted

The life of human being is divided into four parts namely:
1. Commenced, 2. Devotee, 3. Partially sainted 4. Fully sainted.

The period of human life before commencing adoration is termed as infancy when a person gets prepared unknowingly for all situation in future. When a person becomes eager to develop his/her life spiritually, he/she may be termed as commenced (prabritta) one. If he/she stands for the advancement in adoration, he may be called as devotee. After passing half way of attaining perfection, a little feeling of sainthood pacifies the heart and this stage may be called imperfect sainthood. After the accomplishment of adoration that means at the time of merging into the entity of Godhead, the imperfection of self-realization is perfected and only then a devotee can be termed as fully sainted. Only mission of a devotee is to attain spiritual perfection. Such a man is not found whose imperfection has been fully alleviated. So, no devotee could be fully sainted. This is why no one could impart the respective divine power acquired by adoration in every part of the world and make everybody accept it in their mind. This is the reason of preaching different religious faiths in the world.

কোন ধর্ম্মাবলম্বী বিপথগামী নহে

২০। প্রত্যেক ধর্ম্মাবলম্বীদিগের মধ্যে কেহ বা মধ্যস্থ কোন ব্যক্তির প্রতি, কেহ বা কল্পিত কোন এক কিংবা অধিক মূর্ত্তির প্রতি, কেহ কেহ বা বৃক্ষ, গুল্ম, লতা, জল, স্থল, পক্ষী, চন্দ্র, সূর্য্য প্রভৃতি পদার্থ সকলের উপর, কেহ বা শুদ্ধাচার, কেহ বা অশুদ্ধাচারের উপর, কেহ বা কোন ব্যক্তি বিশেষকে গুরু স্বীকার করিয়া তাঁহার বাক্যের প্রতি পূর্ণ বিশ্বাস স্থাপন পূর্ব্বক ও কেহ বা কোন পুস্তকের লিখিত বিষয়ের উপর নির্ভর করিয়া, পরিত্রানের আশা করিতেছে। ইহারা কেহই বিপদগামী নহে।

সকলেই পথ চলিয়া যাইতেছে। যাহার যেরূপ বিশ্বাস হইতেছে তাহাই তাহার জন্য নির্দ্দিষ্ট ছিল বলিতে হইবে। এই নির্দ্দিষ্ট ব্যাপার সাময়িক ও ঈশ্বরের মঙ্গল ইচ্ছার অধীন। প্রত্যেকে ইহার মধ্য দিয়া প্রস্তুত হইয়া প্রকৃত জ্ঞানের পথে আসিবে ও সময়ে সকলে প্রেমযোগে মিলিত হইয়া পরিত্রাণ লাভ করিবে, ইহাতে সন্দেহ করিবার কারণ কিছুই নাই।

20. Follower of any faith is not going astray.

Some worshipers of every religion having faith on a mediator, some on an imaginary or more than one idols, some on plants, shrub, creepers, water, land, birds, some on the matter like the moon, the sun, again some on the practice of morality or immorality, some on the advice of a person regarding him as spiritual guide and having full faith in his instructions, some depending on the written instructions of a book are expecting salvation. None of them is deviated from the divine path. Everyone is following the right path. We have to obey whatever faith a man follows now, was predestined for him/her. This settled matter is temporary and it is subject to auspicious wishes of Godhead. Getting prepared through the above factors everyone will follow the path of divine knowledge and there is no doubt that in course of time getting together by virtue of devotion all will attain deliverance.

প্রচারক ও আচার্য্যের কার্য্য

২১। প্রত্যেক মনুষ্যের জন্য নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী আছে, যাহা শেষ না করিয়া মানুষ প্রকৃত জ্ঞানের পথে উপনীত হইতে পারিবে না। প্রত্যেক ব্যক্তি যে

ধর্ম্মাবলম্বী বলিয়া প্রকাশ বা বোধ করুক না কেন, প্রচারিত বা অপ্রচারিত, অন্য ভাবও তাহার অন্তঃকরন মধ্যে কিয়ৎ পরিমাণে নিহিত হইয়া রহিয়াছে, ইহা বিশেষ অনুসন্ধান দ্বারা অবশ্যই জানা যাইবে। এইজন্য প্রত্যেকের নিমিত্তে যে প্রকার ভাব হৃদয়ে পোষণ করা ও যে প্রকার কার্য্য করিয়া সাধনের দিকে অগ্রসর হওয়া নির্দিষ্ট আছে অল্পে অল্পে তাহার সহিত যোগে বিশুদ্ধভাবে ধর্ম্ম যোগ দেওয়া আবশ্যক। অতএব প্রত্যেক ব্যক্তির মনোগত ভাব ঈশ্বরবাণী দ্বারা জানিয়া যাহার জন্য যে নাম ও যে সাধন আবশ্যক তাহা তাহাকে সময়ে সময়ে বলিয়া দিয়া হৃদয়ের সন্তাপ নিবারণ করা প্রকৃত প্রচারক ও আচার্য্যের কার্য্য। এক প্রকার উপদেশ দ্বারা সাধারণের মন স্থির হইতে পারে না, হৃদয়ের ভাবের সামঞ্জস্য রক্ষা করা আবশ্যক। এইরূপ উপদেশ না পাওয়াতে মানুষ একস্থান হইতে অন্যস্থানে গমন করিতেছে।

21. Duty of a preacher and a spiritual guide.

There is certain mode of prayer for everyone. Without performing this a man cannot step on the way of divine knowledge. Whatever faith a man declares or feels to be followed, a little amount of preached or unpreached other ideas are also lying hidden in his heart. It can be known through a special kind of searching. This is why it is necessary to add religious spirit sacredly and slowly with the abstract idea he cherishes in the heart and the religious rite to be performed for the advancement in prayer and worship which were predestined for everyone. Hence it is the duty of a true preacher and guide to know the mental disposition of everyone by divine message and then remove mental agony telling him which 'Name' and what kind of adoration are essential. A particular kind of advice or incantation cannot calm the mind of

people in general. It should be harmonized with the mental state. Without having such advice people are wondering from one preceptor to another.

স্ত্রী ও পুরুষের যোগ সকলের মূল

২২। এই জগৎ প্রেমের দ্বারা সৃষ্ট হইয়াছে, প্রেমেতেই ইহার স্থিতি ও বৃদ্ধি হইতেছে। জগতের রোগ, শোক ও মৃত্যুর কারণ সাধন ভজন ও সাংসারিক কর্ম্মকার্য্য, জ্ঞান ও প্রেম লাভ এবং সকল প্রকারের ঘটনা এই উভয়ের বিশেষ প্রেমযোগের সাধ্য। সাধন বৃদ্ধির সঙ্গে সঙ্গে যখন এই প্রেমযোগের কাঠিন্য দূর হইয়া উভয়কে প্রকৃত প্রেমযোগে মিলিত করিবে তখন - তখনই কেবল স্বর্গের সোপান চক্ষুর সমীপে প্রকাশিত হইবে এবং মনুষ্য সিদ্ধযোগ প্রাপ্ত হইয়া সকল অভাব হইতে মুক্তি লাভ করিবে। এই বিষয়টি জীবনের পথে অগ্রসর প্রত্যেক ব্যক্তির মনে রাখা আবশ্যক।

22. Sacred relation of male and female is the root of everything.

This universe has been created with love. It is also existing and growing in love. Diseases and affliction, causes of death, prayer and worship, house hold duties, attainment of light and love and all other affairs are overcomable by their unworldly love. With the upliftment of devotion when the harshness of the tie of their love being removed will relate both of them with true love, only then the stairs of heaven will appear before eyes and human being having spiritually perfected will be free from all sorts of want. Everyone who has advanced on the way of life should bear this truth in mind.

২৩। যদি কেহ এমত মনে করে যে স্ত্রী বা পুরুষের ভাব ভাল নহে, আমার সাধন ভজন আমি করিয়া ভব সাগর পার হইব, তাহা তাহার মনের বিকৃত ভাব মাত্র। এক জনে অর্দ্ধযোগ, দুই জনে পূর্ণযোগ, ইহা উৎপত্তির কারণের প্রতি দৃষ্টি করিলেই বোধ হইবে। এইজন্য প্রত্যেকের ইহা মনে কর উচিৎ যে সঙ্গী বা সঙ্গিনীর ভাব ভাল হউক আর মন্দ হউক ঈশ্বর যখন তাহাকে আমার সহিত যোগ করিয়া দিয়াছেন ও তাহার সহিত আমার দৈহিক ও আধ্যাত্মিক চির সম্বন্ধ রহিয়াছে, তখন আমার ঈশ্বর সেবা তাহার মধ্যে ও তাহার ঈশ্বর সেবা আমার মধ্যে অবশ্যই আছে। বিশেষতঃ যখন জগতে প্রেম বিস্তার করিয়া জগৎ-প্রেমাধার ঈশ্বরকে হৃদয়ে গ্রহণ করা প্রত্যেকের জীবনের লক্ষ্য, তখন যিনি নৈকট্যযোগ ধারণ করিতেছেন তাঁহার সহিত যোগসাধন বিষয়ে সদ্ভাবের আংশিক ত্রুটি থাকিলেও, অন্যকে ভালবাসা ও জগৎ-সাধন অসম্ভব। অতএব যাহাতে স্ত্রীর সহিত সর্ব্বতোভাবে মিলিত হইয়া জীবন উন্নত করা যায় তাহাই প্রত্যেক সাধন ভজনের পূর্ণ আদর্শ ও একতার কারণ। তাহা না হওয়া পর্য্যন্ত কোন প্রকার সাধন দ্বারাই জীবনের আশা সফল করিতে পারিবে না, পথিকের ন্যায় সঙ্গীর আগমন পর্য্যন্ত প্রতীক্ষা করিতেই হইবে। সঙ্গ যোগই মধ্য বিন্দু, ইহার মধ্যে প্রবৃত্ত থাকিলে অচিরে জগৎ করতলে আসিবে সন্দেহ মাত্র নাই। যিনি সঙ্গিনী বা সঙ্গীকে বশীভূত করিয়া সাধনের মধ্যে আনিতে না পারেন, তাঁহার কর্ত্তব্য যে তিনি তাহার নিকটে বসিয়া নাম জপাদি করেন ও তাহার মঙ্গলের জন্য সর্ব্বদা বিশেষ প্রার্থনা করেন। তাহা হইলে ক্রমে ক্রমে তাহার মন ফিরিয়া সাধনের দিকে আসিতে থাকিবে।

23. Desire for adoration alone is only half-effective

This is nothing but perverted feeling of one's mind if one thinks "Relation between male and female is not sacred and performing my adoration I will cross the ocean like world". Single handed adoration can attain half of the perfection, two can attain full of it. It will come to one's realization if one thinks about the

origin of the creation. For this everyone should think "Whatever might be the mentality of life- partner, good or bad, as the God has made us accompany each other and I have eternal physical and spiritual relationship with him/her, undoubtedly my divine service lies in him/her and his/her's lies in me. "Especially since everyone's mission is to realize Godhead, the source of all love of the world in his/her heart by imparting love in the world, then if there is minimum deficiency of goodness in case of joining with the life partner who is maintaining congruity, it's impossible to love others and render service to the world. Hence this is the perfect idealism of prayer and worship and cause of unity by which upliftment of life can be brought about being united with wife whole heartedly. Until it will happen so, any kind of ways and means for prayer and worship will fail to fulfil the mission of life. He has to wait like a wayfarer up to the arrival of his life partner. Keeping mutual association with wife is the central point of the life of a devotee. If one remains engaged in it, undoubtedly before long the world will come under his control. A person who fails to persuade him/her into the realm of adoration, his or her duty is to chantGod's name and perform special prayer sitting near him for his auspiciousness. As a consequence his mind will be turning to the realm of devotion.

২৪। জনসাধারণের মধ্যে যে সকল কার্য্য কর্ত্তব্য ও উপকারী বলিয়া অবধারিত হইয়াছে তাহাকেই ধর্ম্ম ও তদিতর যাহা তাহাকেই অধর্ম্ম বলিয়া অভিহিত করা যাইতেছে। মনুষ্য ধর্ম্মকে আদর করিতেছে ও অধর্ম্মকে বিষবৎ পরিত্যাগ করিতেছে। কিন্তু স্বার্থপরতার বশীভূত হইয়াই হউক, অথবা স্বভাব দ্বারা চালিত হইয়াই হউক, অনেকে সময়ে সময়ে এই নিয়মের অন্যথাচরণ করিতেছে ও অধর্ম্মকর্ম্ম দ্বারা বারম্বার জনসমাজে নিন্দিত ও রাজবিচারে দন্ডিত হইতেছে। শত বাধা বিঘ্ন সত্ত্বেও মনুষ্য প্রবৃত্তির অধীন হইয়া চলিতেছে। অধর্ম্ম নিবারণের জন্য কত প্রকার উপায় অবলম্বিত হইতেছে অথচ তাহা সর্ব্বথা সফল হইতেছে না। অধর্ম্ম ঈশ্বর ইচ্ছার বিরুদ্ধ, এই সংস্কার লোকের মনে আছে। কিন্তু ঈশ্বরের ইচ্ছা যাহা নহে তাহা কখনই ঘটিতে পারে না, এই বিশ্বাসও সাধারণের মনে উদয় হয়, ঈশ্বর পরায়ণ ব্যক্তি মাত্রেই ঈশ্বরের অমোঘ ইচ্ছার সাক্ষ্য প্রদান করিতেছে। ঈশ্বরের এই অমোঘ ইচ্ছার বিরুদ্ধে জগতে অধর্ম্ম বিচরণ করিতেছে, ইহার সামঞ্জস্য কিরূপে হইতে পারে? চিন্তা দ্বারা ইহাই স্থির হইতেছে যে, জগতে যেমন ধর্ম্মের প্রয়োজন সেই প্রকার অধর্ম্মের ও প্রয়োজন আছে। এইজন্যই অধর্ম্মের স্থিতি ও বৃদ্ধি ঈশ্বর ইচ্ছার বিপরীত নহে। তবে সাধারণের মনে যে ধর্ম্মের স্থিতি ও অধর্ম্মের বিনাশের ভাব বিচারণ করিতেছে তাহারও সার্থকতা লাভের কারণ সম্মুখে আছে। অধর্ম্ম দ্বারা দুঃখের কারণ উপস্থিত হয় বলিয়াই মানুষ অধর্ম্মকে ঘৃণা করে।

সে দুঃখ জীবন-মুক্তির সময়ে তিরোহিত হইয়া মনুষ্যকে সর্ব্বতোভাবে সুখী করিবে। সে সময়ে অধর্ম্ম ধর্ম্মের সহিত মিশ্রিত হইয়া স্বীয় অনিষ্টকারিতা দূর করিয়া ফেলিবে। ধর্ম্মাধর্ম্মের বিচারে কখনও বা ধর্ম্মেতে অধর্ম্ম ও অধর্ম্মেতে ধর্ম্মের ভাব প্রকাশ পায়। এইজন্য জীবনের কার্য্যের মধ্যে কোন্‌টি ধর্ম্ম কোন্‌টি অধর্ম্ম তাহা বিশেষরূপে স্থির করা কঠিন হয়। যাঁহারা ঈশ্বরেতে আত্মসমর্পণ করিয়া আমিত্ব দোষকে দূর করিয়া ফেলিয়াছেন, কেবল তাঁহারাই নির্ভিক হইয়া জীবনের পথে অগ্রসর হইতে পারেন ও ধর্ম্মাধর্ম্মের বিচার আবশ্যক মনে করেন না। কোন ব্যক্তি জিজ্ঞাসু হইলে তাহাকে এই বলিয়া প্রবোধ দেন যে যতদিন পর্য্যন্ত ঈশ্বর সকলের চালক- ইহাতে স্থির বিশ্বাস করিয়া মানুষ জীবনের প্রত্যেক কার্য্য সম্বন্ধে অকম্পিত হৃদয় হইয়া সন্দেহ রহিত না হয়, ততদিন অধর্ম্ম-ভয় হইতে নিষ্কৃতি লাভ করিতে পারিবে না। উক্ত অবস্থা যে সময়ে হইবে তখন মনুষ্যকেও অপরাধী বলিয়া বোধ হইবে না। ভ্রাতৃপ্রেম অটলভাবে হৃদয়ে জাগরিত থাকিবে।

24. Righteousness and unrighteousness

The deeds and actions ascertained for the common people as duty and beneficial, have been termed as righteous and all other actions inferior to that are called unrighteous. Human beings are appreciating the righteousness and shunning unrighteousness like venom. But either being subdued by selfishness or being influenced by nature many of them are acting otherwise from time to time and are being blamed in the society and condemned by the royal court for unrighteous activities. In spite of so many obstacles, men are passing their days being subjected to instinctive impassion. Numerous ways and means are being adopted to resist unrighteousness but not successful in all cases. People cherish the prejudice that unrighteousness is against the will of Godhead but also the faith rises in the minds of the common people that nothing comes about against His will. Any person devoted to God is the evidence of infallible volition of the Godhead. If so, how can it be congruous that unrighteousness is prevailing in the world against the infallible will of God? This is the decision that has come out through contemplation that unrighteousness is as much essential as righteousness in the world.

This is why the existence and augmentation of unrighteousness is not opposite to God's will. But the idea of the existence of unrighteousness that are prevailing in the minds of the commons has the causes of gaining utility in future. Man hates unrighteousness as it causes miseries. This miseries being disappeared at the time of deliverance will make a human being happy in all respect. During this period unrighteousness being merged into righteousness will destroy its own harmfulness. In justification of virtue and vice sometimes the characteristics of vice is noticed in virtue and sometimes it happens oppositely. For this, it is difficult to ascertain accurately what virtue is and what vice is in the activities of life. Only those who have overcome egotism surrendering to God completely, can advance on the way of holy life fearlessly and do not think the judgment of virtue and vice essential. If anyone inquires about this, he consoles him/her telling that as long as the Godhead is the guide of all having firm faith in it and freedom from suspicion with steady mind about every action of human life, you can't attain release from the fear of vice. In such an advanced state of mind no man will be considered to be guilty. Fraternal love will be steadily prevailing in the heart.

২৫। "সর্ব্বশক্তিমৎ"- এই একমাত্র স্বরূপেই ঈশ্বরের সর্ব্বস্বরূপ নিবেশিত রহিয়াছে। 'সত্যং' প্রভৃতি স্বরূপের এক একটি বিপরীত ভাব আছে, তাহাও তাঁহারই স্বরূপ। কেননা সত্য যেমন ঈশ্বর পরিচায়ক, অসত্যও তেমনই ঈশ্বর বোধক। অন্য আর কেহ নাই যে তৎপ্রতি এই বিশেষণ প্রযুক্ত হইতে পারে। সত্যাসত্য উভয় এক, এই উভয় বিপরীত ভাব ব্যতীত এই জগৎ তিষ্ঠিয়া থাকিতে পারে না ; ইহাতেই ঈশ্বরের পূর্ণত্ব। বর্ণহীন ঈশ্বরের সৃষ্টিতে বর্ণ কোথা হইতে আসিল? সত্যাসত্য, জ্ঞান অজ্ঞান প্রভৃতি সকল স্বরূপই তাঁহার। যদি কেবল অনুকূল স্বরূপের ভাব হৃদয়ে আনা যায় ও প্রতিকূল স্বরূপকে ত্যাগ করা যায়, তবে অপূর্ণতা থাকিয়া যায়। আবার প্রত্যেক দুই দুই বিপরীত স্বরূপ স্মরণ করিয়া চিন্তা করিতেও স্মৃতি বিভ্রম হইতে পারে। এইজন্য উক্ত "সর্ব্বশক্তিমৎ" এই একমাত্র স্বরূপ হৃদয়ে চিন্তা করিয়া যখন সাধক সকল স্বরূপেরই যোগ লাভ করিতে পারেন তখন তিনি আরাধনার মধ্যে ইহাতেই মনোনিবেশ করিয়া সিদ্ধকাম হইতে পারেন সন্দেহ নাই। সর্ব্বশক্তিমৎ স্বরূপের বিপরীত ভাবও ইহার মধ্যেই আছে। সর্ব্বশক্তিমত্তার মধ্যে না আছে এমন বিশেষণ জগতে নাই ও হইতে পারে না। ইহার মধ্যে হৃদয় মন ছাড়িয়া দিলে আর কিছু বাকী রহিল বলিয়া মনে উদ্বেগ থাকিবে না ; একটি বিশেষণের মধ্যে জগন্ময় ঈশ্বরকে দেখিয়া উপাসকের মন পরমানন্দিত হইবে।

25. All forms of Godhead consist in His 'omnipotent' form

All forms of the Supreme Being lie only in 'omnipotent' form. Forms like 'the truth' have different opposite spirit and these are also His forms. Because both truth and untruth are indicative of Godhead. There is none to whom this adjective can be applied. Truth and untruth are identical and the universe cannot exist without both of the opposite spirit; there

lies the absolute perfection of the Supreme Being. Where has the colour come from in the creation of transparent God? Truth and untruth, wisdom and ignorance; all these forms are of Him. There remains imperfection if only the image of favourable form is cherished in the heart and unfavourable one is discarded. Again remembering each of the two opposite images contemplation may cause loss of memory. For this contemplating the cited only image 'omnipotent' in the heart, when a devotee can feel the presence of all images, he can undoubtedly succeed in adoration concentrating on it. There also lies the opposite trend of omnipotent form. There is no other adjective in the world which is absent from 'omnipotence' and that cannot be. There will be no worry if a devotee sets the mind on it. Having the sight of Godhead, (pervading the universe) the devotee will enjoy divine bliss.

প্রতিকূল অনুকূল উভয় ব্যাপারকে আদরের সহিত গ্রহণ করিবে

২৬। সর্ব্বশক্তিমৎ ঈশ্বরে পূর্ণ অপূর্ণ, প্রকাশ অপ্রকাশ, সত্য অসত্য, জ্ঞান অজ্ঞান, সদয় নিদয় ইত্যাদি সকল ভাব বর্ত্তমান আছে। এই কথা বলিতে অনেকের মন কুণ্ঠিত। কিন্তু কোন একটি ঘটনা যাহা আপাততঃ মন্দ বলিয়া পরিগণিত হয়, পরে তাহার ফল দেখিয়া অনেকে বুঝিতে পারেন ও বলেন যে উহা মঙ্গলের জন্যই হইয়াছিল। বস্তুতঃ পূর্ণ ঈশ্বরে ইহা আছে, উহা নাই, এইরূপ বলিলে সর্ব্বশক্তিমত্তা ও পূর্ণতার খর্ব্বতা করা হয়। সুখেতে মনের যোগ শেষ হয়,

দুঃখেতেও মনের যোগ শেষ হয়, এইজন্য এ উভয়ই মঙ্গলের কার্য্য। অতএব যেমন প্রত্যেক অনুকূল ব্যাপারকে, তেমন প্রত্যেক প্রতিকূল ব্যাপারকেও সাধক হৃদয়ে প্রেমের সহিত গ্রহণ করিবে। ইহাই পঙ্কচন্দনের তুল্যত্ব হৃদয়ঙ্গম হওয়ার পূর্ব্বকার্য্য।

26. Accept both favourable and unfavousble affair cordially.

All characteristics; Perfection and imperfection, revelation and unrevealation, truth and untruth, wisdom and ignorance, kindness and unkindness are present in omnipotent God. Many of us hesitate to admit this. But any incident what seems to be evil apparently, afterwards finding its result they can understand and declare that it was an auspicious incident. In fact, to say- "this exists in perfect Supreme Being but not that," is just similar to curtail his omnipotence and perfection. As egotism ends in happiness, it also ends in sorrow and so both of them are the auspicious actions. Hence a devotee should accept an unfavourable incident whole heartedly as he does in case of favourable one. This is the anticipatory of realizing the similarity between deeds mud and sandal paste.

ধ্যানের অধিকারী

২৭। আধাত্মিক ও বাহ্য জগৎ উভয়ই এক ঈশ্বর দ্বারা পরিব্যাপ্ত এবং তাঁহাতেই স্থিত আছে। "নান্যৎ কিঞ্চনাসীৎ" ঈশ্বর ব্যতীত আর কিছুই ছিল না সুতরাং তাঁহা হইতেই সকল উৎপন্ন হইয়াছে, অর্থাৎ তিনিই স্বয়ং সকল হইয়া লীলা করিতেছেন, ও তাঁহারই নির্দ্দিষ্ট ইচ্ছার অধীন হইয়া এই জগৎ চলিতেছে ; এবং এই অসীম জগৎ ব্যতীত কোন একটি পরিমিত বস্তু হৃদয়ের তৃপ্তি দিতে পারে না, এই বিশ্বাস যাহার হৃদয়ে স্থিরতর হইয়াছে, ধ্যানের বিশেষ অধিকার তাহারই জন্মিয়াছে।

27. Authority for meditation

Both spiritual and external world are pervaded by the Supreme Being and are existing in Him. 'Nanyatkinchanasheet'- there was nothing else apart from Godhead. So everything has originated from him. That means He Himself being all is enjoying His play and the universe is passing on under the control of His prefixed desire. The devotee who has firm belief in his mind that without the infinite universe, no limited object can satisfy his heart, has gained the authority for meditation.

ধ্যানের পূর্ব্বকার্য্য

২৮। প্রত্যেক সাধকের হৃদয়ে, সংসারী বা অসংসারী, বাস্তবিক বা অবাস্তবিক, কতকগুলি ভাব বিরাজ করে। কাহারও বা তাহার অবিকল,

কাহারও বা তাহার বিপরীত ভাব ধ্যানের সময় মনে রাখা আবশ্যক। যে সকল বস্তুর সাক্ষাৎ বর্ত্তমানতা কল্পনার মধ্যে আনিলে, উক্ত ভাব সকল আসিয়া মন স্থির হয়, গুরুর উপদেশানুসারে সে সকল ভাবসূচক বস্তু সকল কল্পনাতে সাক্ষাৎ জানিয়া নামরূপ ঈশ্বরের ধ্যান হৃদয়ে সাধন করিতে হইবে। নিজ নিজ ভাবানুযায়ী (যে ভাব গুরু ব্যতীত স্বয়ং উদ্ধার করা সম্ভবপর নহে) স্থূল বস্তুর সহিত হৃদয়ের সামঞ্জস্য রক্ষা করিয়া সূক্ষ্ম দৃষ্টি দ্বারা দর্শন ক্রমে ক্রমে পরিষ্কৃত হইবে এবং স্থূল ও সূক্ষ্ম উভয় একযোগে হৃদয়ে ঈশ্বরের স্বরূপ প্রকাশিত করিবে। অধঃ ছাড়িয়া কেবল ঊর্ধ্ব দৃষ্টিতে জীবনের সারতত্ত্ব ও ঈশ্বর লাভ হইতে পারে না।

28. Anticipatory adoration for meditation

There exist some mundane or spiritual, real or unreal ideas in the mind of a devotee. Someone should bear exactly that idea and someone should bear opposite idea in their mind while in meditation.
Due to imagining the direct presence of which things the ideas cited above set the mind at rest, as per the instructions of the guide, a devotee has to meditate upon the name of the Godhead in his heart thinking all those things expressing abstract ideas present in imagination. According to individual's abstract idea (The idea which cannot be explored without the help of the guide) harmonizing the mind with material objects, vision will be gradually clear by the insight and both the material and divine feelings will reveal the image of the Godhead in the devotee's heart. Ignoring the lower world meaning material world only the lofty vision of a devotee cannot gain the essence of life and merge himself into God.

যে ভাবে ধ্যান করিলে আংশিকরূপে
ধ্যান দ্বারাও সারতত্ত্ব জানা যাইতে পারে

২৯। হিন্দু শাস্ত্রাদিতে নানা প্রকার রূপের ধ্যান ব্যক্ত হইয়াছে। রূপের চিন্তা আংশিক ও তাহাতে মনকে সঙ্কীর্ণ ভাবের মধ্যে বদ্ধ রাখে। কিন্তু যেমন মনুষ্য হৃদয় ক্ষুদ্র আধারে নিহিত থাকিয়াও অতি ক্ষুদ্র হইতে অতি বৃহৎ ভাব পর্য্যন্ত ধারণ করিতে স্বীয় স্বভাব-নিহিত গুণেই সক্ষম, সেই প্রকার ক্ষুদ্র রূপের মধ্যেও বৃহত্তর ব্যাপার যোজনা করা অসম্ভব নহে। বিশেষতঃ প্রত্যেক পরমাণুর মধ্যে জগতের যোগ বর্ত্তমান রহিয়াছে। মনের মালিন্য বশতঃ তাহা বুঝিতে পারা যায় না। ঈশ্বরের জগন্ময়ী যোগের ভাব প্রত্যেক রূপেতে আরোপ করিলে, ধ্যাননিষ্ঠ পরমযোগ লাভ করিতে বিলম্ব হয় না। এইজন্য মনের ভাব অনুসারে, যাহার যে রূপের ধ্যান আছে তাহাতেই জগৎরূপ ঈশ্বরের পূর্ণযোগ থাকা আবশ্যক। এইরূপ সাকার ধ্যানের দ্বারা ক্রমে ক্রমে বিশুদ্ধ ধ্যানযোগ লাভ করিয়া মনুষ্য সারতত্ত্ব লাভের দিকে অগ্রসর হইতে পারে।

29. The way of meditation how a devotee can know the absolute truth even through partly meditation.

Meditation of different images have been mentioned in the Hindu scriptures. To meditate upon a particular image is a part which confines the mind within narrow feeling. But as the human heart, in spite of lying in a tiny vessel, is capable of holding minute abstract idea to great one by virtue of his inherent attribute, it is not impossible to imagine greater phenomenon in a minute image. In fact a relationship with the universe lies in every atom. It cannot be realized owing to the impurity of mind. In case of attributing the idea of

ubiquity of God to every image, gaining meditative salvation does not take much time. For this according to mental state God in the image of the universe should have full union with the image fixed for one to be meditated. Through this kind of meditation of personal God, human being can proceed to attain absolute truth gaining divine meditative power gradually.

আচার্য্য হইতে সময়ে সময়ে ভিন্ন ভিন্ন নাম গ্রহণ
দ্বারা নামের যোগ শেষ করিয়া ধ্যানের অধিকারী হইবে

৩০। ধ্যান চরম সাধন। ধ্যানের পূর্ব্বে নাম সাধন অবশ্যক। সে নাম স্বীয় হৃদয় যোগে লাভ করা কঠিন; এইজন্য আচার্য্য সন্নিধানে গমন করিবে। আচার্য্য হইতে একমাত্র নাম গ্রহণ করিয়াই যে নাম সাধনের শেষ ফল লাভ করিতে পারিবে এইরূপ মনে করা যাইতে পারে না। কেননা সময়ে সময়ে ভিন্ন ভিন্ন নামের যোগ প্রত্যেক মনুষ্যেরই লাভ করা প্রয়োজনীয়। তাহা সময় বুঝিয়া আচার্য্য বলিয়া দিবেন। তদনুসারে নাম জপ করিতে করিতে শেষ নাম লাভ করিয়া মনুষ্য ধ্যান ধারণার জন্য অধিকারী হইবে।

30. By receiving different name of deity from the Guide from time to time and having succeeded in the adoration of 'His name' a devotee will be authority for meditation

Meditation is the ultimate adoration. Chanting the holy name is essential before going in meditation.

It is difficult to feel this 'name' in one's heart. For this one has to go to his guide. It cannot be thought that receiving only one 'Name' from the guide A devotee will gain the ultimate result of the adoration of His name. Because it is essential for everyone to chant different Names from time to time. The guide will reveal it in an auspicious time. Chanting 'Names' accordingly for a certain period a devotee will be authority for meditation after receiving the final 'Name'.

রোগাদির প্রতিকারের জন্য ঔষধাদির প্রয়োজন নাই

৩১। এই জগৎ এক নির্দিষ্ট নিয়তির চক্রে ঘূর্ণমান আছে। মনুষ্য রোগ শোকাদির নিবারণের জন্য কেহ বা ঔষধ, কেহ বা স্বাস্থ্যকর বায়ু সেবন, কেহ বা কবচাদি ধারণ, কেহ বা কোন বিশেষ দেব সেবা ও কেহ বা ঈশ্বরের আরাধনা ও নানা প্রকার নাম কীর্ত্তনাদি করিয়া থাকে। উপকার লাভ করিলে উক্ত উপায় সকলের মধ্যে কোন একটি দ্বারা ঐ উপকার পাইল বলিয়া মনে স্থির করে। কিন্তু বিশেষ বিবেচনা ও জ্ঞান দ্বারা ইহাই বোধ হইবে যে যখন যাহা হইবার নির্দিষ্ট আছে তখন তাহাই হইতেছে। ইহার দ্বারা উহা হইল এইরূপ স্থির করা ভ্রমাত্মক বিশ্বাস মাত্র। তবে এইরূপ কার্য্য দ্বারা ইহা ঘটিবে, বলা অপেক্ষা এইরূপ কার্য্যের পর ইহা ঘটিবে এইরূপ নির্দিষ্ট ছিল বলাই সঙ্গত। এই প্রাক্তনযোগ যাহার মনে স্থির হইয়াছে, তাহার কোন রোগাদির জন্য মন অস্থির হওয়ার কারণ দৃষ্ট হয় না; কিন্তু যাহার মন ইহাতে খাঁটি হয় নাই তাহার নির্ভয় ও মনের শান্তির জন্য নামাদি সাধনই শ্রেয়; কেননা তাহাই সংসার এবং স্বর্গ উভয়ের সাধন। যে সাধন রোগাদির দুঃখ নিবারণ করিতে পারিল না তাহা কি কখনও পরিত্রাণ-প্রদ হইতে পারে? অতএব যাহা দ্বারা পরিত্রাণ লাভের আশা মনুষ্য হৃদয়ে নিহিত হইয়া রহিয়াছে, রোগাদি নিবারণের উপায় অবলম্বন করা আবশ্যক বোধ হইলেও কেবল তাহারই আদর করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য। "রোগ প্রতিকারের জন্য ঔষধের সৃজন করিয়াছেন"- ইহা বনৌষধিকে লক্ষ্য করে না।

রোগদি ক্লেশের দ্বারা মনুষ্যের সাধন সাধ্য হইতেছে

৩২। মনুষ্যের সাধন সাধ্য হওয়ার নিমিত্তে রোগ শোকাদি নানা প্রকার শারীরিক ও মানসিক ক্লেশ সংসারে বিচরণ করিতেছে। যে কাল পর্য্যন্ত মনুষ্য শরীর সাধনের সুযোগ প্রাপ্ত না হইবে, সে কাল পর্য্যন্ত আবিষ্কৃত কোন উপায়েই রোগাদির নিবারণ হইতে পারিবে না ; যাপ্যভাবে থাকিয়া সময়ে সময়ে বারম্বার প্রজ্জ্বলিত হুতাশনের ন্যায় শরীর মনকে দগ্ধ করিবে। ইহাই অজানিত সাধন, যদ্‌দ্বারা মনুষ্য নাম সাধনের প্রথম যোগ লাভ করিয়া হৃদয় মন ঈশ্বরেতে সমর্পণ করিতে সমর্থ হয়। রোগ শোকাদি দ্বারা যে সাধনের কার্য্য হয় তাহা মানুষ না জানাতেই ইহাকে অজানিত সাধন বলা হইয়াছে। যে সময়ে অবিচলিত বিশ্বাস স্থাপিত হইয়া নামেতে হৃদয়ের বিশেষ প্রেম জন্মিবে, সে সময়েই পরস্পর মনে শান্তি আসিতে থাকিবে এবং তৎপর সাধনের ক্রমোন্নতির সঙ্গে সঙ্গে ধ্যানদি বিশেষ সাধন প্রণালী লাভ দ্বারা শরীর সাধন হইয়া রোগাদি দূর হইয়া যাইবে। সকল মনুষ্যই একদিন উক্ত নাম সাধনাদির অধীনে আসিবে ও কেবল সেই সময়েই রোগাদি হইতে মুক্তির প্রকৃত পথ লাভ করিতে পারিবে।

32. Adoration of a man is being accomplished by the affliction of diseases.

Various types of physical and mental diseases and affliction are prevalent in the world to make human's adoration effected. No invented remedy can prevent diseases until human being will be blessed with the facility of mastering his/her body; remaining dormant they (diseases) afflict the body and mind like blazing fire again and again, This is the unknown adoration by which human being having the scope for adoring the holy Name, becomes able to offer himself/herself

wholeheartedly to the Godhead. As man does not know that diseases and affliction perform the act of adoration, it is called unknown adoration. During the time of having unshaken faith in the holy Name special devotion of heart will grow and peace will gradually fill the minds of human beings. Then with the gradual upliftment of devotion gaining special ways and means of prayer like meditation a devotee achieves spiritual control over body and diseases are prevented. One day everyone will come into the realm of chanting the holy Name and only then they will find the real path of escaping diseases.

সকল নামের যোগ একটি নামেতে আছে

৩৩। নানা প্রকার নাম প্রকাশ করিয়া ঈশ্বর মনুষ্যকে সাধন যোগ প্রদান করিতেছেন। সাধকগণ তাহা হৃদয়ে বুঝিয়া নিজ নিজ সাধনসৌকার্য্যার্থে কার্য্য করিতেছেন। হিন্দুদিগের মধ্যে আদি দেব "নারায়ণ" অবধি যত নাম ও মুসলমানদিগের মধ্যে "রহিম ও করিম" প্রভৃতি ও খ্রীষ্টিয়ানদিগের মধ্যে "গড ও লর্ড" প্রভৃতি এবং অন্যান্য ধর্ম্মাবলম্বীদিগের মধ্যে সময়ে সময়ে যে সকল নাম প্রকাশিত হইয়াছে, সকলই প্রয়োজনানুসারে প্রার্থনার ফল। প্রত্যেক নামের অর্থানুযায়ী ও ধর্ম্ম পুস্তকের লিখিত প্রয়োজনানুযায়ী কার্য্যেপযোগিতার ভাবে এবং লোকের প্রকৃতি-যোগে তৎপ্রতি নানা প্রকার গুরুত্ব মনুষ্য মনে স্থান পাইতেছে। যেমন মনুষ্য মধ্যে জাতিগত পার্থক্য দূর না হইলে মঙ্গলের সম্ভাবনা অল্প, তদ্রূপ এই নামগত নানা প্রকার ভাব দূর হইয়া সকল মনুস্য এক নামে দীক্ষিত না হইলে সর্ব্বধর্ম্মের এক যোগ হইতে পারে না। এই নিমিত্তে সর্ব্বনামের যোগ এক

নামেতে দিয়া করুণাময় ঈশ্বর ধর্ম্মের সকল দ্বিধা দূর করিবেন এই অভিপ্রায় জানা যাইতেছে। সেই নাম কোন ভাষাতে অনুবাদিত না হইয়া এক ভাবে সকল মনুষ্যের হৃদয়কে অধিকার করিবে এবং সকলেই এই এক নামে দীক্ষিত হইয়া জীবনাশা সফল করিবে ও ভ্রাতৃ বিরোধ একেবারে দূর করিয়া দিয়া আনন্দ লাভ করিবে। সেই নাম- "দয়াময়," যাহা সদয় নিদয় উভয় ভাবে ভক্ত হৃদয়ে প্রকাশিত হইয়াছে। অধিকারী ব্যক্তি ইহা হৃদয়ে বুঝিতে পারিবেন।

33. All the names of Supreme Being is related to one Name.

Revealing various kinds of names Godhead is giving human beings ways and means for devotion. The devotees comprehending this are acting for the accomplishment of their respective adoration. Among the Hindus all the names from the first deity- Narayan, among the Muslims 'Rahim', 'Karim' etc. and among the Christians God, lord etc. and among the followers of other faiths which have been revealed from time to time are the results of prayer as per necessity. According to the meaning of every 'Name' and the written necessities of religious books, different kinds of importance are taking place towards them in human mind as per the effectiveness under the influence of human nature. Without the eradication of racial discrimination, the probability of auspiciousness is very little. Likewise if the mankind is not initiated in one name of Supreme Being through the removal of different feelings towards this name, the union of all faiths cannot be effected.

With this end in view merciful God, merging all the names in one name, will eradicate all hesitancy of religion. This is the intention of Godhead. This name without being translated into any language will possess the heart of all human being in a particular way and everyone will fulfil the hope of life being initiated only into this name, and enjoy bliss settling hostality among them. That very name is 'Doyamoy' which has been revealed in devotee's heart both as merciful and merciless. A sainted person can realize it in his heart.

ভূত প্রেতাদির রূপ ও ঈশ্বরীয় রূপ

৩৪। ভূত, প্রেত, জিন, পৈরি প্রভৃতি অতিবাহিক দেহধারী কোন জীব অলক্ষিতভাবে কার্য্য করিতে ও নানা প্রকার রূপ ধারণ করিয়া মনুষ্যের অনিষ্ট বা ইষ্ট সাধন করিতে সক্ষম, অনেকের মনে অদ্যাপি এই বিশ্বাস বর্ত্তমান রহিয়াছে। শাস্ত্রাদিতেও ইহাদিগের বিষয় লিখিত আছে। এ সকলকে দর্শন ও শ্রবণের ভ্রম বলিয়া অনেকে ব্যাখ্যা করেন। কিন্তু বহু লোক যাহা চাক্ষুস দর্শন ও যাহার শব্দ শ্রবণ করিয়াছে তাহা কেবল ভ্রম বলিয়াই নিরস্ত থাকিলে মন সন্তুষ্ট হইতে পারে না। যদি ভ্রমও স্বীকার করা যায় তথাপি এ ভ্রমের মূল কোথায়? ভাবুক হৃদয় এক ঈশ্বরের স্বাধীন ইচ্ছাকেই লক্ষ্য করে। বাস্তবিক যেরূপ অন্যবিধ সংশোধনের ব্যাপার জগতে বিদ্যমান আছে সেইরূপ ইহাও একটি সংশোধনী মঙ্গল কার্য্য, যাহা ঈশ্বর ভিন্ন কোন সৃষ্ট জীবের সাধ্যায়ত্ত নহে। তিনিই নানা রূপ ধারণ করেন, তিনিই শব্দ-যোগ দেন, তিনিই ইহার দ্বারা মনের চমৎকার ভাব উপস্থিত করিয়া যে কার্য্য দ্বারা যাহার আত্ম-জ্ঞান লাভ করা নির্দ্দিষ্ট আছে তাহার সেইরূপ যোগ দিয়া কার্য্য শেষ করেন। উক্ত প্রকার ভয়ের সময় “তুমি দয়াময়” এই নামের ভাব মনে করিলে অবশ্যই ভয় দূর হইয়া যাইবে।

34. The appearance of ghost or departed soul is also the image of Godhead.

Ghost, departed spirit, elf and fay-all these ethereal beings are capable of acting imperceptibly and assuming various figures which can do harmful or propitious things to human being. Many a man still think so. There are writings about them in the scriptures. Many of us explain them as the illusion of vision and hearing. But what many people have seen ocularly and heard its voice, if one remains ceased considering it illusion, mind cannot be satisfied, Even if it is admitted to be illusion, where is its origin? A thoughtful heart indicates the free will of Godhead. In fact as there is system of correction in other cases in the world, likewise it is also a correctional auspicious work which is not within the power of any created being other than Godhead. He himself assumes different appearances and also add sounding power to them. It is He who presents an excellent feeling of mind and finishes his duty bestowing the acts destined for one's attaining self-consciousness During the time of such fear, if anyone feels the holy Name "you'r Doyamoy", the fear must go away.

৩৫। স্বপ্নকে অনেকে ভ্রম ও তাহা দ্বারা কোন ফল হয় না বলিয়া স্বপ্নের কথার প্রতি মনোযোগ করে না। যখন স্বপ্ন সত্যরূপে প্রতীত হয় তখন তৎপ্রতি আস্থা স্থাপন করে। যখন ইহার ভাব কিছুই বুঝিতে পারে না, তখন বায়ুর বিকার বা মনের কল্পনা বলিয়া স্থির করে। বায়ু কার্য্যক্ষম নহে। মন ও আত্মার যোগে কার্য্য করে। যদি বায়ুর বিকার ও মনের কল্পনা স্বপ্ন দর্শনের কারণ হইত, তবে ঈশ্বর ও মানুষের মধ্যে এই দুয়ের পৃথক ব্যক্তিত্ব উপলব্ধি হইত। যখন তাহাদের কোন ব্যক্তিত্ব নাই তখন একমাত্র ঈশ্বরের ইচ্ছাই স্বপ্নের কারণ, ইহা ভিন্ন আর কিছু বলা যাইতে পারে না। স্বয়ং ঈশ্বরের মুখে না শুনিলে, স্বপ্নের প্রকৃত তত্ত্ব কোন মনুষ্য জানিবার অধিকারী হইতে পারে না। রাত্রিদিবা শয়নে জাগরণে যে সকল ভাব মনে বিচরণ করে, তাহা সকলই স্বপ্নের কার্য্য। বাস্তবিক স্বপ্ন বৃথা নহে, তাহা মনুষ্যের ভ্রম ও অজ্ঞানতার যোগ শেষ করে। মনুষ্য ক্ষণকালও স্বপ্ন ছাড়া থাকিতে পারে না। স্বপ্নের প্রকার কিছু নিম্নে লিখিতে চেষ্টা করা গেল।

35. Dream doesn't go in vain

Many people don't pay attention to the subject matter of dream considering it to be hallucination and ineffective. When the dream comes true, they have faith in it. Being failure to understand its main theme, they decide that it would be either alteration of air or the mental image. But air itself is not capable of doing anything. Mind also acts with the power of soul. If the alteration of air and mental image had been the cause of dreaming, individuality would have been felt between human being and Godhead. As they have no

individuality, only the God`s will is the cause of dream. Apart from this, nothing can be decided. Without hearing from God himself, no man can be authority for knowing the real significance of dream. All the feelings that rise in one's mind in sleep and not asleep day and night are the actions of dream. In fact dream is not ineffectual; it draws the end of hallucination and ignorance. Man cannot exist for a little while without dreaming. It has been attempted to write something about the kinds of dream below.

৩৬। স্বপ্ন চারি প্রকার যথা ঃ- সিদ্ধ, অসিদ্ধ, যোগ ও বিয়োগ। যে স্বপ্নের প্রত্যেক অঙ্গ-প্রত্যঙ্গ স্মরণ থাকে ও যাহার সত্যতা অচিরে লাভ হয় তাহাই সিদ্ধ স্বপ্ন। যে স্বপ্ন মনে থাকিয়াও মনের ভাবের নানা প্রকার পরিবর্ত্তন ব্যতীত বিশেষ কোন ফল প্রসব করে না তাহাই অসিদ্ধ স্বপ্ন। যে স্বপ্নে মনুষ্য দর্শন হয়, তাহা যোগ স্বপ্ন। যে স্বপ্নে মনুষ্য ব্যতীত অন্য সকল বস্তু দর্শন হয়, তাহা বিয়োগ স্বপ্ন। যোগ স্বপ্ন দ্বারা কখনও মনে আনন্দ এবং কখনও মনে নিরানন্দ জন্মে। তন্মধ্যে নিরানন্দ প্রধানকল্পে ঈশ্বরীয় ভাব মনে আনয়ন করে ; আনন্দে সে পরিমাণে উক্ত ভাব উদয় করে না। বিয়োগ স্বপ্ন যত মনের আনন্দ-দায়ক হয় ততই ঈশ্বর-প্রেম হৃদয়ে আবির্ভূত হয়। যোগ বিয়োগের মধ্যে প্রত্যেক ভাব সিদ্ধ ও অসিদ্ধের সঙ্গে সম্পর্ক রাখে। সিদ্ধ ও অসিদ্ধ, যোগ আর বিয়োগেতে পূর্ণ। অসিদ্ধ ও সিদ্ধ কার্য্য উভয়ের এক যোগ ; এইজন্য উভয়ই যোগ-স্বপ্নে ও বিয়োগ-স্বপ্নে বিশেষ রূপে প্রকাশিত হয়। সিদ্ধযোগ ও বিয়োগযোগ এই উভয়ের মিশ্র ভাব হইলে হৃদ্‌কম্প হইয়া মনুষ্য হৃদয় রোগগ্রস্ত হয় ও তদ্‌দ্বারা শান্তির যোগ উপস্থিত হয়। অসিদ্ধ ও যোগ-স্বপ্নের দর্শনে মনুষ্য উদর রোগগস্ত হইয়া, পরে অনেক দিন সুস্থ শরীরে কাল যাপন করিতে সমর্থ হয়। যোগ ও বিয়োগ স্বপ্নের মিশ্র দর্শনে শিরোরোগ হয় ও তদ্‌দ্বারা মনের অশান্তি উপস্থিত হইয়া মানুষ প্রকৃত যোগ সাধনের উপযুক্ততা লাভ করে। অসিদ্ধ ও বিয়োগ স্বপ্নের মিশ্রত ভাব দর্শনে মনুষ্য সংসারে ক্লেশ পায় এবং মরণাপন্ন রোগগ্রস্ত হয়।

যোগ ও বিয়োগ স্বপ্নের সহিত অসিদ্ধ মিশ্রিত থাকিলে সংসারে বিত্ত ধনাদি লাভ হয়। যোগ ও বিয়োগের সঙ্গে সিদ্ধ স্বপ্ন মিশ্রিত থাকিলে ভুবন বিজয়ী ঈশ্বরের প্রেম লাভ করিয়া মনুষ্য সত্বর মনের যোগ নিবৃত্তি করতঃ জ্ঞান লাভ করে।

উক্ত চারি প্রকার স্বপ্নের মিশ্রিত ভাব র্দশনে সংসার অসার বলিয়া বোধ হয় ও সাধ্য-সাধনার কার্য্য উপস্থিত হওয়ার জন্য সংসারে অমঙ্গল দর্শন হয়। ধবল বর্ণ, ধূসর বর্ণ এবং কৃষ্ণ বর্ণ যাহারা দর্শন করে, তাহারা বিশেষ সাধক শ্রেণীতে গণ্য হয়, - যাহারা প্রকাশ্য রূপে দেখে তাহারা শীঘ্র জীবন-মুক্তি লাভ করে।

গুরু দর্শনে মনোরথ পূর্ণের পূর্ব্বে যোগ উপস্থিত হয়। আজীবন ধন্য-যোগ লাভ করিয়াও মানুষ স্থায়ী সুখ সম্পদ প্রাপ্ত হয় না। এইজন্য সম্পদ এবং বিপদ উভয়ে এক যোগে কার্য্য করিয়া যখন মানুষকে ঈশ্বরের আপন শরণাপন্ন করে, তখনই তাহার প্রকৃত সম্পদ লাভের পূর্ব্বকার্য্য উপস্থিত হয়। এই কারণে স্বপ্ন দর্শনাদি নানা প্রকার ব্যাপার উপলক্ষ্য করিয়া ঈশ্বর মনুষ্যকে শরণাপন্ন-যোগ দেন, হৃদয়ে প্রেম উপস্থিত করিবার জন্য প্রেমিকা ও প্রেমিক ব্যক্তির আগমন, সুখ ও সাদর সম্ভাষণাদি প্রিয়কার্য্য, এবং বিয়োগাদি দুঃখের যোগ দর্শন করান। মনুষ্য জীবনে কার্য্য ও ভাবে যাহা যাহা ঘটে, তাহা সকলই জীবন সংশোধন ও ঈশ্বরের পরমযোগ লাভ করিবার উপায়, তাহাতে সন্দেহ নাই।

36. Kinds of dream

Dreams are of four kinds: effectual, ineffectual, abstractive and subtractive. The ins and out of which dream can be remembered and its truth can be proved soon, is called effectual dream. The dream which, in spite of being fresh in mind does not produce any significant result except various changes of the mode of mind is called ineffectual dream. The dream, in which human being is dreamt is called abstractive dream. But in which other objects except human being are dreamt is called subtractive dream. Abstractive dream sometimes brings pleasure in mind and

sometimes dejection. Among them dejection mainly brings Godly feeling in mind, pleasure does not bring such an amount of that feeling. The more pleasant the subtractive dream is, the more devotion to God is manifested in the heart. Every feeling in abstractive and subtractive dream maintains relation with effectual and ineffectual dream. Effectual and ineffectual dreams get perfection in abstractive and subtractive dreams. Both fruitful and fruitless actions are deeply related. Hence both are revealed in abstractive and subtractive dream in a special way. If there is a combined feeling of both effectual and subtractive dream, human being becomes diseased of cardiological problem owing to heart quack. One becomes diseased of abdominal problem due to ineffectual and subtractive dream. Afterwards they become able to live in a sound body for a long time. The combined vision of abstractive and subtractive dreams cause headache which brings mental disturbance and thus a human being attains the competency of practising true spiritual abstraction. Owing to the combined feeling of ineffectual and subtractive dreams a human being is afflicted in worldly life and suffer from fatal diseases. Ineffectual dream being combined with abstractive and subtractive dreams brings wealth. If effectual dream is combined with abstractive and subtractive dream, a man gains world triumphant love of God and soon acquire wisdom through the cessation of ego.

The combined feeling of the four kinds of dreams makes a man feel the world meaningless and ominous incident happens in worldly life for the availability of devotional activities. Those who get vision of white, grey and black colour, are regarded as the devotees of advanced class but those who see clearly with elemental eyes, attains deliverance in life.

Getting the vision of the spiritual guide in dream is the preceding event of fulfilling the desire. In spite of enjoying glorious life, man is not provided with perpetual happiness and wealth. For this when adversity and prosperity working unitedly make anyone seeking shelter to Godhead, immediately the preceding devotional activities of gaining divine wealth arrive. This is why, Godhead gives a devotee scope of seeking shelter on the occasion of dreaming different affairs, shows the coming of lover and lady love to offer devotion in the heart, favourite activities like happiness and cordial address and undergoing sufferings from subtraction. There is no doubt that whatever things happen in actions and thought in human life, all these are the ways and means of correction of life and merging oneself into Supreme Being.

৩৭। সংসারে জঞ্জাল দেখিলেই মনুষ্য সংসার ছাড়িয়া বনে যাইতে ইচ্ছা করে। সংসারে যে স্বর্গের সোপান রহিয়াছে তাহা একবারও মনে করিতে পরে না। প্রকৃত পক্ষে মানুষ কেবল জঞ্জালকেই পরিত্যাগ করিতে চায়, সংসার পরিত্যাগ করিতে চায় না। মনের সঙ্কল্প সিদ্ধ হইবার জন্য কত প্রকার উপায় অবলম্বন করে, সিদ্ধ না হইলে উদ্যোগের ত্রুটি ইত্যাদি তাহার কারণ বলিয়া মনে স্থির করে। কেহ কেহ ইহাও মনে করে যে, অনিত্য অস্থায়ী সংসারের ভাব চিরকালই এই প্রকার ; কখনও ইহাতে সুখ পাওয়া যাইবে না। এইরূপ মনে করিয়াও আবার সুখের ইচ্ছা মন হইতে দূর করিতে সক্ষম হয় না। ইহার দ্বারা ঈশ্বরের এই ইচ্ছা জানা যায় যে সংসারে আপাততঃ জঞ্জাল দিয়া সুখ লাভের পূর্ব্বকার্য্য সম্পাদন পূর্ব্বক স্বর্গসুখ প্রদান করিবেন। সংসারে যাহার যত কার্য্য করিয়া স্বর্গের জন্য প্রস্তুত হইতে হইবে, তাহা তাহাকে করিতেই হইবে। অল্প অথবা অধিক পরিমাণে হউক, সংসারের কার্য্য সকলের জন্যই আছে এবং এই সংসারেই স্বর্গ আচ্ছন্ন হইয়া রহিয়াছে। এইজন্য সকলেরই গৃহধর্ম্ম ছাড়িয়া স্বর্গ লাভ করা অসম্ভব।

37. Gaining divine blessing is impossible shunning the duties of house hold life.

Finding troubles and tribulations in house hold life, human being desires to live in forest shunning house hold concerns. He can't think for a moment that stairs of heaven lie in house hold stage of life. In fact everyone wants to shun the troubles and tribulation but not the house hold life. He adopts so many ways and means for the fulfillment of his desire. In case of failure, he comes to a conclusion that it is due to the deficiency of exertion. Some people also think that the nature of transient world is always like this; happiness never can be enjoyed here. In spite of thinking so, they

cannot shun the thirst for happiness from mind. Form this one can know the will of Godhead that through the accomplishment of anticipatory activities giving troubles to the house hold life, he will bestow heavenly bliss. One must perform all the house-hold duties which are ascertained for one for the preparation of heavenly life. More or less house hold duties have been assigned for everyone and the heaven has been concealed in the house hold life. So defying the duties of house hold life, gaining divine blessing is absurd.

ইন্দ্রিয় সেবাতে অতীন্দ্রিয় যোগ

৩৮। ক্ষিতি, জল, তেজ, বায়ু ও আকাশ এই পঞ্চভূত ইন্দ্রিয় যোগে আপন আপন ভাব শরীরে প্রকাশ করিতেছে। যদিচ মুসলমান প্রভৃতি কয়েক সম্প্রদায়ী লোক আকাশকে দ্রব্যের মধ্যে গণ্য করেন না, কিন্তু তাহা ব্যতীত বায়ু প্রভৃতি তিষ্ঠিয়া থাকিবার স্থান আর নাই। বিশেষতঃ রাসায়নিক ক্রিয়া দ্বারা যখন বায়ুকে কোন একটি পাত্র হইতে বহিষ্কৃত করা যায় তখন সেই বায়ুশূন্য স্থানকে আর কোন্ বস্তু অধিকার করিয়া থাকে? ইহার উত্তরে আকাশ ও তদভ্যন্তরস্থ সর্ব্বস্রষ্টা ঈশ্বর, এই মাত্র বলা যাইতে পারে। বিশেষ কোন একটা ক্রিয়া দেখা যায় না বলিয়াই মুসলমান প্রভৃতি আকাশকে ভূত সমূহের মধ্যে গণ্য করেন নাই, এবং হিন্দুরা আধার বলিয়াই সক্রিয় মনে করিয়া ইহাকে দ্রব্য মধ্যে গণ্য করিয়াছেন ও তাহার কার্য্য শব্দ বলিয়া স্থির করিয়াছেন, এই মাত্র প্রভেদ। ইহাতে মূল্যের কোন তর্ক উপস্থিত হইতে পারে না। এখন প্রস্তাবিত বিষয়ে অবতরন করিয়া অগ্রে ইহা স্থির করা আবশ্যক যে শারীরিক ইন্দ্রিয় যোগে পঞ্চভূতের যেরূপ কার্য্য দৃষ্ট হয় তাহা অন্য কোন শক্তি দ্বারা অথবা ঈশ্বরীয় শক্তি দ্বারা নিয়মিত হইতেছে। যদি বল ঈশ্বর ব্যক্তির সৃষ্টি করিয়া তাহার উপর কার্য্যের ভার দিয়া রাখিয়াছেন ও তদ্দ্বারা কার্য্য চলিতেছে, তবে তাঁহার সর্ব্বশক্তিমত্তার প্রতি দোষারোপ হয়। কারণ এই যে ঈশ্বর

মনুষ্যের ন্যায় সুখের ইচ্ছুক হইয়া অথবা অনেক কার্য্য কর্ম্মে ব্যস্ত থাকাতে সময়ের অভাবে স্বয়ং কার্য্য করিতে না পারিয়া অন্যের উপর ভারার্পণ করিয়াছেন, কিংবা অন্যের শিক্ষা বা উন্নতির জন্য এইরূপ করিয়াছেন, ইহাই অনুমান করা আবশ্যক হইয়া পড়ে। যে আপন সৃষ্ট জগতের কার্য্যে অসুখ বোধ করে অথবা সময়াভাবে অশক্ত - এ প্রকার ঈশ্বরের এই জগৎ সৃষ্টি করিবারও অধিকার নাই। অন্যের শিক্ষা বা উন্নতির জন্য হইলে, যে প্রকারে সেই শিক্ষা বা উন্নতি হইবে তাহা না জনিয়াই তাহার প্রত্যেক পাঠ পঠিত হইতেছে। পাঠ নির্ব্বাচন শিক্ষকের হস্তে আছে। পাঠের কালে সময়ে সময়ে কত বিপরীত পাঠও পড়া হইতেছে। ইহার দ্বারা কার্য্য-ভার সৃষ্ট ব্যক্তির হস্তে দিয়া অকার্য্যের ভারও দেওয়া হইয়াছে এইরূপ মনে করা যাইতে পারে। কারণ কার্য্য-ভার দেওয়ার সময় ভারপ্রাপ্ত ব্যক্তি দ্বারা অকার্য্য সাধনও হইবে অবশ্যই এইরূপ নির্দ্ধারিত ছিল। এই উভয় কার্য্যাকার্য্য ভার দেওয়া হইয়াছে বলিলে, পাপ ও পুণ্যের ভাগী আর কেহ থাকে না। বিশেষতঃ সৃষ্ট জীবের প্রতি কার্য্যভার অর্পিত থাকিলে ইচ্ছানুরূপ কার্য্য করিতে পারিত। যখন তাহা হয় না, তখনই ইহা স্থির হইল যে জগতে ঈশ্বরের ইচ্ছানুরূপ কার্য্যই হইতেছে। যিনি যে কোন প্রকার কার্য্য করিতেছেন, তাহা সকলই তাঁহার লীলা ; অন্যের কোন ব্যক্তিত্ব বা কার্য্য-কারিত্ব নাই। আমি আছি এই বোধ মাত্রই দ্বৈত ভাবের ব্যাপার। আবার যত প্রকার কার্য্য সৃষ্টিতে আছে তাহা সকলই ভৌতিক ব্যাপার, এইজন্য সকলই ইন্দ্রিয় সেবা। ঈশ্বর উপাসনা করিতে যাও, হৃদয় মনের তৃপ্তিতে শরীরের গ্লানি হ্রাস হইয়া যাইবে। দান দ্বারা নিজ মনের শান্তি ও অন্যের ইন্দ্রিয় সেবা ও তৃপ্তি সম্পাদিত হইবে। সকল কার্য্যই ইন্দ্রিয় সেবা কেবল সাক্ষাৎ ও গৌণ, এই তারতম্য। এই ইন্দ্রিয় সেবা, ঈশ্বরানুমোদিত জানিয়া যিনি প্রশান্তভাবে তাহা করিতে সুযোগ প্রাপ্ত হয়েন, তাঁহার অতিন্দ্রীয় যোগ লাভ হয়। পরিমিত বা অপিরিমিত হইল, সেইজন্য তাঁহাকে অনুতপ্ত হইতে হয় না ; কেননা তাঁহার ঈশ্বরই যোগ ও ঈশ্বরই ভোগ, তিনি সকল ঈশ্বরময় দেখেন ও হৃদয়ের ধন বলিয়া গ্রহণ পূর্ব্বক শোকাদি বিপাক হইতে মুক্তি লাভ করেন।

38. Transcendental power is gained through sense indulgence.

Five primary elements; earth, water, fire, air and sky (ether) in collaboration with senses are expressing their respective nature in human body. Though the people of Muslim and some other communities do not regard the sky as matter, there is no other place for air to have existence. Especially which matter occupies the vacuum place when air is taken out from a vessel through chemical reaction? In reply only it can be said that sky (ether) and the Godhead, creator of all are within it. The Muslims and the people of some other religions do not regard the sky (ether) as one of the primary elements as no significant action is seen. But the Hindues thinking it active as the container, have regarded it to be the matter and decided that its function is sound and this is the only difference. There should not be any debate regarding value. Now coming back to the mentioned agendum, it is essential to settle that the kinds of actions of five primary elements in collaboration with physical senses are regulated by any other power or divine power. If it is said that Godhead creating human being has authorized the responsibility of duty on him and everything is being done by it, His omnipotence is blamed. Because it needs to be imagined that Godhead being desirous of happiness like human being or

becoming unable to work Himself owing to be busy at different works has imposed duties on others or has done so for others' learning or upliftment. Such type of God who feels uneasy in the activities of the world created by Himself or is unable owing to the lack of time, has no right to create the universe. If it is a lesson for other's learning or upliftment, without knowing how this learning and upliftment will occur every lesson is being perused. Selection of lesson is under the disposal of the teacher. During the time of perusal, sometimes many adverse lessons are also being perused. By this it can be thought that responsibility of both deeds and misdeeds have been imposed on the created beings. Because at the time of imposing responsibility, it was settled that misdeeds also would be done by the entrusted person. If it is admitted that responsibility of both deeds and misdeeds have been given, no one will stand sharer of virtue and sin especially if the responsibility of work had been imposed on the created beings, they could have acted as per their sweet will. Since it does not happen so, it has been accepted as absolute truth that only the will of Godhead is in action. Whatever one does is His play; nobody else has any mastership or effectiveness. 'I am'- this very feeling is the matter of dualism. On the other hand all kinds of actions in the creation are elementary affairs. This is why all these are sense indulgence. If you set yourself in devotion to

God and the physical exhaustion will be reduced by the satisfaction of mind. Charitable deeds will bring peace of one's mind and perform other's sense-indulgence and satisfaction. All actions are sense- indulgence; only difference is direct and indirect. Realizing this sense indulgence approved by God, the man who is provided with the scope to do that calmly, gains transcendental power. He needs not be repentant considering it limited or unlimited since only God is his mental abstraction and enjoyment. He finds Godhead in all and accepting it as the divine asset of heart gets freedom from mournful adversity.

সর্ব্বধর্ম্মের ঐক্যের নিমিত্তে বিশেষ লোক একজন আসিবেন

৩৯। জগতের ধর্ম্ম-সম্প্রদায়ীদিগের মধ্যে যে সকল অবতার ও অবতীর্ণ ও প্রেরিত বা সাধু পুরুষের ভাব কার্য্য করিতেছে, তাহাদের কোন ব্যক্তিকেই উপেক্ষা করা যাইতে পারে না। তাঁহারা সকলেই সময়ানুসারে আগমন করিয়া জগতের উপকার সাধন করিয়াছেন। ইহাদিগের কার্য্যের ভাব পৃথক পৃথক দৃষ্ট হয়। কিন্তু একতার ভাব অভ্যন্তরে আছে। এই একতার ভাব তাঁহাদের লিখিত ধর্ম্ম গ্রন্থ হইতে প্রকাশ করিয়া বুঝাইয়া দেওয়ার জন্য জনৈক প্রশস্তমনা আচার্য্যের আবশ্যক। এমন দিন নিকট হইয়াছে, যে দিনে সর্ব্বধর্ম্ম সামঞ্জস্য ও সকল পার্থক্য দূর করিবার জন্য একজন আসিবেন, তাঁহার কথা জগৎ শুনিবে ও একতার পূর্ণযোগ লাভ করিয়া জীবন-মুক্তির সোপানে আরোহণ করিবে।

39. A distinctive incarnation will appear for the unity of all faiths.

No descended or sent incarnation or saint whose ideologies are acting among the religious communities of the world cannot be ignored. All of them appearing at the proper time have done well to the world communities. The mode of their actions seems to be different but trend of unity lies inside. A preceptor of magnanimous heart is essential for the manifestation of the trend of unity from their written books of religion and expound it to others. These days are near at hand when a distinctive incarnation will appear to eradicate all the differences among the religions and bring about congruity among them. Mankind all over the world will follow his instructions and gaining the complete feeling of unity will reach the stairs of deliverance being merged into Supreme Being.

স্বাধীনতা

৪০। স্বাধীনতা মানুষের মহাধন। এই স্বাধীনতার জন্য কত যুদ্ধ, কত প্রকার বিবাদ বিসম্বাদ পৃথিবীতে হইয়া গিয়াছে ও হইতেছে তাহার ইয়ত্তা নাই। রাজ্যলোলুপ, ধনলোলুপ, ইন্দ্রিয়পরায়ণ ব্যক্তিদিগের অন্য ব্যক্তির স্বধীনতার প্রতি হস্তক্ষেপণ ও আক্রমণ, স্বাধীনতার অপব্যবহার সন্দেহ নাই। কিন্তু স্বাধীনতার লক্ষন ইচ্ছানুরূপ কার্য্য লাভ। অন্যের পীড়ন হইবে বলিয়া ইচ্ছানুরূপ কার্য্য করিতে বাধা থাকিলে স্বাধীনতার খর্ব্বতা হইয়া যায়। পক্ষান্তরে ইচ্ছানুরূপ কার্য্য হইলেও, যে কার্য্যে অন্যের অপকার হইল তাহা সেই ব্যক্তির ইচ্ছার বিরোধী হওয়াতে তাহার

স্বাধীনতার ত্রুটি হইয়া গেল। জগতে যাহার যেরূপ ইচ্ছা তাহার ত্রুটিতে অনের ইচ্ছার তৃপ্তি দ্বারা যে স্বাধীনতা তাহা স্বাধীনতা নহে। কারণ এই যে, পরের দুঃখে মনের কাতর ভাব হওয়া সাধারণ প্রকৃতির নিয়ম। এই নিয়মের অন্যথাচরণ হইলে মন গ্লানিরহিত হইয়া থাকিতে পারে না ; বিশেষতঃ মন যাহা প্রার্থনা করে সকল সময় তাহাও লাভ করিতে পারে না বলিয়া স্বাধীনতার ভাব মনে থাকে না। পরন্তু সকলেই ঈশ্বরের অধীনতাকে স্বাধীনতার বিপরীত মনে করে না, অথচ অনিবার্য্য রোগ শোকাদি যাহা ঈশ্বরের ইচ্ছাতেই ঘটিয়া থাকে তাহা স্বেচ্ছার বহির্ভূত বলিয়া তাহাতে ভাবের সামঞ্জস্য রক্ষা করিতে পারে না। স্বাধীনতার নাম শুনিলেই মানুষ উৎসাহপূর্ণ হৃদয়ে তাহাতে যোগদান করে, তাহার স্বাধীনতার সীমা কতদূর তাহা জানিয়াও গাঢ় ভাবে মনে ধারণা হয় না। বাস্তবিক ঈশ্বরের সর্ব্বশক্তিমত্তার পরিচয় প্রদান ও নিজ ভাবকে সেই অগাধ স্বাধীনতার সমুদ্রে ডুবাইয়া সকল অভাব মোচন করিবার জন্য স্বাধীনভাব মাত্র মনে উদয় হয়। যাহারা ঈশ্বরের প্রেম বিশেষরূপে হৃদয়ে ধারণ করে ও তাঁহাতে বিশ্বাসী হইয়া সকলেই তাঁহার মঙ্গল ইচ্ছার অধীন মনে করে এবং স্বকর্ম্মের ভাব ও অনিষ্টাশঙ্কা একেবারে পরিত্যাগ করে, তাহাদিগকে অস্বাধীন ব্যাপারে কষ্ট দিতে পারে না। অপেক্ষাকৃত স্বাধীন বলিয়াও তাহাদিগকে বলা যাইতে পারে। প্রকৃতপক্ষে মানুষ যখন ব্রহ্ম বিদ্যা লাভ করিয়া কৃতকার্য্য হইবে, কেবল তখনই আপনাকে স্বাধীন বলিয়া পরিচয় দিতে সক্ষম হইবে। এখনকার স্বাধীনতা কেবল মনের ভাব মাত্র।

40. Freedom

Freedom is a great asset to a human being. There is no limit of how many wars, quarrels and contradiction have occurred and are occurring` in this world. It is beyond doubt that intervention and invasion to others independence by those who are greedy for kingdom and wealth and are sensual is the misuse of freedom. But to act at one's pleasure marks one's freedom. One's independence is hampered if there is barrier to act according to one's sweet will thinking that it may

cause other's persecution. On the contrary, even in case of acting according to one's pleasure the action going against others will has done harm to the later and thus his independence is hampered. The independence where the hindrance of fulfilment of one's desire satisfies that of others is not independence at all. Because it is a common natural phenomenon to be shocked at the distress of other people. If anything happens otherwise, mind can't remain free from agony. Especially as human being can't always gain even what he prays for, the idea of independence doesn't rise in mind. Moreover everyone doesn't consider the subjection to God opposite to independence. But irresistible diseases and affliction befallen on any human being as per the will of Godhead cannot maintain congruity of feeling with that as it is beyond his desire. As soon as man hear the term independence he/she eagerly join it. In spite of knowing the limit of his independence, he can't have clear conception of it. In fact only a feeling of freedom rises in mind to eradicate all sorts of privations through the introduction of the omnipotence of the Supreme Being and immersion one's egoistic notion in the unfathomable sea of freedom. Subservient affairs cannot afflict those who cherish the devotion to God in their heart well having faith in it, think that everything is under His auspicious will and give up the feeling of own act and apprehension of evil forever. They may also be termed as comparatively

independent. In terms of the truth, human being will be able to introduce himself as an independent one only when he/she will be successful gaining divine spirit. Present freedom is nothing but only an idea of mind.

জাতিগত পার্থক্যের মধ্যে আধ্যাত্মিক মিল

৪১। হিন্দু ও মুসলমান ও খ্রীষ্টিয়ানাদি যত প্রকার ধর্ম্মাবলম্বী লোক পৃথিবীতে আছে তাহাদের মধ্যে একের প্রতি অন্যের সদ্ভাব অতি অল্প, বিশেষতঃ জাতিগত বিশেষ সৌহার্দ্দ্য ভিন্ন জাতীয়ের সঙ্গে নাই।

মনের এই সকল পৃথক ভাবের মধ্যেও কোন এক ভিন্ন ব্যক্তির সহিত অপর কোন এক ভিন্ন ব্যক্তির দর্শনে, স্বার্থের সম্বন্ধ ব্যতীতই, মনে ভালবাসার উদয় হয়। ইহার কারণ বিজ্ঞান বলিবে, প্রকৃতিতে এইরূপ ভাব নিহিত আছে ; কিন্তু ঈশ্বর প্রেমেতে যুক্ত লোকেরা বিশেষভাবে প্রত্যেকের আপন আপন জীবন অনুসন্ধান করিলে ইহা অবশ্যই বুঝিতে পারিবে যে, বাহ্যিক জীবন যত কেন পৃথক হউক না, আধ্যাত্মিক জীবন জগতের যোগ রক্ষা করিতেছে। হিন্দুতে মুসলমান, মুসলমানে খ্রীষ্টিয়ান, খ্রীষ্টিয়ানে হিন্দু ইত্যাদি নানা জাতীয় ও নানা ধর্ম্মাবলম্বী লোকদিগের মধ্যে প্রকৃতির মিল ও চিন্তাগত ঐক্যভাব এবং ধর্ম্ম সম্বন্ধে আধ্যাত্মিক যোগ রহিয়াছে। ইহা অনেকে ব্যাপকতা বশতঃ কিছু কিছু বুঝিতে পারে, আবার অনেকের হৃদয়নিহিত ভাবের স্ফূর্ত্তি না হওয়াতে বিশেষরূপে বুঝিতে পারে না। আধ্যাত্মিক যোগে মানুষের সকল কার্য্য হইতেছে, অচিরে তাহা বাহ্য যোগে পরিণত হইবে। প্রত্যেকের সঙ্গে প্রত্যেকের আধ্যাত্মিক প্রেম সম্বন্ধ রহিয়াছে, ইহাতে যাহার স্থির বিশ্বাস হইবে তাহার হৃদয় হইতে শ্রীঘ্রই বিবাদ বিসম্বাদের ভাব চলিয়া যাইবে।

41. Spiritual congruity lies in the racial distinction

There is very little good feeling among the people of different faiths like the Hindus, the Muslims, the Christians in the world. Especially the people of one religion have no racial special amity for the people of other religion. Even in the midst of different feelings of mind at the time of visiting each other belonging to different religion, love rises in their minds ignoring their respective interest. Science will argue that such type of trend lies in nature. But the people devoted to God clearly realize by searching their respective life that whatever may be the differences in external lives, the spiritual lives are maintaining relationship with the universe. There is congruity of nature and thought and spiritual relation regarding religions among the people of different races and faiths like the Muslims with the Hindus, the Christians with the Muslims, the Hindus with the Christians etc. Many a man can realize it for its comprehensiveness. Again others can not realize it well owing to the lack of fulfilment of devotion cherished in their heart. Each and every action of human being is being performed spiritually and it will be done concretely in near future. Very soon the trend of quarrel and contradiction will be vanished from the hearts of a man who has firm faith in the maxim that everyone has a tie of spiritual love with other.

৪২। পরব্রহ্ম জগৎ সৃষ্টি করিয়া, স্বকীয় ও পরকীয় ভাবে বুদ্ধি-যোগ রক্ষা করিতেছেন। জীব মাত্রেরই মনে স্বকীয় ও পরকীয় ভাব নিহিত রহিয়াছে। আবার সকল ধর্ম্ম শাস্ত্রেই এই কথা প্রকাশ আছে যে, আপনার ন্যায় সকলেতে বিশেষ ভাব যাহার আছে, সেই সাধু। সর্ব্বদাই জগতে ঈশ্বরের লীলা প্রত্যক্ষীভূত হইতেছে, অথচ মানুষ কতকগুলি বিষয়কে জড়াইয়া একটি রেখার মধ্যে নিজ নিজ কার্য্যে ও ভাবেতে স্বকীয় লীলা বোধ করিতেছে ; নানা প্রকার বস্তু ও তাহার গুণাগুণ বিবেচনায় তাহাদিগের আদর ও অনাদর করিতেছে। খাদ্য ও অখাদ্য এবং ঔষধি প্রভৃতির বিচার করিয়া কোন বস্তু গ্রহণ ও কোন বস্তু ত্যাগ করিতেছে। এই দুই বিপরীত ভাবের মূল কোথায়? ইহার উত্তরে, যখন সর্ব্বমূলাধার ঈশ্বর ভিন্ন আর কোন উদ্ভবের স্থান মাত্র নাই, তখন পরমাত্মা হইতেই সকল, প্রত্যেক ব্যক্তির মনে এই শেষ মীমাংসার উদয় হইবেই হইবে। কিন্তু এই প্রকৃত ভাবের মধ্যে মনকে স্থিরতর রাখিতে কেহই অদ্য পর্য্যন্ত পারগতা লাভ করেন নাই। বাস্তবিক সকলই যখন এক ঈশ্বর হইতে ও একমাত্র ঈশ্বর ভিন্ন আর কোন বস্তুর সত্ত্বাই নাই, তখন ভিন্ন ভিন্ন গুণবিশিষ্ট বস্তুও সকলই এক, তাহাতে সন্দেহ মাত্র নাই। জ্ঞানের পরিপক্কাবস্থাতে সিদ্ধযোগ লাভ হইলে ইহাতে পূর্ণ বিশ্বাস ও কার্য্যযোগ হইবে। যদিচ আপাততঃ শীতরৌদ্র ও পঙ্কচন্দনাদির পার্থক্য দেখা যায় এবং এ সকলকে এক করিয়া কেহ দেখাইয়া দিতে পারে না, তথাপি সিদ্ধযোগ লাভের পূর্ব্বেই এই বিশ্বোসের আরম্ভ কোন ব্যক্তির কোন সময়ে হওয়া প্রাক্তনযোগ।

42. It is not illogical to believe all substances to be same.

Creating the universe the Supreme Being is exercising intellect with the feeling of self and others. The feeling of self and others lies in every living entity. Again it has been declared in all religious scriptures that a devotee who has the special feeling of love for other like that of himself is a saint. The play of Godhead is

always being perceived directly but human beings resorting to some worldly affairs are enjoying their intrinsic playing in their respective actions and feelings in particular line of notion. They are respecting and disrespecting various kinds of things considering their merits and demerits. They are also accepting some things and rejecting others considering them to be edible, inedible and medicine. Where is the origin of the two contrarieties? As there is no origin other than the Supreme Being, everything is from the supreme spirit. In reply to the above question this final decision must rise in everyone's mind. But nobody could gain such competence still now to settle his or her mind on absolute truth. As the fact is that everything is from Godhead and there is no entity of any other thing apart from Godhead, things of different qualities and characteristics are also same and it is beyond all sorts of suspicions. A devotee will have firm faith in it and act accordingly when he/she will attain spiritual perfection in the stage of his full flourishment of wisdom. Though the difference of cold and sun, mud and sandal paste is felt and nobody can show them merging one with another, before gaining spiritual perfection, the commencement of this faith is the result of the previous devotion performed by a person in a certain period.

৪৩। এই জগৎ সৃষ্ট হইবার পূর্ব্বে প্রথমতঃ যে বস্তুর সৃষ্টি হয়, তৎসম্বন্ধে কেহ বলেন জল, কেহ বলেন তেজ, কেহ বা অষ্টম সূত্র (ইথর) অর্থাৎ অত্যন্ত সূক্ষ্ম তরল পদার্থের উল্লেখ করেন। এই সকল নানা প্রকার ধ্যানলব্ধ জগতের প্রাগ্‌ভাব মনুষ্য মনে মতভেদ জন্মাইবার কারণ। কিন্তু ঠিকভাবে চিন্তা করিলে এই সকলই এক প্রকার এবং এক বলিয়া স্থির করা যাইতে পারে। সে যাহা হউক, জগতের কার্য্য প্রণালী দৃষ্টে দেখা যাইতেছে যে, এক ঈশ্বর ইচ্ছা হইতেই শক্ত্যাত্মক পুরুষ এবং প্রকৃত্যাত্মক ভূমির উৎপত্তি হইয়াছে। প্রত্যেক বস্তুর এবং কার্য্যের মধ্যে এই দ্বিবিধ ভাব লক্ষিত হইতেছে, এই নিমিত্ত অগ্রে যে বস্তুরই উৎপত্তি হইয়া থাকুক ও যিনি যাহা বলুন না কেন, এই জগৎ প্রকৃতিপুরুষাত্মক মায়া দ্বারা আচ্ছন্ন। সৃষ্ট প্রকৃতি, পুরুষাত্মক এক শক্তি যোগে উন্নতি ও অনুন্নতির ভাব প্রকাশ করিতেছে। ঈশ্বরেতেই এই উভয় প্রকৃতিত্ব ও পুরুষত্ব বিরাজমান, এইজন্য প্রত্যেক বস্তুতেই এই উভয় ধর্ম্ম বর্ত্তমান থাকিয়া জগতের কার্য্য সম্পাদন করিতেছে। এক বস্তু হইতে অন্য বস্তুর উৎপত্তি হইতেছে, আবার দুই কিংবা অধিক বস্তু একত্রিত হইয়া পরিবর্ত্তিতরূপ লইয়া কার্য্যক্ষেত্রে দন্ডায়মান হইতেছে। এইরূপে জড়, উদ্ভিদ ও জীব সকলের বৃদ্ধি প্রক্রিয়া জগতে লক্ষিত হইতেছে। এই বৃদ্ধির কার্য্য প্রণালী অবলম্বন করিয়া, জীব সকল আপন আপন উদর পূর্ত্তি করিবার জন্য নানা প্রকার উদ্ভিদ ও ঔষধি এবং জীবজন্তু ভক্ষণ করিতেছে। এক জীবের সহিত অন্য জীবের চির সম্বন্ধ নিবদ্ধ করিবার জন্য, জগতে নানা প্রকার ভাব ও কার্য্য অর্থাৎ একজনের সহিত আর একজনের বিবাদ বিসম্বাদ ও প্রেমযোগ প্রকাশ করিতেছে। অহোরাত্র সাধ্য সাধনার যোগে এই বৃদ্ধির কার্য্যই প্রত্যক্ষ হইতেছে। কিন্তু ঈশ্বর ইচ্ছাতে যত প্রকারের কার্য্য সংসারে হইতেছে, সমুদয় কার্য্যেতেই এক বৃদ্ধি যোগ লক্ষিত হইলেও কোন কার্য্যে বাধা বিঘ্নের যোগ শূন্য দেখা যায় না। ইহার উদ্দেশ্য, সাধনের পরিপক্কাবস্থা আনয়ন করা ভিন্ন অন্য নহে। মনুষ্য যতদিন এই বৃদ্ধি সাধনকে আপন জীবনের বিশেষ ব্রত বলিয়া স্থির বিশ্বাস করিতে না পারিবে, যতদিন শরীর মন অর্পণ করিয়া ইহাতে তৎপর না হইবে ও যতদিন কুণ্ঠিত মন থাকিবে, ততদিন পূর্ণ চন্দ্রোদয়ে জীবন-মুক্তি লাভ করিতে ও নরকের অবস্থা দূর করিতে অর্থাৎ রোগাদি দুঃখ হইতে মুক্ত হইয়া ইচ্ছানুরূপ কার্য্য লাভ করিতে পারিবে না।

43. Growth is the only object of the universe

Some say that before the creation of the universe the thing that was created first is water, some say that it is light. Again some mention eighth formula (ether) meaning very fine liquid substance. All kinds of findings about the pre-primary stage of the universe attained by meditation causes difference of opinion in human minds. But through proper contemplation it can be settled that all these are of same kind and same thing. Whatever it may be, through the observation of the nature of action of the universe it is comprehended that Energetic self (shaktyatmak purush) and the souled nature-based ground (prakrityatmak bhumi) have originated only from the will of God Himself. This dual trend is being observed in each and every action and object. For this whatever thing originated first, and whatever one remarks regarding it, this world is comatose by the illusion of nature and the Self. The created nature being empowered by the omnipotent self is disclosing the trend of rise and downfall. Both the vitality of nature and self lie in the supreme being. Hence both the properties lying in an object are performing the acts of the phenomenon. One thing is being originated from another. Again two or more than two things being united are appearing in the field of action in a changed form. Thus the growth system of material, plants and animals is being seen.

Adopting the procedure of this growth animals are devouring various kinds of plants, medicine and animals to satisfy their respective hunger. To fix up eternal relation of a living being with another is showing various kinds of feelings and actions in the world idest quarrel, contradiction and love with one another. The activities of this growth is being noticed through day-night perseverance and adoration. Though the growth system is noticed in all the activities which are being done by the will of God, no act is free from impediment. Its purpose is nothing but bringing perfection in devotion. Human beings will not be able to gain complete freedom from desire and alleviate the hellish condition i.e, being free from the miseries of diseases they will not be able to act as per their sweet will until they will firmly believe this growth system to be the special mission of their lives and be intent on it devoting their body and mind and as long as they have hesitating mind.

মনের যোগ শেষ হইলে ঈশ্বর দর্শন লাভ হইবে

৪৪। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক- এই পঞ্চেন্দ্রিয় যোগে ঈশ্বর মনুষ্যভাবে কার্য্য করিতেছেন। ইহার মধ্যে বিষয়, বৈরাগ্য, ধর্ম্ম, কর্ম্ম সকলই বিরাজ করিতেছে। কার্য্য ও কারণের যে বিশেষ সম্বন্ধ তাহা বিষয়যোগে অল্প দৃষ্ট হয়। মনুষ্য আপন জীবনের কার্য্যে সুবিধা দর্শন না করিয়াই মরণান্ত কাল পর্য্যন্ত কার্য্যের উৎকর্ষ সাধিত হইবে না- এইরূপ মনের ভাব উপলক্ষ্যে সময়ে সময়ে নিরাশকূপে পতিত হইতেছে ও আমার আমার করিয়া আমি দুঃখ ও সুখভাগী, আমি সক্ষম ও অক্ষম এবং আমি একজন পৃথক ব্যক্তি এইরূপ ভাবিয়া জীবন যাপন করিতেছে। ইহারই নাম মনের যোগ। এই মনের যোগেতেই সৃষ্টির কার্য্য চলিতেছে। এই মনের যোগ দূর হইয়া যাহার জীবনের যে কার্য্য নির্দ্দিষ্ট আছে তাহা লাভ করিবার জন্য যে পন্থা তাহাই সাধন ভজন। কিন্তু নিত্য নৈমিত্তিক ব্যাপারের ন্যায় এই সাধন ভজন ও প্রত্যেকের জন্য প্রকার ভেদে পৃথক পৃথক। যাহার যে প্রকৃতি তদনুসারেই মনের ভাব ও কার্য্যের এই প্রভেদ হয়। আবার এই সাধনের মধ্যেও অরি-দমন অর্থাৎ অন্তরায় নিবারণ না হইলে প্রকৃত সাধন সম্পন্ন হয় না। কালে হইবে, এই আশা সকলেরই মনে ঈশ্বর দিয়া রাখিয়াছেন। এই কারণেই নানা প্রকার অনিবার্য্য দুঃখ যন্ত্রণার মধ্যে পড়িয়াও মানুষের মন ভঙ্গ হয় না। পূর্ব্বে যে মনের যোগের কথা উল্লিখিত হইয়াছে, তাহা ঈশ্বরবাণী শ্রবণের বিশেষ যোগ যাহাদিগের মধ্যে হইবে, তাহারাই ইহার বিশেষ ভাব বুঝিতে পারিবে। পিঞ্জর-বদ্ধ পক্ষী যেমন সর্ব্বদা ছুটিয়া বেড়াইতে ইচ্ছা করে, সেইরূপ মনুষ্যও আপন সর্ব্বোৎকৃষ্ট ঘনিষ্ঠ ঈশ্বরীয় যোগ লাভ করিবার জন্য নানা প্রকার ভাব ও কার্য্য অবলম্বন করে। অথচ কি উদ্দেশ্যে কোথায় যাইতেছে তাহা সকল সময় বুঝিতে পারে না। সুখের ইচ্ছা সেই সুখময় ব্যতীত আর কোথায় পূর্ণ হইতে পারে? বাস্তবিক মনের যোগেই ঈশ্বর হইতে একটি পৃথক অস্তিত্বের ভাব হৃদয়ে দিতেছে। যে সকল অন্তরায় অতিক্রম করিয়া তাহা দূর করিতে হইবে, তাহার চেষ্টাই মনের যোগ-সাধন। সাংসারিক ও অসাংসারিক প্রত্যেক কার্য্যেই মনের যোগ সাধিত হইতেছে। এই মনের যোগ শেষ হইলেই ঈশ্বর দর্শন লাভ হইবে।

44. Vision of Godhead is gained through the extirpation of egotism.

Godhead is acting as a man with the five sense organs-eye, ear, nose, tongue and skin. Worldly affairs, non-attachment, adoration, and actions- all these are included in it. The special relation between cause and effect is little noticed from the point of view of worldly affairs. Without finding convenience in one's own activities no amelioration would be possible until death and the ground of such feeling at times human beings are being disappointed and out of egotism think "I am partaker of joy and sorrow. I am able and unable and I have individual entity" and thus they are passing their days. It is called egotism. The function of creation is going on by this attachment of human mind. Through the extirpation of this attachment the way of being provided with the duties of one's life which is assigned for one is called devotion. But like daily affair everyone's adoration is of different kinds. The difference of everyone's feelings and acts are according to his/her inborn nature. Again in this devotion without subduing enemy i.e removing hindrance, proper adoration is not performed. Godhead has given the hope in everyone's mind that it would be performed in course of time. For this in spite of falling into various unavoidable sorrows and afflicfions, a human being is not dejected. Those who have attained special authority for hearing divine

revelation, can realize the main theme of egotism cited before. As the caged bird always desires to fly about, human beings also adopt various types of feelings and actions to have the closest association of God. He/she can't always understand where he is going and what for. Where can the thirst for happiness be satisfied other than the lap of joyful God? In fact this is the egotism which is giving everyone the sense of individual entity. The struggle for the removal of this individual feeling by overcoming all hindrances on the way of devotion is called the adoration of egotism. This is being performed through both the worldly and unworldly activities. Vision of Godhead will be gained just with the extinction of this attachment.

৪৫। এই মনের যোগ সাধিত হওয়ার জন্য ঈশ্বর, মনুষ্য প্রকৃতির মধ্যে ২৫ (পঁচিশ) প্রকারের সাধকতা নিহিত করিয়া রাখিয়াছেন। ইহার মধ্যেও পঞ্চ প্রকার উচ্চ সাধকদিগের মধ্যেই অধিক পরিমাণে প্রকাশিত হইবে। অবশিষ্ট ২০ (বিংশতি) প্রকার অন্য লোক সকলের মধ্যে প্রকাশিত হইবে।

উক্ত পঞ্চ প্রকার যথা–

১। শ্রবণ-সাধকতা ঃ যাহার দ্বারা ঈশ্বরবাণী শ্রবণ পূর্ব্বক স্বীয় ও পরকীয় জীবনের ভূত ও ভবিষ্যত এবং বর্ত্তমানের অবস্থা জানা যায়।

২। দর্শন-সাধকতা ঃ যাহা দ্বারা ঈশ্বর দর্শন লাভ করিয়া মনুষ্য চিরজীবনের সার্থকতা লাভ করিতে পারে।

৩। বিদ্যা-সাধকতা ঃ যাহা দ্বারা সকল বিষয়ের মীমাংসা করিতে সক্ষম হয়।

৪। ইচ্ছা-সাধকতা ঃ যাহার দ্বারা ঈশ্বর ইচ্ছার সহিত মনুষ্য ইচ্ছার মিলন হইয়া যায়।

৫। হৃদয়-সাধকতা ঃ যাহার দ্বারা মনুষ্যের হৃদয় ঈশ্বরের সহিত তুল্যভাবে জগতে কার্য্য করে।

অপর বিংশতি প্রকার যথা-

১। সিদ্ধি-সাধকতা ঃ যাহার দ্বারা মনুষ্য হৃদয় ঈশ্বরের প্রেমে মগ্ন থাকে।

২। জগত-সাধকতা ঃ যাহার দ্বারা জগতে ভালবাসা বিস্তার হয়।

৩। প্রেম-সাধকতা ঃ যাহার দ্বারা মনুষ্যের প্রেম আকর্ষণ করে।

৪। কার্য্য-সাধকতা ঃ যাহার দ্বারা জীবনের কার্য্য জানা যায়।

৫। লক্ষ্মী-সাধকতা ঃ যাহার দ্বারা প্রয়োজনীয় অর্থ লাভের উপযোগিতা লাভ হয়।

৬। সম্পদ-সাধকতা ঃ যাহার দ্বারা সকল অভাব মোচন হয়।

৭। অরি-সাধকতা ঃ যাহার দ্বারা ধর্ম্ম পথের বাধা বিঘ্ন দূর হইয়া যায়।

৮। রবি-সাধকতা ঃ যাহার দ্বারা শারীরিক বল বীর্য্য লাভ হয়।

৯। চন্দ্র-সাধকতা ঃ যাহার দ্বারা কার্য্য সাধনে আয়াস ও আলস্য দূর হয়।

১০। শরীর-সাধকতা ঃ যাহার দ্বারা শরীর রোগ হইতে মুক্ত হয়।

১১। দৃষ্টি-সাধকতা ঃ যাহার দ্বারা শরীরে দৃষ্টিমাত্র সদ্ভাবের উদয় হয়।

১২। রস-সাধকতা ঃ যাহার দ্বারা প্রেমরস পানে একাগ্র চিত্ত হয়।

১৩। রূপ-সাধকতা ঃ যাহার দ্বারা রূপ ও অরূপ উভয়ের একতা ইন্দ্রিয় গোচর

হয়।

১৪। মৃত্যু-সাধকতা ঃ যাহার দ্বারা মনুষ্য অমর হয়।

১৫। উর্ব্বর-সাধকতা ঃ যাহার দ্বারা শরীরের উর্ব্বরতা সাধিত হয়।

১৬। কাল-সাধকতা ঃ যাহার দ্বারা কোন্ সময়কে কি কার্য্য তাহা স্থিরীকৃত হয়।

১৭। দেশ-সাধকতা ঃ যাহার দ্বারা কোন্ স্থানে কি কার্য্য তাহা জানা যায়।

১৮। পাত্র-সাধকতা ঃ যাহার দ্বারা কোন ব্যক্তির সহিত আপন জীবনের কি প্রকার সম্বন্ধ তাহা জানা যায়।

১৯। পতি-সাধকতা ঃ যাহার দ্বারা স্ত্রীগণ আপন আপন জীবনের সঙ্গীদিগের সুখসাধনে ও ধর্ম্মবর্দ্ধনে সক্ষম হয়।

২০। স্ত্রী-সাধকতা ঃ যাহার দ্বারা স্ত্রীদিগের সুখসাধনা এবং তাহাদিগকে সাধনের সঙ্গিনী করণে পুরুষ সক্ষম হয়।

এই সকল সাধকতা মনুষ্য হৃদয়ে অপূর্ণভাবে কার্য্য করিতেছে। কালেতে সাধনের সঙ্গে সঙ্গে উহাদিগের পরস্পর উৎকর্ষ সাধিত হইতেছে। এই পঞ্চবিংশতি সাধকতাতে মনোযোগ থাকিলে অমিতব্যায়ীদিগের মিতব্যয়ের ভাব, অত্যাচারীদিগের সদাচার, অপ্রেমিকের প্রেম-সঞ্চার, সর্ব্বকার্য্যে পারদর্শিতা এবং ভাব্য ভাবনার শেষ ফল- দর্শন ও শ্রবণ যোগের আরম্ভ, অপেক্ষাকৃত অল্পকাল মধ্যেই হইতে পারে।

45. Devotion

Godhead has concealed 25 kinds of devotions in human nature for the extinctions of ego. Among them 5 kinds of devotion will be revealed in great extent in advanced devotees. The remaining 20 kinds of devotion will be revealed in all other devotees. Five kinds of devotion cited above are as follows:

1. Devotion to hearing: The divine power by which hearing the divine revelation a devotee can be aware of his own and others condition of present, future and former lives.
2. Devotion to vision: It is the divine power by which a devotee can have the vision of God and attain eternal success.
3. Devotion to esoteric knowledge. It is the power by which a devotee can settle everything.
4. Devotion to will power: It is the power by which human`s desires merge into the Gods will. 5. Devotion to heart: It is the divine power by which human heart can act similarly to that of God in the world.

Other twenty kinds of devotions

1. Devotion to perfection: It is the power by which human heart remains absorbed in devotion to God.
2. Devotion to world: It is the power by which one can love all of the world.
3. Devotion to love: By which one can draw human-love.
4. Devotion to assignment: By which one can know the assignment of one's life.
5. Devotion to Lakshmi: By which one can gain the means of earning necessary money.
6. Devotion to wealth: By which all kinds of privations are alleviated.
7. Devotion to subduing the enemies: By which the impediments on the way of observance of religious

duties are removed.
8. Devotion to sun/semen: By which physical strength and velour are gained.
9. Devotion to moon: By which indolence and fatigue in performing acts are removed.
10. Devotion to body: By which one can be physically free from diseases 11. Devotion to sight/vision: It is the power by which divine feeling rises just at the sight of a body.
12. Devotion to sentiment: By which one can have concentration of mind in enjoying the bliss of divine love.
13. Devotion to gracefulness: By which the combination of both beauty and ugliness is known to senses.
14. Devotion to death: By which human being can be immortal.
15. Devotion to fertility: By which the fertility of body is gained.
16. Devotion to time: By which one can ascertain the proper time for a particular work.
17. Devotion to place: By which one can know the proper place for a particular work.
18. Devotion to person: By which a devotee can know what sorts of relation of his life he has with a person.
19. Devotion to husband: By which the wives become capable of making their respective life partner happy and increasing their devoutness
20. Devotion to wife: By which the husbands become

capable of giving their respective wives pleasure and making them associate in adoration.

All these devotions are acting imperfectly in human hearts. With the passage of time they are ameliorating mutually through devotional performances. In case of concentration of mind on this twenty five kinds of devotion, feeling of restraint of the unrestrained, good conduct of outrageous, rise of love in the heart of the loveless, skillfulness in all actions and the final result of the thought and to be thought of -- the initiation of the power of divine vision and hearing may be realized within short time.

ঈশ্বরীয় যোগ লাভের পূর্ব্বক্ষণে
একবার সংসারের অকুশল অনিবার্য্য

৪৬। মনুষ্য জগতে সংসারী ও অসংসারী ভাব বিচরণ করিতেছে। যে সকল কার্য্য কলাপাদি দ্বারা আহারীয় পানীয় প্রভৃতি লাভ হয় এবং মান সম্ভ্রমাদি রক্ষা পায় তাহার নাম সংসার। আর ঈশ্বরীয় প্রেমে নিমগ্ন হইয়া মন যাহা চায় তাহার নাম অসংসার। এই উভয় সংসার এবং অসংসারের নির্দ্দিষ্ট কার্য্য একস্থানে মিলনের ব্যাপার বর্ত্তমান থাকা সত্ত্বেও মনুষ্য তাহা না জানিয়া সংসারের জন্য ব্যস্ত ভাবে কার্য্য করে ও সময়ে সময়ে নৈরাশ্য অবলম্বন ও পরিত্রাণের কিছুই করিলাম না বলিয়া অনুতাপ করে। যেমন অযৌক্তিক কার্য্য করিয়া তাহার মন্দ ফল ভোগের পর যুক্তিযুক্ত কার্য্যের আদর উপস্থিত হয়, সেই প্রকার সংসারে মগ্ন মন কৃতকার্য্য হইতে না পারিয়া অসংসারী বাসনা গ্রহণ করে। তখন সংসার ও অসংসার পর্য্যায়ক্রমে হৃদয়কে অধিকার করে ও পরস্পর অসংসারী ভাবের সময় বৃদ্ধি

পাইয়া সংসারী ভাবের সময় অল্প হইতে থাকে। এইরূপে অন্তরায় ও ব্যবধান রহিত অসংসারী যোগ লাভ করিয়া জ্ঞানের পরিপক্কাবস্থা প্রাপ্ত হয় ও সংসার অসংসার এক বলিয়া মনে স্থির বিশ্বাস করিতে পারে এবং মনের স্থিরভাব লাভ করিয়া সকল সাংসারিক অভাব ও রোগ শোক হইতে মুক্তি লাভ করে। কিন্তু এই অবস্থা লাভের পূর্ব্বে একবার সাংসারিক অকুশল অনিবার্য্য, কেননা তাহা হইতেই মনুষ্য স্বর্গীয় যোগ লাভের সোপানে আরোহণ করিবে ইহা নির্দ্দিষ্ট রহিয়াছে।

46. Worldly disaster is irresistible for once on the eve of being blessed with devotion to God.

Both worldly and unworldly feelings are existing in the realm of human mind. The activities which provide human being with food and drink and maintains honour and prestige are called worldly concerns. On the contrary what one prays for being absorbed in devotion to God is unworldly affair. In spite of the presence of the causes of union of all the predestined worldly and unworldly actions, human beings act eagerly for the worldly benefit without knowing this and at times becomes disappointed and repent of doing nothing for salvation. As the reasonable actions are appreciated after suffering from the result of unreasonable actions, without being successful a mind indulged in worldly affairs, feel divine thirst. Then worldly and unworldly affair pervade the heart by turn and gradually the time for

unworldly feeling increases and worldly feeling decreases. Thus a devotee gaining divine spirit free from impediment and discrimination gets full-bloomed wisdom and can have firm faith in the sameness of both worldly and unworldly affairs. Then having calmness of mind gains freedom from all worldly privations and diseases and afflictions. But on the eve of reaching this stage, worldly disaster for once is irresistible. Because human being will climb the stairs of having heavenly quality from that and this is predestined.

পরলোক

৪৭। মনুষ্য-আত্মা শরীর ধ্বংসের পর যে স্থানে অবস্থিতি করে সে স্থানকে 'পরলোক' এই নামে অভিহিত করা যায়। আত্মা যখন অবিনশ্বার তখন শরীরের মৃত্যুর পর আত্মার অবস্থিতির জন্য কোন নির্দিষ্ট স্থান না থাকিলে অমরত্বের ভিত্তি সুদৃঢ়রূপে সংস্থাপিত হয় না। ইহলোক শরীর স্থিতির স্থান নির্দ্দিষ্ট হইয়াছে। কিন্তু আত্মা শরীর পরিত্যাগের পর কিরূপে অথবা কিভাবে কোন্ স্থানে বাস করে অধ্যাত্ম-যোগ-বল ব্যতীত তদ্বিষয়ে অন্য যৌক্তিক প্রমাণের অসদ্ভাব। হিন্দু ধর্ম্মাবলম্বী লোকেরা ব্রহ্মলোক, সূর্য্যলোক, চন্দ্রলোক প্রভৃতি স্থানে, মুসলমানাদি অন্যান্য ধর্ম্মাবলম্বীগণ সমাধী-স্থানে মৃত মনুষ্যের আত্মার অবস্থিতি বিশ্বাস করে, কিন্তু স্বর্গ নরকের ভাব এই সকলের মধ্যেই আছে। ব্রাহ্মেরা এ বিষয়ে বিশেষ কিছুই স্থির করিতে পারেন নাই, পরলোক আছে মাত্র স্বীকার করেন। যদি পরলোকে আত্মার কোন একটি নিবাস স্থান নির্দ্দিষ্ট থাকিত, তবে ইহাদিগের মধ্যে অনৈক্যের ভাব থাকার কোন কারণ ছিল না। বাস্তবিক ইহকাল ও পরকাল শরীরের জন্য, আত্মার জন্য নহে। শরীর না থাকিলে সূক্ষ্ম আত্মার যোগ ঈশ্বরের

সহিত অভেদ, সুতরাং আত্মার নিবাসের জন্য কোন স্থানের আবশ্যকতা বোধ করা অলীক। সকল প্রকারের শরীরই কোন একটি ঐশ্বরিক কার্য্যের জন্য পৃথিবীতে জন্ম ধারণ করিয়াছে। তাহারা একবার স্থিতিযোগ লাভ করিয়া চিলকালই মৃত্যুতে আচ্ছন্ন হইয়া থাকিবে, মনের অভিলাষ পূর্ণ হইবে না এবং বন্ধুজনের হৃদয় শোকার্ত্ত থাকিবে আর শীতল হইবে না, এইরূপ কখনই হইতে পারে না। এমন সময় অবশ্যই আসিবে যে সময়ে প্রত্যেক মৃত ব্যক্তি শরীর লইয়া মনুষ্যের স্বপ্নদর্শনের ব্যাপার সফল করিবে এবং বন্ধুজনের চিরশোক নিবারণ করিয়া জীবন-মুক্তি লাভ করিবে। তখনই পরলোকের ভাব হৃদয়ঙ্গম হইবে। পৃথিবীর লোক অন্য কোন লোক-গুলোতে যাইয়া অবস্থিতি দ্বারা সুখ বোধ করিবে, এইরূপ মনে করা যাইতে পারে না।

47. Other World

The space where the human soul exists after the destruction of body is termed as other world. As soul is indestructible, after the destruction of body the foundation of immortality can't be established very firmly without any particular space for its existence. This world has been fixed for the existence of the body. But no other reasonable proof other than spiritual power regarding in what form or how and where the soul exists after departing from body is acceptable.

The followers of Hindu religion believe that a departed soul exists in the space like the realm of all-pervading divine soul (Brahma) the solar or lunar world.

But the Muslims and the followers of other faiths believe its presence in the cemetery. But the idea of heaven and hell lie in all the beliefs mentioned above.
The Brahmas could not come to a decision in connection with this. They only admit the existence of other world. If there had been a dwelling place fixed for the departed soul in other world, there would have been no cause of the feeling of inconsistency among them. Both present and eternal life are for the body, not for the soul. In absence of elemental body, the existence of subtle soul is identical with the Supreme Being. So to feel the necessity of dwelling place for the soul is fictitious. All kinds of bodies have appeared on the earth for the accomplishment of a particular divine act. It can never so happen that having physical existence for once will remain concealed in death for ever, the desire of the mind will not be fulfilled and the heart of the kith and kins will remain afflicted with grief and never calm down. Such an auspicious time will certainly come when every deceased person assuming his former physical form will realize the human dream and removing lifelong affliction of the kith and kins will gain salvation in life. Just then, the idea of other world will be perceived. It can't be thought that the human beings on the earth will feel happiness going to other world and residing there.

বিশুদ্ধ ব্রহ্মযোগ লাভ না করিলে সাধনের কার্য্য শেষ হইতে পারে না

৪৮। সর্ব্বস্বান্ত হইয়াও মনুষ্য সর্ব্বমূলাধার ঈশ্বরের জন্য বিশেষরূপে ব্যস্ত হইতে পারে না। অনিবার্য্য কারণ বশতঃ সময়ে সময়ে যে ব্যস্তভাব হয়, তাহা জীবনের সারমর্ম্ম বুঝিতে না পারিয়া, অসার চিন্তার মধ্যেই বিলীন হইয়া যায় এবং ধারণার অসাধ্য হইয়া পড়ে বলিয়া বুঝিতে সক্ষম হয় না। আজীবন ঈশ্বরের চরণে পড়িয়া থাকিয়াও লোক সকল আসার বৈষয়িক চিন্তা মনে করতঃ অলীকবাদী তপস্বীর ভাব ধারণ করে, অথচ লোকের নিকটে কথঞ্চিৎ সাধক বলিয়াই পরিগৃহীত হয়। হৃদয়ের গ্রন্থিতে, মনের ভাবে, অসাধন এবং সাধন উভয়বিধ ভাব বিরাজ করে, সুতরাং সম্যক প্রকারে তত্ত্বজ্ঞান উপস্থিত না হওয়াতে সকল লোক
প্রেম লাভ করিতে পারে না, বিশেষতঃ শান্তি-যোগ লাভ ও সন্দেহ নিবারণ হয় না বলিয়া সর্ব্বদা মন সশঙ্কিত থাকে এবং নিজ কার্য্য কর্ম্মের নির্দ্দোষিতা অকম্পিতভাবে মনে ধারণ করিতে পারে না। মনে শান্তি লাভ করাই সাধনের সর্ব্বশ্রেষ্ঠ ফল, তাহা সর্ব্বতোভাবে সন্দেহ নিরাকৃত না হইলে হইতে পারে না। নানা প্রকার মত ও মনের ভাবের মধ্যে পড়িয়া মনুষ্য এক ঈশ্বরেতে যোগ-শেষের অবস্থা শীঘ্র লাভ করিতে পারে না। সাধনের কার্য্য আরম্ভে কল্পনা, আসন, বসন, তীর্থভ্রমণ, শ্মশানাদিতে জপ, মুদ্রা, পূজা, প্রচারাদি এবং ভক্তগণের যোগাদি নানা প্রকার কার্য্য অবলম্বিত হইয়া থাকে। ইহার দ্বারাই হিন্দুদিগের মধ্যে সিদ্ধির কথাও শুনা যায়, কিন্তু এই আংশিক সিদ্ধি দ্বারা জগতের বিশেষ উপকার হইতে পারে না ও তাহা অচিরকাল মধ্যেই অবসন্ন হইয়া যায় এবং জগতে আন্দোলন মাত্র রাখিয়া জীবন শেষ হইয়া যায়। জগতের যোগ লাভ না করিলে কোন প্রকারেই প্রকৃত সিদ্ধি লাভ হইতে পারে না। কোন প্রকারের ধর্ম্মাবলম্বীদিগের মধ্যেই প্রকৃত সিদ্ধির পথ আবিষ্কৃত হয় নাই। সকলেই মনে করে যে আপন আপন কার্য্যেতে সিদ্ধির ভাব আগমন করিতেছে, অথচ নানা প্রকারের সন্দেহ হৃদয়ে বিরাজ করিতে থাকে। যখন মনুষ্য সর্ব্ব সংস্কার পরিত্যাগ করিয়া একমাত্র সর্ব্বময় ঈশ্বরের শরণলাভে কৃতসংকল্প হইয়া জপন, মন ও ধ্যান এবং অব্যবধানে ঈশ্বরীয় যোগ লাভ করে, তখনই কেবল মানুষ সিদ্ধির পথে দন্ডায়মান হয়। অতএব বিশুদ্ধ ব্রহ্মযোগ লাভ না করিলে সাধনের কার্য্য শেষ হইতে পারে না।

48. Without gaining absolute divine spirit, devotional activities can't be accomplished.

Human being can't be engaged in devotion to all in all supreme being minutely even being totally ruined. The eagerness that rises in a human being under unavoidable circumstances vanishes in unreal thinking owing to his/her inability to grasp the essence of life and he/she can't realize it, as it goes beyond his retentive power. Even being devoted to Godhead throughout his/her life calling the worthless thinking of worldly affairs back to mind, he/she cherishes the feeling of illusionist saint. Yet he/she is somehow appreciated as devotee by people. Feeling of both the performance and nonperformance of devotional act exist in the feeling of mind and knot of heart. So everyone cannot gain divine love without having fundamental truth properly especially because of not getting peace and removing suspicions, the mind always remains fearful and can't accept the innocence of his own actions unshakenly. To have peace in mind is the greatest outcome of devotion and that cannot be till the complete eradication of suspicions. Being influenced by different faiths and feeling human being can not gain the devotion to only one God, the final stage soon. On the commencement of adoration a devotee adopts imagination, seating, going on pilgrimage, muttering of prayers at cremation ground,

gesture, worship, preaching and other actions like the religious abstraction of the devotees. Also the spiritual upliftment of the Hindu devotees through the performance of the above events is heard. But partial success cannot benefit the world properly and within a short time it droops and the life of the devotee comes to an end leaving an ideal behind to be thought of. Without having universality no attainment of true spiritual power can be gained in any way. The true way of success is not still found out among the followers of any faith. Everyone thinks that the feeling of having spiritual power is coming through respective performances but various type of suspicion is existing in his heart. When a human being, giving up all prejudices and resolving to take shelter in the omnipresent Godhead, gain the blessings of muttering prayers, thinking, meditation and within a short time devotion to God, only then he starts to walk along the path of attaining spiritual power. So without having absolute divine spirit devotional activities cannot come to an end.

ঈশ্বরবাণী হৃদয়ে প্রকাশিত হওয়ার প্রকার ভেদ

৪৯। লোকের উপকার ও নিজ সাধনের সুবিধার জন্য ঈশ্বর বাণী শ্রবণ হইয়া থাকে। কেহ কেহ বলেন, ঈশ্বরবাণী মানবাত্মাতে প্রতিভাত হওয়া অসম্ভব, ইহা মনের কল্পনা মাত্র। যখন ঈশ্বর জীবন্ত জাগ্রতভাবে সর্ব্বদা বর্ত্তমান ও আত্মাতে সর্ব্বদা সংলগ্ন, এবং ভাব্য বিষয় উপস্থিত করিয়া তাঁহার চরণামৃত পানে উক্ত অধিকার লাভ হইবে বলিয়া হৃদয়ে বিশ্বাস দিতেছেন এবং তাঁহার দর্শন, বাক্য শ্রবন

ও কোন কোন কার্য্যের মঙ্গলামঙ্গল পূর্ব্বে জ্ঞাত হওয়ার জন্য সকলেরই মনকে লালায়িত করিতেছেন তখন ইহার চরিতার্থতা বিষয়েও ঈশ্বরের ইচ্ছা রহিয়াছে ইহাতে সন্দেহ করা যাইতে পারে না। বাণী প্রকাশ ব্যতীত ইহার চরিতার্থতা হইবার অন্য উপায় নাই। এইজন্য ঈশ্বর মনুষ্যহৃদয়ে কথা বলেন এ বিশ্বাস অলীক নহে। যাঁহারা বাণী শুনিয়াছেন কেবল তাঁহারাই ইহার সাক্ষ্য দিতে সক্ষম, অন্যের বুঝিয়া উঠা কঠিন। বিশেষতঃ হিন্দু, মুসলমান ও খ্রীষ্টিয়ান ধর্ম্মাবলম্বী সাধকগণ ইহার নানা প্রকার প্রমান জনসমাজে রাখিয়া গিয়াছেন তাহা অগ্রাহ্য করা ও মূর্খতার কার্য্য। রোগী উপকারার্থে একবার ঔষধ সেবন করিয়া বিস্বাদু বোধ হইলে পুনর্ব্বার ঔষধ সেবনে অনিচ্ছা প্রকাশ করে, সেইরূপ একবার ঈশ্বর চিন্তায় মনোনিবেশ করিয়া মনে অশান্তির উদয় হইলে বিশ্বাস অভাবে সাধনে পরান্মুখ বক্তি, ঈশ্বরবাণী শ্রবণ হওয়া অসম্ভব - এই কল্পনা মনে স্থান দিয়া প্রবৃত্তি অনুসারে কার্য্য করে ও সংসার চিন্তায় মগ্ন থাকে। ঈশ্বরবাণী চারি প্রকারে মানুষের নিকট প্রকাশ হইয়া থাকে। প্রথমতঃ নীল এবং হরিদ্রা বর্ণ যুক্ত রেখা হৃদয়ে

উপস্থিত হইয়া তাহার নিমীলনে ও উন্মীলনে অকর্ত্তব্য ও কর্ত্তব্যের পরিচয় দান করে। দ্বিতীয়ঃ শব্দ-মুখ অর্থাৎ শব্দ করে এমন একটি মুখের ন্যায় হৃদয়ের নিকটে বোধ হয়। এই দুইটি লাভ করা অতি অল্প লোকের ভাগ্যেই নির্দ্দিষ্ট আছে। তৃতীয়তঃ হৃদয়ে একটি চক্রের ন্যায় ঘুরিতে ঘুরিতে তুমুল আন্দোলন হইতে থাকে, তাহার মধ্যে ঘোর ঘোর কোন কথা বুঝিতে পারা যায়। তাহার কতকদিন পরে অন্য লোকের এবং নিজ সম্বন্ধীয় কথা মনেতে বিশেষভাবে উদিত হইতে থাকে। এইরূপ চক্রের ন্যায় ঘুরিয়া মধ্যে কয়েকদিন স্থগিত থাকিয়া পুনর্ব্বার এবং এইরূপে বারম্বার হইতে থাকে। একবার আন্দোলনের পর এইরূপ বাক্য পরস্পর উন্নতভাবে মনেতে উদিত হইয়া পরিপক্ক হইতে থাকে। চতুর্থতঃ যে সকল কথা মনে উদিত হয় তৎপ্রতি আপনার বলিয়া পরিগ্রহ থাকে না, ঈশ্বর স্বয়ং বলিতেছেন বলিয়া স্থির বিশ্বাস হইয়া থাকে। ইহাই সাধারণের মধ্যে সাধ্যযোগ। ঈশ্বরবাণীর পরিপক্কাবস্থাতে ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সম্বন্ধীয় ব্যাপার প্রকৃতভাবে জানা যাইতে পারে।

49. Kinds of manifestation of divine revelation in heart

For the convenience of serving the people and one's own adoration, divine revelation is revealed. Some say that divine revelation is impossible to be reflected on human soul. It is only a mental image. As the supreme being is always actively and consciously present and attached to the soul and presenting future affairs is giving confidence in the heart that being blessed with His mercy the cited authority will be gained and making everyone's mind hanker after having His vision and hearing His speech and being aware of the good and evil of any action before hand, it should not be suspected that there is will of God behind its realization. There is no other means for the fulfillment of this intention without the manifestation of divine revelation in human mind. This is why, the Supreme Being speaks in human heart- this belief is not untrue. Only those who have heard revelation are capable of giving evidence of it. But it is difficult for other to grasp it. Especially the Hindu, the Muslim and the Christian devotees have left different kinds of examples of it in human society and it will be an idiotic act to discard this. If a patient feels any medicine tasteless while taking for recovery, shows aversion to taking this medicine once again. Likewise in case of facing disturbance while concentrating on

prayer of God, a person having aversion to devotion owing to the lack of firm faith, 'divine revelation is impossible to be heard'- having this idea in mind act as per the demand of instinct and remain indulged in worldly affairs. Divine revelation is manifested to human being in four ways. Firstly a line of blue and yellow colour appearing in the heart introduce proper and improper duties through its contraction and expansion. Secondly a sound- mouth that means something like a mouth which can sound, is felt close to the heart. To achieve this two is predestined for a very scanty number of devouts. Thirdly something like a wheel creates strong vibration while going on revolving and word like 'revolve' is felt in it. After some more days message about oneself and others rises in mind clearly. Revolving like a wheel it remains stopped for some days and starts revolving again and it so happens again and again. After vibration for once, such speeches rising in mind one after another get perfection. Fourthly, the messages that rise in devotee's mind is never assumed as his own findings, rather he has firm faith in it as the divine revelation. This is the devotional duties to be accomplished by the common devotees. At the perfected stage of divine revelation anything relating to past, future and present can be known accurately.

৫০। দর্শন-যোগ লাভ করিবার জন্য প্রত্যেকের মনেই সময়ে সময়ে বিশেষ ইচ্ছার উদয় হইয়া থাকে। বিশেষভাবে ঈশ্বরের দর্শন লাভ করাই সাধনের শেষ ফল। মানসিক যোগ যতদিন সংসারেতে থাকে, ততদিন ঈশ্বরানুরাগ স্ফূর্ত্তি প্রাপ্ত হয় না বটে, কিন্তু সিদ্ধ সাধকতার বীজ যাহা অন্তরে নিহিত রহিয়াছে তাহা তাহার মধ্যেও অপ্রকাশরূপে অঙ্কুরিত হইতে থাকে। যে সময়ে মনে একবার ঈশ্বরীয় যোগ উপস্থিত হয় তখন প্রথমতঃ চমৎকার ভাব আসিয়া মনকে কিছুকালের জন্য বিগলিত করে। দ্বিতীয়তঃ প্রতিবিম্ব সদৃশ ভাব উপস্থিত হইয়া আলোকিত বর্ণ দর্শন করায়। কেহ অধিক পরিমাণে মনে বিশেষ ভাব ও কেহ বা অধিক পরিমাণে দর্শনের বিশেষ ভাব লাভ করে। এ সময়ে কেহ কেহ দশা প্রাপ্ত হইয়া অজ্ঞান হয়, কেহ বা ঘূর্ণিত মস্তক হয়। কেহ বা উক্ত প্রকার মনের ভাব ও দর্শন আরম্ভ হইলেও নানা প্রকার গোলযোগে উক্ত মনের ভাব ও দর্শনের অভাবে পড়িয়া অনেক কাল উন্নতির ভাব রহিত হইয়া থাকে, কেহ বা অল্প অল্প বিচ্ছেদের পর পুনর্ব্বার ঐ ভাব ও দর্শন লাভ করিয়া মনে শান্তি প্রাপ্ত হইতে থাকে। এইরূপে দর্শন বিষয়ে উন্নতির সঙ্গে সঙ্গে ঈশ্বরবাণী শ্রবণেরও উন্নতি হইতে থাকে। কেহ কেহ বলেন ঈশ্বর দর্শন বাহিরের চক্ষে হইতে পারে না। ইহা সাধনের তত্ত্ব লাভ না করারই ফলস্বরূপ। বাস্তবিক এই চক্ষু যাঁহা হইতে আসিল, ইহার জ্যোতি যে দিল, এবং স্রষ্টার দর্শনের ইচ্ছাতে মনকে যে পরিপূর্ণ করিল, সে এই চক্ষুর দর্শনীয় না হইয়া লুক্কায়িতভাবে থাকিবে ও চক্ষুর ফল দিবে না, যে তাঁহার শক্তির পূর্ণতায় মনে স্থিরভাবে বিশ্বাস করিয়াছে, তাহার মনে কখনই এই নিরাশের ভাব থাকিতে পারে না। ঈশ্বর সর্ব্বশক্তিমান্, ইহা হৃদয়ে বোধ হইলেও দর্শন দ্বারা ইহার তত্ত্ব বিশেষরূপে হৃদয়ঙ্গম না হইতে পারিলে মনুষ্য মনের দ্বিধা সম্যক্ প্রকারে দূর হইতে পারে না। কেহ স্থূলকে সূক্ষ্ম ও সূক্ষ্মকে স্থূল বলিতে পারে না। কিন্তু প্রত্যেক বস্তু সূক্ষ্ম হইতে উদ্ভূত অথচ স্থূলত্বে পরিণত হইয়া ইন্দ্রিয় গোচর হইতেছে ; ইহা আদি অন্ত চিন্তা করিলে সকলেরই মনে উদিত হইবে। চাক্ষুষ না দেখিলে মনে সর্ব্বপ্রকারের ধারণা হয় না, এই জন্য ঈশ্বর দর্শন বিশেষরূপে লাভ হওয়া

আবশ্যক। প্রত্যেক বস্তুর আদিম সূক্ষ্মভাব দর্শনেন্দ্রিয়ের গোচর হইবে। দর্শনের বাধা সত্ত্বেও তাহা অতিক্রম করিয়া দর্শন-শক্তি প্রবল হইবে ও সকল ইন্দ্রিয়েরই অতীন্দ্রিয় যোগ লাভ হইবে, সাধকের মনে এ আশা সর্ব্বদাই কার্য্য করিতেছে। যেমন চক্ষুর যোগে দর্শনীয় পদার্থ দর্শন হয় এবং মনের মধ্যে রূপের ধারণা চিরকাল অবস্থিতি করিতে থাকে, তদ্রূপ চক্ষু ও মনের যোগ লাভ করিয়া একবার দৃষ্ট বস্তু বারম্বার চক্ষুর গোচর বলিয়া বোধ করে। কিন্তু যে স্থানের ভাব মনেতে উদয় হয় সে স্থানের বস্তু সকল প্রত্যক্ষের ন্যায় বোধ হইলেও উন্মুক্ত চক্ষে দর্শন করিতে দর্শনের মধ্যবর্ত্তী যে সকল বাধা দৃষ্টি রোধ করিতেছে তাহা দূর না হওয়াতে উন্মুক্তভাবে দর্শন লাভ হয় না। সাধন বৃদ্ধির সঙ্গে সঙ্গে মনের শক্তি চক্ষুতে সংলগ্ন হইতে থাকিবে ও সমস্ত বাধা বিঘ্নকে অতিক্রম করিয়া অল্পে অল্পে দৃষ্টি প্রকাশিত হইবে এবং বাহিরের বস্তু গৃহ মধ্য হইতে দৃষ্ট হইবে। ইহারই নাম ঈশ্বর দর্শন। এই দর্শন যাহার আরম্ভ হইবে তাহারই জীবন-মুক্তি লাভ হইবে। ইহাতে কোন ব্যক্তিরই নিরাশ হওয়ার কারণ নাই, কেননা প্রকৃততঃ চক্ষুর ফলই এইরূপ দর্শন।

50. To have vision of God

A special desire rise in everyone's mind from time to time to have vision of Godhead. To have the vision of God is the ultimate result of devotion. It is true that as long as a person has attachment to worldly affairs, his/her devotion is not perfected. But the seed of perfection in devotion that consists in the heart starts to germinate latently. When the divine power is felt for once, firstly an exquisite pleasure softens one's mind for a short period. Secondly the rising of an image like feeling shows illuminated colour. Some attain spiritual

power of vision to a great extent. In this stage some devotees being ecstasied go into coma and some feel giddy. In spite of the beginning of such feeling and vision some devotees loses the power of feeling and having vision owing to different troubles and tribulations and the trend of spiritual upliftment remains repealed for a long time. Again some of the devotees after a little interruption, gaining that feeling and vision enjoy peace in mind. Thus the improvement of the visional affairs and hearing of divine revelation go on simultaneously. Some opine that vision of God is impossible with elementary eye-sight. It is owing to failure to gain the essence of devotion. In terms of the truth the mind of a devotee having firm faith in the fullness of His potency cannot sink in the despair that the supreme being whom these eyes came from, who gave its luster and who filled the mind with the thirst of having vision of God, will remain concealed without being visible to these eyes and will not give the result of eye-sight. Even in case of comprehending that God is omnipotent, if its truth cannot be realized by vision, the hesitancy of human mind cannot be alleviated entirely. Nobody can term any concrete thing subtle and subtle one concrete. But everything originates from subtle one and turning into concrete thing is becoming perceptible- this fact will rise in everyone's mind through contemplation upon the beginning and the end.

Mind doesn't have all kinds of conception without visual perception. Hence to have close vision of Godhead is must. The original subtle state of everything will be perceptible to visual organ. Inspite of impediment on the way of having vision, spiritual eye-sight will be powerful overcoming this and all sense organs will gain insensible power. This expectation is always active in the mind of a devotee. As visible things are seen with eyes and the conception of the received image prevails in mind for ever, likewise the eyes having the assistance of mind feel the seen objects within sight again and again. Though the objects of the place which flashes upon devotee's mind, seem to be within his perception, without the removal of the impediments on the way of having vision that are resisting the spiritual eye-sight to have a sight of God openly is not possible. With the flourishment of devotion, the mental strength will be being united with the eyes and overcoming all the impediments divine eye-sight will be disclosed little by little and the objects outside the house will be seen within the house. This is called vision of God. None but the devotee, who will gain the authority to have vision, will gain salvation. At this nobody needs to be frustrated since this vision is the result of spiritually developed eye-sight in terms of the truth.

যে নিয়মে দর্শন ও শ্রবণ পর্য্যায়ক্রমে উন্নত হইতে থাকে

৫১। ঈশ্বরবাণী শ্রবণের পূর্ব্বে মধ্যে মধ্যে দর্শন-যোগ উপস্থিত হইয়া থাকে। প্রথমতঃ সাধ্য-যোগ উপস্থিত হইয়া ব্যায়াম-যোগেতে মন কুণ্ঠিত হয়। সাংসারিক কর্ম্ম কার্য্য একবার পরিত্যাগ করিয়া পরে বিশেষভাবে সংসারের কার্য্য ও ঈশ্বরীয় কার্য্য এক জানিয়া মন শান্ত হয়; এবং তৎপর আত্মসমর্পণরূপ বর্ত্মের মধ্যে থাকিয়া কার্য্যক্ষেত্রে অকুতোভয়ে দন্ডায়মান হয়। তখন, যে সময়ে ঈশ্বরেতে মনের বিশেষ যোগ হয়, সে সময়ে কেহ নীলবর্ণ কেহ বা রক্তবর্ণ ও কেহ কেহ হরিদ্রাবর্ণ ইত্যাদি আলোক দর্শন করিতে আরম্ভ করে। এইরূপ আলোক আপন আপন হৃদয়নিহিত বর্ণের পরিচায়ক। যে বর্ণে যাহার মনে শান্তি বা অশান্তি হয়, আবশ্যকানুযায়ী সেই বর্ণের আলোক তাহার দর্শনেন্দ্রিয়ের গোচর হয়। ইহাই সাধকত্বের পরিপক্কাবস্থার পূর্ব্বকার্য্য বলিয়া বলা যাইতে পারে। এইরূপ দর্শন আরম্ভ হইলে হৃদয়নিহিত ঈশ্বরীয় যোগ প্রকাশিত হয়। ঈশ্বরবাণী দুই তিনবার কিছু কিছু করিয়া আসিতে থাকে। চার পাঁচ মাস স্থগিত হইয়া পুনর্ব্বার বিশেষভাবে আসিতে থাকে। এই রূপে কার্য্য হইতে হইতে মধ্যে মধ্যে কতক কতক বাণী শ্রবণ ও কতক কতক আলোক দর্শন হইতে থাকে। শান্তিকর দর্শন-যোগ একবার লাভ হইলে পরে সকল প্রকারের মন্দ একযোগে অশান্তিকর বর্ণালোক সময়ে সময়ে উপস্থিত করতঃ মনের নিরানন্দ উৎপাদন করে। এই উভয় শান্তি ও অশান্তিকর বর্ণের আলোক দর্শনের সঙ্গে সঙ্গে শান্তিকর এবং অশান্তিকর শ্রবণ ব্যাপারও হইতে থকে। শ্রবণযোগ আরম্ভের পূর্ব্বে যে একবার শান্তিকর দর্শন ইন্দ্রিয় গোচর হয, তাহা পরে অনেক দিবস পর্য্যন্ত (৬ ছয় বৎসরের অধিককাল নহে) স্থগিত থাকে ও অশান্তিকর দর্শন সম্মুখে প্রকাশিত হয়; কিন্তু তাহা উচ্চ অবস্থার বলিয়া তত অসহ্য হয় না। সংসার বন্ধনের মধ্যে অন্ধকার ও আলোকের ন্যায় যেমন অসুবিধা ও সুবিধার ভাবে মন নিরানন্দ ও আনন্দ ভোগ করে, তদ্রূপ ব্যাপার এই উচ্চ অবস্থার মধ্যেও হইয়া থাকে। এই আনন্দ ও নিরানন্দের মূল উক্ত বর্ণ দর্শনের মধ্যে নিহিত রহিয়াছে। যেমন শুক্ল পক্ষেতে চন্দ্র অল্পে অল্পে অন্ধকার হইতে মুক্ত হইয়া পূর্ণ আলোক লাভ করে, তদ্রূপ শ্রবণযোগ আরম্ভের পূর্ব্বে অল্পে অল্পে মনের বিশেষ শান্তি ও আনন্দকর দর্শন নয়ন গোচর হয়। তৎপর অশান্তি ও নিরানন্দজনক বর্ণালোক দর্শন হইতে হইতে, শ্রাবণযোগ নানা প্রকারে

প্রকাশিত হইয়া বৃদ্ধির সঙ্গে সঙ্গে অল্পে অল্পে অশান্তির ও নিরানন্দকর বর্ণ জ্যোতি হ্রাস হইয়া শান্তির আনন্দকর বর্ণালোক চিরকালের জন্য উদয় হয়, এবং সমুদয় জঞ্জাল দূর হইয়া যায়। তখন সাধক সন্দেহ রহিত হইয়া হৃদয়ে, মস্তকে, উদরে এবং শরীরের অন্যান্য স্থানেও বাহিরে ঈশ্বরবাণী শ্রবণ করে এবং তাহা লোকের নিকট প্রকাশ করিতে সক্ষম হয়। তখন দর্শন ও শ্রবণযোগ একত্রে মিলিত হইয়া যায়। মনে করিলেই দিবারাত্রি সমভাবে অর্থাৎ আলোকে যেমন অন্ধকারেও তেমনি গুরুরূপী শুভ্রবর্ণ জ্যোতির মধ্যে আবশ্যকীয় বস্তু সকলের ভাব দর্শন করিয়া সকল প্রশ্নের সীমাংসা হয় এবং অশান্তি ও নিরানন্দ একেবারে তিরোহিত হইয়া যায়। স্থূল কথা এই যে, দর্শন আরম্ভ হইয়া বাণী শ্রবণ আরম্ভ হয়। পরে মধ্যে মধ্যে দর্শনের ভাব অল্প ও ক্রমে ক্রমে অধিক পরিমাণে শ্রবণের ব্যাপার বৃদ্ধি হইতে থাকে। তখন মনের ভাবানুযায়ী বর্ণালোক অতি অল্পই দর্শন হয়, যে সকল বাণী শুনা যায় তাহাও সময়ে সময়ে নিষ্ফল বলিয়া বোধ হয়। এইজন্যই মনের অশান্তি ও নিরানন্দ হয়। আবার ইচ্ছানুরূপ দর্শন ও বাণী শ্রবণের সফলতা দ্বারা সময়ে সময়ে মনে আনন্দোদ্‌গম হয়। কিন্তু এই উভয় শান্তি ও অশান্তির মধ্যে ঈশ্বরের সহিত যোগের শান্তি কিছুতেই হরণ করিতে পারে না। শেষ দর্শনের পর বাণী শ্রবণের পূর্ণতা হয় ও যাহার যতটুকু আবশ্যক তাহার ততটুকু কার্য্যোপযোগিতা লাভ হইয়া নিরানন্দ চলিয়া যায়। এই পৃথিবীতে অদ্যাপি কেহই এই শেষ সীমায় পদার্পণ করিতে পারেন নাই।

51. The system of the development of vision and hearing by rotation

The divine competence of having vision of God occurs time to time before hearing His revelation. Firstly, being blessed with the power of devotion, devotee's mind is hesitated in posture of meditation. Abandoning worldly duties for once, the mind becomes pacified knowing the worldly and divine service one and the same and thereafter being engaged in surrender-like practice, a devotee stands fearlessly

in the field of action. Then at the time of profound devotion to God some start to have the view of the light of blue colour, some red and some yellow colour. Such type of light is the indicative of the colour lying in their respective heart. The colour which pacifies a devotee's mind or causes disturbance, the light of that colour comes to his visual organ as per necessity. Nothing but this may be termed as the anticipatory actions of the devotional perfection. In case of the commencement of such vision, devotion to Godhead deposited in one's heart is revealed. Divine revelation begins to come little by little twice or thrice. After four or five month's deferment, it begins to come more clearly. During the ongoing period of such action a devotee hears some revelations and has the view of light in some extent. If the peace-giving vision is gained once, all kinds of evils unitedly bring disturbing colorful light time to time and causes sadness of mind. With the vision of both peaceful and afflicting light, hearing of peaceful and afflicting revelation go on simultaneously. The peace-giving vision that comes to the visual organ of a devotee before the beginning of hearing revelation remaining deferred for many days (not more than a period of 6 years) and afflicting vision appears before him. But as it is the lovely state of a devotee, it is not so unbearable. In the midst of worldly attachment as the mind enjoys pleasure and grief, conveniently and inconveniently like darkness and light, same thing also

happens in such an advanced stage. The root of this joy and sorrow lies in that vision of colour. As the moon gets full light in the light-fortnight coming out of darkness little by little, likewise before the commencement of having the hearing power the mindenjoys special peace and delightful sight flashes upon eyes. Thereafter having the vision of peaceless and sorrowful coloured light repeatedly through the manifestation of the power of hearing in different ways and with its increasing peaceless and sorrowful coloured light diminishes little by little and delightful coloured light of peace is revealed for ever and all the troubles are removed. Then the devotee going above all suspicions hear divine revelation in heart, head, belly and in other limbs and also outside the body and he becomes able to tell the people this revelation. In such a stage audio and visual power combines with each other. Then the devotee, as per his sweet will, can see the nature of the essential things in the hollow of white colour in the form of the guide during day and night meaning in light and darkness equally and all questions are solved and all troubles and gloom are disappeared. Generally hearing revelation follows the beginning of vision. Thereafter the trend of vision increases little by little from time to time but the function of hearing begins to increase to a great extent. Then according to the mode of a devotee, coloured light is seen very little. The revelation which are heard, sometimes are thought to be fruitless. This

is why troubles and sadness come to mind. Again the success of vision and hearing of revelation at one's sweet will bring pleasure of mind from time to time. But both peace and troubles cannot take away the peace of divinity. Hearing of revelation is perfected after having vision of God for the last time and sadness disappears through gaining the utility of action as much as one needs. Nobody can reach the utmost limit in the world till today.

বাণীর যুক্ত ভাব ও যুঞ্জান ভাব, ইহার মধ্যে যুঞ্জান ভাব সাম্প্রদায়িকতার মূল

৫২। ঈশ্বরবাণীর যুক্ত ভাব এবং যুঞ্জান ভাব, এই দুই ভাব একজন সাধকের মধ্যে এক সময়ে অবস্থিতি করিতে পারে না। যুক্ত ভাব এই যে, চিন্তা ব্যতীত অনর্গল সর্ব্ব বিষয়ে বাণী প্রকাশ পায়। যুঞ্জান ভাব এই যে, চিন্তা দ্বারা আবশ্যকীয় বিষয়ে বাণী প্রকাশ পায়। বাণী প্রকাশের প্রথমে সময়ে লৌকিক আচার ও ব্যবহারের প্রতি দৃষ্টি না করিয়া হৃদয়ে যাহা প্রকাশ পায়, সাধক তাহাই করিতে প্রস্তুত হয়। কাহারও কথা শুনিতে ইচ্ছা করে না। কতকগুলি কার্য্য এইরূপ করিতে থাকে যে অন্যে তাহা বাতুলতার পূর্ব্ব লক্ষণ বলিয়া মনে করে। এই অবস্থাতে নিতান্ত আত্মীয় লোকদিগের মনেও সন্দেহ আসিয়া অধিকার করে। সহযোগিতাতে যাহাদের বিশেষ নৈকট্য, কেবল তাহারাই পরিনামে মঙ্গল হইবে বলিয়া কথঞ্চিৎ স্থির বিশ্বাস লইয়া থাকিতে পারে এবং নিরাশ হইয়া পরিত্যাগ করে না। এইরূপে কেহ ১০ (দশ), কেহ বা ২০ (বিশ) বৎসর পর্য্যন্তও বিশেষ উন্নতির মুখ না দেখিয়া কাল যাপন করিতে পারে। কেহ বা এই অবস্থার মধ্যে মানবলীলা সংবরণ করে। এই কারণেই মনের ভাব ও কার্য্যের গতি বুঝিতে না পারিয়া বিষয় কর্ম্মে ব্যাপৃত থাকিয়া লোকালয়ে থাকিতে মনের বিশেষ ইচ্ছা থাকে না। কেহ বা উক্ত অবস্থা হইতে উত্তীর্ণ হইয়া বাক্য, ভাব এবং কার্য্য দ্বারা লোকের আশ্চার্য্য উৎপাদন করে। যে সকল ব্যক্তি তাঁহার প্রতি বিশ্বাস স্থাপন করিয়া তাঁহার বাক্যানুসারে আপন জীবনকে চালনা করা আবশ্যক মনে করে, তাহারা এক একটি নূতন সম্প্রদায় সৃষ্ট করে ও পরিচয়ার্থ এক একটি নাম গ্রহণ করে। এইরূপে প্রকাশ্যে ও

গোপনে কত প্রকার সম্প্রদায় সৃষ্টি হইয়াছে তাহার ইয়ত্তা করা সম্ভবপর নহে। সিদ্ধ কার্য্য উপস্থিতির পূর্ব্বে এই সকল সম্প্রদায়িকতার নিবারণ হইয়া একতা সংসাধিত হইবার নহে। যুঞ্জান ভাবে যে বাণী শ্রবণ হয় তাহাই নানা প্রকার মতের মূল ও সাম্প্রদায়িকতার কারণ। বাণীর যুক্ত ভাব উপস্থিত হওয়ার অব্যবহিত পরেই সকল মতের ঐক্যযোগ লাভ হইয়া সকল পার্থক্য চলিয়া যায় ও সন্দেহ নিরাকৃত হয়। মানব জীবন সাধারণভাবে কার্য্য করে না। প্রত্যেকের মধ্যেই বিশেষ বিশেষ যোগ রহিয়াছে। সেইভাবেই সংসার বন্ধন ছিন্ন হইয়া সময়ে সকলেরই সিদ্ধ কার্য্যের যোগ লাভ হইবে। এই অভিপ্রায় সাধিত হইবার জন্য নানা প্রকার কার্য্যে ও ভাবে মানব জীবন কেবল সেই দিকেই চলিয়া যাইতেছে, সন্দেহ মাত্র নাই। বাণী শ্রবণ বিশেষ উন্নতির অবস্থা। মনের স্থিরতার জন্য ঈশ্বর তাহা প্রদান করেন। আবার যাহার যতটুকু কার্য্য নির্দ্দিষ্ট আছে, মন তাহা বুঝিতে না পারিয়া তাহার অতিরিক্ত বিষয়ে ধাবিত হয় বলিয়াই শ্রবণের বাধা ও বুঝিবার গোলযোগ উপস্থিত হয়। সকল সন্দেহ চ্ছেদনের জন্য বাণীর যুক্ত ভাবের সময় উপস্থিত। সাধক! ভাবিয়া দেখ, অবশ্য বুঝিতে পারিবে।

52. There are spontaneity (Juktabhab) and nonspontaneity (Junjanbhab) of revelation. Of the two, mode of non-spontaneity (Junjanbhab) is the root of communalism.

There are spontaneous and non-spontaneous mode of divine revelation. These two modes cannot have their existence in a devotee at a time. Spontaneous mode of divine revelation is the mode which is revealed incessantly regarding any affair without contemplation. In nonspontaneous mode divine revelation is revealed regarding essential affair through contemplation The devotee gets ready to

perform whatever is revealed in his/her heart ignoring formal rituals and code of conduct. He does not like to pay heed to anyone's advice. He begins to do such things which are thought to be the foretoken of insanity by others. In such a situation suspicion grows even in the minds of his close relatives. Only those who are close to him in terms of co-operation can wait having firm faith by some means or other that there will be bliss in fine and do not abandon him. Thus some can pass time without having any symptom of advancement for ten or twenty years. Someone's worldly life comes to an end in such a stage. For this owing to the inability of realizing the state of mind and procedure of actions the devotee does not wish to live in human habitation being engaged in worldly affair. Some uplifting themselves from such a stage astonish people by their speech, sentiment and actions. The people who having faith in him, think it essential to lead their lives according to his advice and make a new community and name it for introduction. It is impossible to number the religious communities created openly or secretly. Before having the actions of spiritual perfection unity cannot be established through the eradication of communalism. The revelation that is heard through non-spontaneous awakening of divinity is the mood of multifarious faiths and cause of communalism. Just after having the power of spontaneous revelation all discriminations vanish and suspicions are refuted. Then human life

does not act as usual. Everyone has particular devotional power within him. Accordingly everyone will attain the opportunity of having the acts of spiritual perfection loosening the attachment to the world. Undoubtedly human life is advancing towards the fulfillment of that desire through different actions and feelings. Hearing of divine revelation is the indicative of his upliftment. Godhead bestows it upon him for the calmness of his mind. Again as a consequence of being attracted to additional adoration failing to realize the volume of deeds pre-determined for him, a devotee has to face the impediment of hearing revelation and confusion of realization. The auspicious time of the spontaneity of divine revelation has arrived to remove all sorts of suspicion. Devout ! contemplate upon this, surely you can perceive it.

জগতে একজন সুখী ও একজন দুঃখী দেখা যায় কেন

৫৩। মনুষ্য মধ্যে কেহ সুখী কেহ দুঃখী, একজন রাজা একজন প্রজা, একজন রোগী একজন সুস্থকায়, ইত্যাদি নানা প্রকার ভাব দেখা যাইতেছে। ঈশ্বর মঙ্গলময় এবং অপক্ষপাতী ; তাঁহার সৃষ্টিতে অমঙ্গল এবং পক্ষপাতীত্ব কি জন্য বিচরণ করিতেছে? ইহার কারণ কেহ কেহ বিশেষতঃ হিন্দু ধর্ম্মাবলম্বীরা পূর্ব্ব জন্মার্জিত কর্ম্মফল বলিয়া অবধারণ করে। পূর্ব্বজন্ম কল্পনা মাত্র। পূর্ব্বজন্মে কে কোথায় ছিল ও কি কার্য্য করিয়া কে জীবন শেষ করিয়াছিল তাহার লেশ মাত্রও কোন ব্যক্তির স্মরণ করিয়া বলিবার সাধ্য নাই। উন্নতির পথে অগ্রসর হইয়া পুনর্ব্বার বয়স্ক লোক, জ্ঞান বুদ্ধির প্রাচুর্য্য সত্ত্বেও অজ্ঞান শিশু হইয়া মাতৃগর্ভে জন্ম গ্রহণ করিবে, ইহা কখনই সম্ভবপর হইতে পারে না। বিশেষতঃ ঈশ্বরের অনন্ত শক্তির প্রভাব কি সৃষ্ট বস্তুর মধ্যেই সীমাবদ্ধ হইল? তিনি কি এক বস্তু ভগ্ন না করিয়া অন্য

বস্তু গঠন করিতে অক্ষম? তিনি কি নূতন বস্তু প্রস্তুত করিতে পারেন না যে এক বস্তুই পুনঃ পুনঃ অপরাপর রূপে গঠন করিয়া তাঁহার অসীম শক্তিকে খাট করিবেন? এইজন্য পুনর্জন্মের কথা অলীক ও কল্পনা মাত্র। প্রত্যেকে বস্তু ও আকৃতি অপ্রয়োজনে বা বিনাশ প্রাপ্তির অভিপ্রায়ে সৃষ্ট হয় নাই, কেননা তাহার প্রত্যেক সৃষ্ট বস্তুর সহিত জগতের চিরসম্বন্ধ রহিয়াছে। ঈশ্বরের কার্য্য সকলই পূর্ণ। অপূর্ণ ভাব যাহা তাঁহাতে দৃষ্ট হয় তাহা তাঁহার কার্য্য প্রণালী আলোচনা করিয়া বিশেষ তত্ত্ব হৃদয়ঙ্গম হইলে, বোধ হইবে যে এই বাহ্য অপূর্ণতার আবরণে পূর্ণতা অভ্যন্তরে আছে। অতিশয় ক্ষুদ্র বীজ হইতে অতি বৃহদাকার বট বৃক্ষের উৎপত্তি হইয়া থাকে। ক্ষুদ্রবুদ্ধি মনুষ্য দ্বারা কত কত আশ্চর্য্য কার্য্য সম্পাদিত হইতেছে। যতই অধ্যবসায়ের সহিত চেষ্টা হইতেছে ততই নূতন নূতন বিষয় সকল আবিষ্কৃত হইয়া মনুষ্যের আশ্চর্য্য উৎপাদন করিতেছে। ঈশ্বরের ইচ্ছা ইহলে নিতান্ত তুচ্ছ বস্তুর দ্বারাও মহৎ কার্য্য সম্পাদিত হইতে পারে, সকলেই ইহা স্বীকার করিবেন সন্দেহ নাই। কোন কোন বিজ্ঞানবিৎ পন্ডিত ঈশ্বরের সর্ব্বশক্তি ও মঙ্গলভাবের প্রতি সংশয় প্রকাশ করেন। ইহার কারণ এই যে তাঁহারা জানেন না আংশিক শক্তি ও অমঙ্গলের ভাব সৃষ্টিতে না থাকিলে সর্ব্বশক্তির কোন গৌরবই মনে উদয় হইতে পারে না। যদি অন্ধকার না থাকিত তবে আলোকের জন্য মন ব্যগ্র হইত না ; যদি অপূর্ণতা না থাকিত তবে পূর্ণতার জন্য কেহই পিপাসু হইত না। অভাব হইলেই মন ভাবানুসন্ধান করে। যদি অভাব পূরণের জন্য মনের বেগ না হইত, যদি অসার দেখিয়া মনের উচ্ছ্বাস সারের দিকে না যাইত, তবে বুঝিতাম যে ঈশ্বরের শক্তি সীমাবদ্ধ। যখন তাহা হয় না ও সর্ব্বদাই মন উন্নতি হইতে উন্নতির দিকে ধাবিত হইতেছে, তখন ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে শক্তিহীনতা অমঙ্গল যাহা সংসারে দৃষ্ট হয়, তাহা ঈশ্বরের সর্ব্বশক্তিমত্তারই পরিচয় দিতেছে। এইক্ষণ পূর্ব্বজন্ম না থাকিলে তাহার কোন কার্য্যের ফলাফলের সহিত বর্ত্তমান সময়ের মঙ্গলামঙ্গলের কোন সম্বন্ধ নাই ইহা স্থিরীকৃত হইল। নানা প্রকার বিশৃঙ্খলা ও অমঙ্গলের মধ্যেই ঈশ্বরের পূর্ণতা লুক্কায়িত আছে ইহাও বিবেচিত হইল। বিশেষতঃ সুখ দুঃখ মনেতে। বাহিরের কার্য্যের যোগ হৃদয়ে না হইলে সুখ ও দুঃখের অনুভব হয় না। অনেক সময় বাহিরের দুঃখ সত্ত্বেও মনের শান্তি স্থিরভাবে অবস্থিতি করে। বহু জন ও ধন সম্পত্তি চতুর্দিকে বর্ত্তমান, অথচ অনেক সময় মনের শান্তি থাকে না। এ স্থলে মানসিক শান্তি ও অশান্তির পরিমাণ নিশ্চিত না হইলে কোন্ ব্যক্তি সুখী ও কোন ব্যক্তি দুঃখী তাহা স্থির করা কঠিন। কুটীরস্থ ভিক্ষুক দিনান্তে একাহার

করিয়াও যে সুখ অনুভব করে, রাজসিংহাসনস্থ রাজাও অনেক সময় তাহা পাইতে ইচ্ছা করেন। অথচ সুখ ও দুঃখ, সম্পদ ও বিপদ পর্য্যায়ক্রমে গমনাগমন করিতেছে ও মনুষ্যের মনকে আপন আপন গম্যস্থান ঈশ্বরের দিকে টানিয়া লইয়া যাইতেছে। মনুষ্য আপন আপন ভাবে কার্য্য করিতেছ। উন্নতির পথে অগ্রসর হইবার জন্য যাহার নিমিত্ত যে প্রণালী নির্দ্দিষ্ট আছে,

তাহার মধ্য দিয়া জানিত বা অজানিতভাবে জীবনের আশা সফল করিবার জন্য প্রধাবিত হইতেছে। অভ্যাস যোগেতে একজনের নিকট যাহা সুখ বলিয়া বোধ হয়, তাহাই অন্যের নিকট দুঃখের ভাব প্রদান করে। আবার একজনের নিকট যাহা ভাল, অন্যের নিকট সেইরূপ কার্য্য ভাল বোধ হয় না। এইজন্য বাহিরে কার্য্য দৃষ্টে এই ব্যক্তি সুখী ও এই ব্যক্তি দুঃখী, এইরূপ বিচার করে অলীক ও অজ্ঞানতার কার্য্য। বাহিরের দুঃখের ব্যাপারের মধ্যে যে ব্যক্তি কিছুকাল থাকিয়া ঈশ্বরের প্রেম লাভ করিয়াছে তিনিই তাহা বুঝিয়াছেন। তিনি বুঝিয়াছেন যে বাহ্য সুখ ও দুঃখের ব্যাপার অতি তুচ্ছ। তিনি রাজসিংহাসন, ধন-সম্পত্তির সুখের জন্য লালায়িত হয়েন না। এক সময়ে একজন দুঃখী ও অসুখী হইলেও সময়ান্তরে তাহার দুঃখ দূর হইয়া সুখের ভাব এত অধিক হয় যে পূর্ব্বের সকল দুঃখ সে ভুলিয়া যায়। এক সময়ের অভাব অন্য সময়ে পূরণ হইয়া সুখ দুঃখের তারতম্য দূর হইয়া যায় ; এইজন্য কোন্ প্রকারের দুঃখ কি সুখের মধ্য দিয়া কোন্ সময়ে ঈশ্বর কাহাকে কি পরিমাণে শান্তি দিতেছেন তাহা মানুষ বুঝিতে অক্ষম। অতএব এ বিষয়ে কেবল এই মাত্র ধারণা মনে রাখা আবশ্যক যে প্রত্যেক মনুষ্য অন্যের সহিত তুল্য পরিমাণে সুখ ও দুঃখ ভোগ করিতেছে। ঠিক ভাবে পরিমাণ করিতে পারিলে সুখ দুঃখের ব্যক্তিগত তারতম্য কখনই অনুভূত হইতে পারে না। যে ব্যক্তি এই বৈলক্ষণ্য মনে রাখিয়া কার্য্য করে তাহার নিকট স্বর্গীয় সুসংবাদ আসিতে পারে না।

53. Why one is seen happy and another is unhappy in the world.

him for the calmness of his mind. Again as a consequence of being attracted to additional adoration failing to realize the volume of deeds pre-determined for him, a devotee has to face the impediment of hearing revelation and confusion of realization. The auspicious time of the spontaneity of divine revelation has arrived to remove all sorts of suspicion. Devout ! contemplate upon this, surely you can perceive it. Among human beings someone is seen happy, another is unhappy, one is king, another is subject, one is patient and another is healthy and different kinds of conditions like these. The Supreme Being is auspicious and impartial; why evil and partiality are prevailing in his creation. Some people, particularly the followers of Hinduism think it to be the consequence of deeds acquired in pre-natal existence. Pre-natal existence is only hypothesis. No one possesses the potency of disclosing even the trace of where he was existing and performing what sorts of actions breathed his last in pre-natal existence through recollection. It never can so happen that advancing on the way of upliftment an aged human being, in spite of having abundance of knowledge and wisdom, will be born of womb again. Especially does the influence of unlimited potence of the supreme being have limitations within his created things and beings? Is he

unable to form thing without destroying other? Can't he make a new thing that he will humiliate his omnipotence forming the same thing in different shape repeatedly? This is why the system of transmigration is only fictitious and imaginary. No object and appearance have been created unnecessarily or with a view to being destroyed because the universe has an eternal relation with his every created thing and being. All the actions of Godhead are perfect. If the innermost truth is realized through analyzing his mode of actions, one can understand that perfection lies under the cover of external imperfection which is apparently seen in his play. A gigantic banyan tree originates from a very tiny seed. So many wonderful acts are being performed by a person of weak intellect. The more attempts are being made steadfastly, the more new inventions are astonishing human being undoubtedly. Everyone will admit that a noble task can be performed even by a quite trifling object by the will of God. Some scientists expresses doubt about the omnipotence and the auspiciousness of the Supreme Being. The reason of it is that they do not know if there had been no symptom of partial potency and evil trend in the creations, the glory of omnipotence could have not risen in mind. If there had been no darkness, mind would have not been eager for light, if there had been no imperfection, nobody would have felt thirsty for perfection. When the mind goes blank, it searches for ecstasy. If there had been no eagerness of mind for

the fulfilment of blankness, if realizing the vanity, the emotion of mind had not run to essence, I would have understood that the potence of God is limited. As it does not happen so and the mind is advancing more and more, it must be admitted that impotency and evil which is seen in the wordly affairs are indicative of the omnipotence of the Absolute Being. Now it has been decided that as there is no pre-natal existence, good and evil of the present time are not related to the consequences of the actions of the former existence. It has also been settled that the perfection of Godhead lies in various disorders and evil. In fact weal and woe are mental feelings. Without the relation of the worldly affairs with heart, weal and woe will not be felt. Many a time one can enjoy peace of mind in spite of external affliction. Again in many cases, living even in the midst of many friends and relations and much wealth, mind cannot enjoy peace. In connection with this matter if the amount of peace and troubles is not measured, it is difficult to ascertain who is happy and who is unhappy. Even a king seated on the throne longs for the happiness which a beggar living in a cottage enjoys having only one meal at the close of a day. But weal and woe, adversity and prosperity are appearing and disappearing by turns and are attracting human mind to their respective destination, the Supreme Being. Human beings are acting as per their sweet will. To advance on the way of upliftment, a devotee is running fast knowingly or unknowingly

through the ways and means of adoration determined for him to fulfill the desire of life. Due to habitual fact what is happiness to one, is not felt so to others. So, on the ground of external actions to declare one happy and other unhappy is false and an act of ignorance. A devotee who has achieved love of Absolute Being living an apparent sorrowful life for a short period has realized it. He has realized that external weal and woe is a very trifling matter. He does not hanker after the royal throne and riches and wealth. Though, once a man is miserable and unhappy, with the removal of miseries, in course of time, the feeling of happiness becomes so much that he forgets all former afflictions. The differences of happiness and misery is removed afterwards through the fulfillment of wants of a particular period. This is why it is very tough to realize when and what sorts of punishment on whom God is imposing through what kind of misery and happiness. Hence a man should have only this conception that every human being is undergoing joy and sorrow in comparison with others. In case of exact measurement, the individual's joy and sorrow can never be felt. The devotee who acts remembering this contrariety, the divine good message cannot come down on him.

প্রকৃত বিবাহ

৫৪। বিবাহ কার্য্য জীবনের মধ্যে সর্ব্বাপেক্ষা গুরুতর। জগতে যে যেরূপ বিহারে প্রথা প্রচলিত আছে তাহা বাহ্যিক বন্ধনের ব্যাপার। যে সমাজে উভয় সম্মতি মতে কার্য্য হয়, তাহাতেও বাহ্য বিষয়কে অনেক পরিমাণে লক্ষ্য করে। আন্তরিক ঐক্য বন্ধন যে কি এক স্বর্গের সম্পত্তি, তাহা মনুষ্য বিশেষরূপে প্রাপ্ত হওয়া দূরে থাকুক, অদ্যাপি জানিতেও সক্ষম হয় নাই। যে আন্তরিক ঐক্য দ্বারা দুই শরীর এক হয় ও সংসার এবং স্বর্গ এক স্থানে মিলিত হয় তাহারই নাম বিবাহ। বিবাহকার্য্য সিদ্ধ যোগেতে আছে। মনের শান্তি, সাংসারিক ও ঐশ্বরিক যোগ, সকলই প্রকৃত বিবাহের শুভ ফল। বিবাহকার্য্যে ব্যত্যয় ঘটাতেই পৃথিবী রোগ, শোক ও মৃত্যুর বিষময় ফল প্রসব করিতেছে। পৃথিবীতে শুভ যাহা কিছু আছে- তাহার মূল আধ্যাত্মিক প্রেমযোগ; ইহা ঈশ্বর ইচ্ছাতে স্ত্রী ও পুরষদিগের হৃদয়ে কিছু জানিত ও কিছু অজানিতভাবে বিচরণ করিতেছে। আধ্যাত্মিক ভাবে মিলনের যোগ পূর্ব্বে উপস্থিত না হইলে, কোন ব্যক্তির সহিত কোন ব্যক্তির প্রেম হইতে পারে না। যত বিবাদ বিসম্বাদ প্রভৃতি অমঙ্গলের ব্যাপার দেখা যায়, তাহাও আধ্যাত্মিক বিষমযোগের ফল। কিন্তু শারীরিক বিবাহযোগ বিশেষ ভাবে থাকিলে, অন্ততঃ এ সমুদয় অমঙ্গলের সংশোধন হইতে পারিত, তাহাও না থাকা অমঙ্গলের কারণ সন্দেহ নাই। বিবাহযোগ ধর্ম্মের ন্যায় সকল প্রকারের বিষমযোগ হইতে রক্ষা করিয়া গরলকে অমৃতে পরিণত করে, প্রত্যেকের জন্য জগতে যাহা আবশ্যক তাহা আনয়ন করে এবং জগতের সহিত মানুষকে আত্মীয়ভাবে মিলিত করে। শান্ত ভাবে যাহারা ঈশ্বর সাধনে রত, আধ্যাত্মিক ভাবে তাহাদের বিবাহের যোগ আরম্ভ হয়। বিবাহযোগ শরীরেতে কার্য্য না করিলে তাহা সাধনের শেষ ফল লাভ করিতে পারিবে না। মানুষ সংসার পরিত্যাগ ও ভাই বন্ধু সকল হইতে দূরে গমন করিয়া, নানা প্রকার সাধন অবলম্বন পূর্ব্বক, কেহ বা শরীর পরিত্যাগ করিয়াছেন, কেহ বা জীবিত থাকিয়াও আপন অভীষ্ট লাভে অদ্যাপি হৃদয়কে পরিতৃপ্ত করিতে পারেন নাই। তাঁহারা বিবাহযোগ লাভ না করিয়া জীবনাশা সফল করিতে পারিবেন না। চৈতন্য, বিবাহযোগ সাধনের কণ্টক ও তাহা এ সময়ে প্রকৃতরূপে হইতে পারে না জানিয়া স্বয়ং ডোর কৌপিন ধারণ পূর্ব্বক শিশ্রগণকে এই দৃষ্টান্তের অনুসরণ করিতে পথ প্রদর্শন করিয়া মানবলীলা সংবরণ করিয়া গিয়াছেন। যাঁহারা জীবন-মুক্ত

হইয়াছেন বলিয়া লোকেতে প্রকাশ আছে, তাঁহাদের জীবন কোথায় যে তাহা দেখিয়া জীবন-মুক্তির লক্ষণ উপলব্ধি হইবে? বাস্তবিক কেহই অদ্যাপি জীবন-মুক্তি লাভ করিতে পারেন নাই। এমন সময় শীঘ্রই আসিবে, যখন ঈশ্বর মানবগণ সফল মনোরথ হওয়ার জন্য প্রকৃত বিবাহযোগ পৃথিবীতে আনিয়া দিবেন ও পরমানন্দ লাভে কৃতার্থ করিবেন।

54. True marriage

Marital rite is the most important thing in life. The customs which are in practice in the world, are the matter of external relation. Importance is also given to the external affair of a marriage ceremony to a great extent even in the society where marriage is solemnized with the consent of both the bride and bride groom. Human being even could not know what a valuable divine wealth, the heart-felt unity is till today, let alone gaining it properly. The heart- felt unity through which two bodies merges into oneness and the world and the heaven combine together is called marriage. The rite of marriage lies in the devotional perfection. Peace of mind, worldly and divine affairs all are the auspicious consequences of true marriage. Owing to the transgression in marital rite, the earth is producing very harmful effect. Spiritual love lies at the root of whatever auspicious things exist in the world. This tie of love is existing in the heart of both the male and female by the will of God some of what is known and some is unknown to each of them. If the chance of spiritual union is not

bestowed beforehand, there cannot be tie of love between two persons. All ominous affairs like quarrel and contradiction that are found, are also the effect of spiritual deficiency. But if there had been proper corporeal marital relation, at least all these evils could have been cleansed. There is no doubt that absence of at least this kind of marriage is the cause of misfortune. True marital tie like devotion saves human beings from all sorts of odds and turns poison into nectar; brings what is essential for everyone in the world and unite human beings with the world like relatives. Those who are devoted to God calmly, the auspicious moment of their marriage begins spiritually. If the spirit of marriage does not have any effect on body, they cannot gain the ultimate result of devotion. Leaving house-hold life and going far from the kith and Kins, some of them breathed their last adopting different adorations. Again some others could not achieve their respective target and satisfy their heart in spite of being alive. They will not be able to fulfil their desire without having the tie of true marriage. Considering the marital affair as hindrance to devotion and it couldn't be solemnised truly at that time, Chaitanya himself wearing dore koupin (small piece of cloth with waist band,) and showing his disciples the path to follow this precedent ended his worldly play. Where are the lives of those who are known to the people to have spiritual freedom during life-time and seeing that the token of spiritual freedom

will be felt? Infact no one could attain freedom spiritually till today during life time. Such a time will come soon when the supreme being will bring the system of true marriage for the fulfiment of desire of the human beings and make them successful in enjoying rapturous delight.

মুক্তি

৫৫। শরীর ও আত্মার ভাব ও কার্য্যের ঐক্য-ভাবের নাম মুক্তি। যদিচ শরীর ও আত্মা একই এবং ব্রহ্মভূত পদার্থ তথাপি এ উভয়ের ভাব ও কার্য্যে বহু পার্থক্য দৃষ্ট হয়। এই প্রভেদ চলিয়া গিয়া যখন একতার কার্য্য হইবে, তখনই বিকার শূন্য হইয়া মন আনন্দময় হইবে ও মানুষ মুক্তি লাভ করিবে। হিন্দুশাস্ত্রে এই মুক্তি সমীপ্য, সারূপ্য, সাযোজ্য, সালোক্য, কৈবল্য, নির্ব্বাণাদি নানা প্রকার লিখিত আছে। কিন্তু উক্ত সকল প্রকার মুক্তিই যে শরীর অবস্থানে জীবগণ লাভ করিতে পারিবে মানুষের মনে এমত ভাব ও বিশ্বাস আছে বলিয়া বোধ হয় না। লোকের ধারণা যে কেবল মুক্তির আরম্ভ মাত্র এ জীবনে দেখা যাইতে পারে। খ্রীষ্টান ও মুসলমান প্রভৃতি কয়েক সম্প্রদায়ের মতে "ডে অব্ ট্রায়েল" "রোজ্ হাসর্" অর্থাৎ শেষ বিচারের একটি দিন সকলের জন্যই নির্দ্দিষ্ট আছে। সে সময়ে লোকের পাপ ও পুণ্য কার্য্য ঈশ্বর সাক্ষাৎ বিচার হইয়া প্রত্যেক মৃত মনুষ্য সমাধি হইতে উত্থান পূর্ব্বক নিজ নিজ কর্ম্মানুযায়ী ফলভোগ করিবে, তাহাদের শাস্ত্রে এইরূপ লিখিত আছে। ইহার দ্বারা ও মৃত্যুর পরেই মুক্তি, ইহাই উপলব্ধি হইতেছে। এইক্ষণ দেখিতে হইবে যে মৃত্যুর পর বিকার-মূলক সুখ দুঃখ অবিকৃত আত্মাতে কার্য্য করিতে পারে কি না? যদি পারে এমত কেহ বলেন, তবে তিনি আত্মার স্বরূপ অবগত নহেন। স্থূলরূপে যাহা দর্শন হয় কেবল তাহাতেই, ঈশ্বর হইতে পৃথক ভাবে মনের যোগ স্বরূপে সুখ দুঃখের কার্য্য প্রত্যক্ষ হয়। সূক্ষ্ম আত্মাতে দুঃখ নাই বলিয়াই অনেকে দুঃখের আধিক্য হইলে এইরূপ মনে করিয়া থাকেন যে এই শরীর ত্যাগ করিলেই সকল দুঃখের অবসান হইবে। বাস্তবিক পরমাত্মার সহিত জীবাত্মার

কোন প্রভেদ নাই, কেবল জীবাত্মা শরীরে থাকিয়া কর্ম্মফল ভোগ করে, পরমাত্মা কোন কর্ম্মফল ভোগ করে না। জীবাত্মা ও পরমাত্মার পার্থক্য প্রতিপাদন না করিলে এই কথার সামঞ্জস্য হইতে পারে না বলিয়াই, দুই পক্ষের একটি সাক্ষী স্বরূপ ও একটি ফলভোগী উপনিষদে এইরূপ ভাবের বাক্য লিখিত হইয়াছে। শরীর পরিত্যাগ হওয়ার পূর্ব্বে আত্মাতে আমিত্বের যোজনা দ্বারা ঈশ্বর হইতে আমি পৃথক, মনে এই একটি যোগ অবস্থিতি করে। শরীর ব্যতীত তাহা থাকিতে পারে না ; সুতরাং মুক্তি ও বন্ধন, সুখ ও দুঃখাদি শুভাশুভ অনুভূত। কেবল আত্মাতে তাহা তিষ্ঠিয়া থাকিতে পারে না। কাজেই শরীর ধ্বংস হইলে যে মুক্তি তাহা ঊর্ম্মিমালা মহাসাগরের জলে বিলীন হইয়া যাওয়ার ন্যায় অন্তর্মিতযোগ। এই প্রকার মুক্তি যে কাহারও প্রার্থনার ভাবের মধ্যে আছে তাহা বোধ হয় না। "আমাকে তুমি সম্পূর্ণরূপে অধিকার কর" অথবা "আমি তোমাতে মিশিয়া যাই" ইত্যাদি সকল প্রকারের প্রার্থনার অভ্যন্তরেই এই ভাবটি নিহিত রহিয়াছে যে, আমার অস্তিত্বের বোধটি যেন থাকে। শরীর বিনা এই অস্তিত্ব বোধ থাকিতে পারে না, এইজন্য আপন আপন শরীর অবস্থানে যে মুক্তি তাহাই মনুষ্যের প্রার্থনীয়। প্রতিনিয়ত ঈশ্বর সমীপে স্থিতিজ্ঞানের নাম সামীপ্য মুক্তি। সকলই তাঁহার রূপ, এইরূপ দৃঢ় বিশ্বাস ও সর্ব্বদা মনে ভাব, ইহার নাম সারূপ্য মুক্তি। সর্ব্বদা তাঁহাতে হৃদয়, মন ও শরীরের যোগ, ইহার নাম সাযোজ্য মুক্তি। তাঁহার সহিত যাহাদের বিশেষ যোগ আছে তাহাদের সহিত সর্ব্বদা সহবাস, এইরূপ বিশেষ জ্ঞানের নাম সালোক্য মুক্তি। কেবল একমাত্র তিনিই সকল, এতদুপলব্ধির নাম কৈবল্য মুক্তি। তাঁহাতে একবারে সমাধি হওয়ার নাম নির্ব্বাণ মুক্তি। ইহার প্রত্যেক প্রকারের মুক্তির ভাবই এ জীবন থাকিতে হইতে পারে, ভাবুক হৃদয় ইহা অস্বীকার করিবে না। এই মুক্তি কেহই অদ্যাপি লাভ করিতে পারে নাই। সময়ে সময়ে যে সকল মহাপুরুষগণ জগতে আগমন করিয়াছিলেন তাঁহারা তাঁহাদের আপন মত কয়েকটি লোকের মধ্যে প্রচার করিয়াই লীলা সংবরণ করিয়া গিয়াছেন। তাঁহারা জীবন-মুক্তি রূপ সিদ্ধযোগ লাভ না করাতেই জগতে একমত সংস্থাপন করিতে সমর্থ হন নাই। তাঁহাদের সাময়িক প্রয়োজনীয় কার্য্য যাহার যেরূপে করা আবশ্যক ছিল, তাহাই তাঁহারা করিয়া গিয়াছেন। তাঁহাদের প্রচারিত সত্য সকল জগতে সংক্রামিত হইয়া একতার যোগই দিতেছে সন্দেহ নাই। ঐক্যভাব সম্পাদনের বিশেষ সময় এইক্ষণ উপস্থিত। ব্রাহ্ম সমাজ ইহার পূর্ব্বকার্য্য আরম্ভ করিয়াছেন। এ সময়ে একটি পূর্ণ সিদ্ধ ব্যক্তির আবশ্যক হইয়া পড়িয়াছে ; যাঁহার জীবন-মুক্ত-ভাব দর্শনে আস্থা

স্থাপন করিয়া সকলেই বিশুদ্ধ ব্রহ্মযোগে দীক্ষা লাভ করিবে। সকলেই এই জীবন-মুক্তির অধিকারী, কাহারও নিরাশ হইবার কারণ নাই। সর্ব্ব প্রকারের পার্থক্য পরিত্যাগ করিয়া সকলেই নাম-যোগ সাধন করিলে অমরত্বের যোগে জগতে একতা আসিবে ও ধর্ম্ম মতের আর অনৈক্য থাকিতে পারিবে না। ঈশ্বর এবং তাঁহার নাম এক এবং একই ; এ উভয়ের কোন পার্থক্য নাই। ঈশ্বরেতে যাহা আছে তাঁহার নামেও তাহা আছে, ইহাতে স্থির বিশ্বাস হইলে অন্য প্রকার সাধনের কোন আবশ্যক থাকে না। এই নাম-যোগের পর ধ্যানযোগ লাভ করিয়া মনুষ্য শরীর সাধন পূর্ব্বক রোগ, শোক ও মৃত্যু হইতে নির্ভয় ও জীবন-মুক্ত হইবে।

55. Salvation

The uniformity of the feeling of the nature and function of the body and soul is called salvation. Though body and the soul is identical and divine elements, there are many distinctions in their nature and actions. United actions will be performed through the alleviation of the distinctions and just then the mind becoming free from vitiation will enjoy ecstasy and human being will gain salvation. Different kinds of salvations like contiguous (Samipya), identical (sarupya), concentrative (sayojya), coexistent (salokya) absolute (koibalya), are cited in the Hindu scriptures. But it cannot be thought that human being has the idea and faith in gaining all kinds of salvation in physical existence on earth. A man thinks that only the initial stage of salvation can be seen. As per the scriptural ordinance of the Christians, the Muslims and some other faiths "Day of trial"- Roje Hasor meaning a day for the final judgment has been fixed

for everyone. On that day through the performance of the last trial of the sinful and virtuous deeds in presence of Godhead, every human being rising from the cemetery will undergo the consequences of their respective deeds. Such precepts are written in their scriptures. It also causes the realization that salvation may be attained after death. Now it should be judged that whether mutable weal and woe can affect unperverted soul or not. If anyone opines that it can do so, he is not aware of the nature of the soul. Thinking oneself apart from Godhead under the influence of egoism, the acts of weal and woe are noticed only in whatever is seen apparently. As there is no tribulation in the subtle soul, in case of excessive afflictions many a man think that all sorts of tribulations will come to an end through the abandonment of body. In fact there is no distinction between the individual soul and the supreme spirit. The mere distinction is that the individual soul living in the body undergoes the result of actions but the supreme spirit does not do so. There cannot be consistency of the above statement without ascertaining the difference between the individual soul and the supreme spirit and so instructive statement like "of the two birds, one is like a witness, another enjoys and suffers consequences" has been written in the Vedanta philosophy. Before departing from the body through the combination of egoism with the soul, one feels to be separate existence from Godhead. Without body it can exist nowhere; so salvation and

confinement, evil and good like weal and woe are felt. They cannot exist only in the soul. Hence the salvation after the destruction of body is like merging of the waves into the vast water of ocean.

It does not seem that such type of salvation lies in anyone's prayer. The intention "May the sense of my existence sustain" consists in all kinds of ways and means of prayer like "Possess me wholly" or "Let me be merged into You" The sense of this existence is impossible without body. This is why the salvation in presence of respective body is proper to be prayed for. The sense of constant presence close to the Godhead is contiguous (samipya) salvation. To have a firm faith and constant feeling in mind that all images are of Him is identical (Sarupya) salvation. Constant contact of heart, mind and body with him is called concentrative (Sayojya) salvation. A special sense of having constant co-habitation with those who have divine connection with him is called co-existent (Salukya) salvation. To realize "He and only He is all" is the sole (koibalya) salvation. To be completely absorbed in his meditation is called absolute salvation (Nirbana). A contemplative heart will not deny that every kind of salvation is attainable during life time. None could attain such kind of salvation till today. From time to time the great men, who had appeared on the earth, ended their worldly play only preaching their respective faith among a scanty number of people. They failed to establish only one religious

faith all over the world as they could not gain success like attaining freedom from desire. They passed away performing their respective pre-determined duties which were needed to be done for that time. There is no doubt that the truth preached by them being spread in the world is bearing the trend of universal unity. The auspicious moment of enforcing the tendency of unity has just arrived. The Brahma society has already launched its preparatory campaign. Now a man of spiritual perfection has become essential. Seeing the manner of his salvation and faith in it, each and every one will be consecrated into the ideal of the absolute being. All are authority for this salvation. Nobody needs to despair. Ignoring all sorts discriminations if everyone performs chanting the holy names, unity will be established in the world due to immortality and disunion cannot exist. Godhead and his name is one and the same. There is no distinction between the two. In case of having firm faith in the maxim "Everything that consists in the Supreme Being, also consists in His name",- no other kind of devotion is needed for a devotee. After accomplishing the act of chanting His name a devotee is blessed with the act of meditation and becomes free from the fright of diseases, lamentation and death and will attain absolute salvation through the sanctification of body.

The End